# বাংলাদেশ

# বার্ষিক মানবাধিকার প্রতিবেদন ২০২১

অধিকার

প্রকাশকাল: ৩১ জানুয়ারি ২০২২

# মুখবন্ধ

স্বৈরশাসক লেফটেন্যান্ট জেনারেল হুসেইন মুহাম্মদ এরশাদ এর সামরিক শাসনের বিরুদ্ধে সংগ্রামে অংশ নেয়া কয়েকজন মানবাধিকারকর্মী, আইনজীবী ও শিক্ষকের উদ্যোগে ১৯৯৪ সালের ১০ অক্টোবর মানবাধিকার সংগঠন *অধিকার* প্রতিষ্ঠিত হয়। গত ২৭ বছর ধরে *অধিকার* জনগণের নাগরিক, রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক অধিকার রক্ষায় নিরন্তর সংগ্রাম করে চলেছে। *অধিকার* রাষ্ট্রের হাতে সংঘটিত সমস্ত মানবাধিকার লঙ্ঘনের ঘটনাগুলো তুলে ধরে জনগণকে সচেতন করা এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত নাগরিক ও রাজনৈতিক অধিকারের বিষয়ে প্রচারাভিযান চালানো, প্রতিবাদ জানানো এবং রাষ্ট্রকে মানবাধিকার লঙ্ঘন থেকে বিরত রাখবার জন্য সব সময়ই সচেষ্ট থেকেছে। দেশে কর্তৃত্ববাদী সরকার ব্যবস্থা চালু থাকার কারণে ব্যাপকভাবে মানবাধিকার লঙ্ঘনের ঘটনা ঘটছে। *অধিকার* মানবাধিকারের এই পরিস্থিতি পর্যবেক্ষণ করে এবং দেশের বিভিন্ন জেলার মানবাধিকারকর্মীদের পাঠানো প্রতিবেদন ও বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত তথ্য-উপাত্তের ওপর ভিত্তি করে এই বার্ষিক মানবাধিকার প্রতিবেদন ২০২১ প্রকাশ করেছে।

*অধিকার* তার মানবাধিকার সংক্রান্ত কর্মকাণ্ড পরিচালনা করতে গিয়ে ২০১৩ সাল থেকে চরম রাষ্ট্রীয় নিপীড়ন ও হয়রানির সম্মুখিন হচ্ছে। রাষ্ট্রের চলমান হয়রানি ও প্রতিবন্ধকতা সত্ত্বেও *অধিকার* মানবাধিকার লংঘনের বিষয়গুলো তুলে ধরছে। সরকার কর্তৃক নিপীড়ন, নিয়ন্ত্রণ ও মতপ্রকাশের স্বাধীনতায় হস্তক্ষেপের কারণে *অধিকারকে* তার মানবাধিকার সংক্রান্ত কর্মকাণ্ড পরিচালনার ক্ষেত্রে প্রবল বাধার সম্মুখিন হতে হয়েছে এবং প্রতিবেদন প্রকাশের ক্ষেত্রে সেল্ফসেন্সরশিপ আরোপ করতে হয়েছে।

দেশী-বিদেশী মানবাধিকারকর্মী, সহযোগী সংগঠন এবং শুভানুধ্যায়ী যাঁরা *অধিকারকে* বিভিন্নভাবে সহযোগিতা করেছেন এবং *অধিকারের* সঙ্গে সংহতি প্রকাশ করেছেন *অধিকার* তাঁদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছে। তাঁদের এই সহযোগিতা ও সংহতি মানবাধিকার লঙ্ঘনের বিরুদ্ধে *অধিকারএর* সংগ্রামকে শক্তিশালী করেছে।

*অধিকার* ওয়েবসাইট: www.odhikar.org
ফেসবুক: Odhikar.HumanRights
টুইটার: @odhikar_bd

# সূচীপত্র


সারসংক্ষেপ ........ ১

*বিচারবহির্ভূত হত্যাকাণ্ড* ........ ১০

*আইন প্রয়োগকারী সংস্থা ও নিরাপত্তা বাহিনীর নির্যাতন, মর্যাদাহানিকর আচরণ ও জবাবদিহিতার অভাব* ........ ১১

*গুম* ........ ১৩

*কারাবন্দিদের মানবাধিকার লজ্ঘন ও মৃত্যু* ........ ১৬

*মৃত্যুদণ্ড প্রথা ও মানবাধিকার লংঘন* ........ ১৭

*গণপিটুনীতে মানুষ হত্যা* ........ ১৭

খ. সাংবিধানিক ও রাষ্ট্রীয় প্রতিষ্ঠান........ ১৮

*নির্বাচন কমিশন ও নির্বাচনী ব্যবস্থা* ........ ১৮

*পৌরসভার নির্বাচন* ........ ১৯

*চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও অন্যান্য নির্বাচন* ........ ২১

*ইউনিয়ন পরিষদের নির্বাচন* ........ ২২

*দুর্নীতি ও দুর্নীতি দমন কমিশন* ........ ২৪

*জাতীয় মানবাধিকার কমিশন* ........ ২৫

*বিচার বিভাগের স্বাধীনতা* ........ ২৫

গ. রাজনৈতিক সহিংসতা........ ২৬

ঘ. সভা-সমাবেশের স্বাধীনতা ........ ২৮

ঙ. মতপ্রকাশের স্বাধীনতা........ ৩২

*নিবর্তনমূলক আইনের প্রয়োগ, ডিজিটাল নিরাপত্তা ও নজরদারী* ........ ৩৩

*সংবাদ মাধ্যমের স্বাধীনতা এবং সাংবাদিকের ওপর হামলা* ........ ৩৪

চ. শ্রমিকদের অধিকার ........ ৩৬

*তৈরি পোশাক শিল্প শ্রমিকদের মানবাধিকার লজ্ঘন* ........ ৩৬

*অন্যান্য শিল্পের শ্রমিকদের ওপর নিপীড়ন* ........ ৩৮

*বাংলাদেশের নাগরিকদের ঝুঁকিপূর্ণ সাগর পাড়ি* ........ ৪০

ছ. নারীর প্রতি সহিংসতা........ ৪০

*ধর্ষণ* ........ ৪০

*বখাটেদের দ্বারা উত্ত্যক্তকরণ ও যৌন হয়রানি* ........ ৪১

*যৌতুক সহিংসতা* ........ ৪২

*এসিড সহিংসতা* ........ ৪২

জ. ধর্মীয় সংখ্যালঘু ও ক্ষুদ্রজাতিগোষ্ঠির নাগরিকদের মানবাধিকার লংঘন........ ৪৩

ঝ. বাংলাদেশ এবং এর প্রতিবেশী রাষ্ট্র ........ ৪৪

*বাংলাদেশের ওপর ভারতের আধিপত্য বিস্তার অব্যাহত* ........ ৪৪

*ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী কর্তৃক মানবাধিকার লংঘন* ........ ৪৫

*রোহিঙ্গা জনগোষ্ঠির মানবাধিকার লংঘন* ........ ৪৭

ঞ. মানবাধিকার কর্মকাণ্ডে বাধা........ ৫০

## সারসংক্ষেপ

১. পাকিস্তানের স্বৈরতান্ত্রিক শাসনের বিরুদ্ধে ১৯৭১ সালে যে মুক্তিসংগ্রাম সংগঠিত হয়েছিল; তার মূল লক্ষ্য ছিল একটি গণতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থা প্রতিষ্ঠা। কিন্তু ২০২১ সালে বাংলাদেশের ৫০ বছর পূরণ হওয়ার পরও গণতান্ত্রিক রাষ্ট্র গঠনের সেই লক্ষ্য পুরণ হয়নি। বর্তমানে কর্তৃত্ববাদী শাসনের অধীনে একটি নিপীড়নমূলক ব্যবস্থা চালু রয়েছে; যা মুক্তিযুদ্ধের মূলনীতি সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক ন্যায়বিচারের পরিপন্থী।

২. বর্তমান সরকার জনগণের ভোটের অধিকার কেড়ে নিয়ে প্রহসনমূলক নির্বাচনের[১] মধ্যে দিয়ে ক্ষমতা কুক্ষিগত করায় দেশে গণতন্ত্র, জবাবদিহিতা ও আইনের শাসনের ক্ষেত্রে ব্যাপক শূন্যতা তৈরি হয়েছে এবং সরকারের নৈতিক ও আইনী সংকট সৃষ্টি করেছে। ফলে ক্ষমতায় থাকার জন্য সরকার দমন-পীড়নের পথ বেছে নিয়েছে। রাষ্ট্রীয় বাহিনী ও ক্ষমতাসীনদলের নেতাকর্মীরা বেপরোয়াভাবে মানবাধিকার লঙ্ঘনে নিয়োজিত থাকায় নিপীড়নের মাত্রা আরো ব্যাপকতর হয়েছে।

৩. জনগণের ম্যান্ডেট ছাড়া ক্ষমতায় আসার কারণে সরকারের জবাবদিহিতা ও আইনের শাসন না থাকায় এবং অকার্যকর বিচার ব্যবস্থার কারণে ২০২১ সালে নাগরিকরা গুম, বিচারবহির্ভূত হত্যাকাণ্ড এবং নির্যাতনসহ আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের দ্বারা বিভিন্ন ধরনের মানবাধিকার লংঘনের শিকার হয়েছেন। রাজনৈতিক প্রতিপক্ষ, সরকারের সমালোচক ও ভিন্নমতাবলম্বীদের দমন করার কাজে সরকারের পক্ষে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের ব্যবহার করার কারণে এইসব বাহিনীর সদস্যরা দায়মুক্তি ভোগ করেছে এবং বেপোরায়া হয়ে উঠেছে। এই সময়ে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের বিরুদ্ধে নির্যাতন করে হত্যা, ক্রসফায়ারে হত্যার ভয় দেখিয়ে টাকা আদায়,[২] বিরোধী রাজনৈতিক কর্মীর পায়ে গুলি, ব্যবসায়ীকে আটক করে মালামাল লুট,[৩] নিরাপরাধ নাগরিকদের গ্রেফতারের ভয় দেখিয়ে টাকা আদায়,[৪] নির্যাতন করে টাকা আদায়,[৫] অবৈধ আটকাদেশ,[৬] আটক করে মুক্তিপণ দাবি,[৭] হয়রানীসহ[৮] বিভিন্ন অভিযোগ রয়েছে।

৪. ২০২১ সালে ধারণক্ষমতার চেয়ে অতিরিক্ত বন্দি ছিল কারাগারগুলোতে। দেশের ৬৮টি কারাগারের মধ্যে প্রায় অধিকাংশ কারাগারের কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে কারাগারে আটক বন্দিদের ওপর নির্যাতন[৯]সহ

---

[১] ২০১৪ সালের ৫ জানুয়ারি'র দশম জাতীয় সংসদ নির্বাচন প্রায় সমস্ত রাজনৈতিক দলের বর্জন সত্ত্বেও আওয়ামী লীগ একতরফাভাবে অংশ নেয়। এই বিতর্কিত নির্বাচনে জনগণ তাঁদের ভোটাধিকার থেকে বঞ্চিত হন এবং ১৫৩ জন সংসদ সদস্য ভোটগ্রহণের আগেই বিনাপ্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন। ২০১৮ সালের ৩০ ডিসেম্বর একাদশ জাতীয় সংসদ নির্বাচনেও ক্ষমতাসীন আওয়ামী লীগ মনোনীত প্রার্থীদের পক্ষে আধিকাংশ ভোটকেন্দ্রে আগের রাতে ব্যালট পেপারে সিল মেরে বাক্সে ভরে রাখা, জাল ভোট দেয়া, ভোটারদের প্রকাশ্যে ক্ষমতাসীনদলের প্রার্থীদের ভোট দিতে বাধ্য করা, কেন্দ্র দখল ও বিরোধীদল মনোনীত প্রার্থীদের এজেন্টদের আটক ও বের করে দেয়া এবং ভোটারদের ভয়ভীতি প্রদর্শনসহ অন্যান্য অনিয়মের ঘটনা ঘটে, যা ছিল নজিরবিহীন।

[২] প্রথম আলো, ১৯ ফেব্রুয়ারি ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/ক্রসফায়ারের-ভয়-দেখিয়ে-চাঁদা-আদায়ের-অভিযোগে-দুই-পুলিশসহ-তিনজনের-নামে-মামলা প্রথম আলো, ৯ এপ্রিল ২০২১; https://www.prothomalo.com/bangladesh/crime/ক্রসফায়ারেও-দেওয়া-হতে-পারেদুই-কোটি-টাকা-রেডি-করেন

[৩] প্রথম আলো, ১২ অগাস্ট ২০২১; https://epaper.prothomalo.com/?mod=1&pgnum=16&edcode=71&pagedate=2021-8-12

[৪] প্রথম আলো, ১৪ জুলাই ২০২১; https://epaper.prothomalo.com/?mod=1&pgnum=6&edcode=71&pagedate=2021-7-14

[৫] প্রথম আলো ২৫ অক্টোবর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/বগুড়ায়-ওসির-বিরুদ্ধে-নির্যাতন-ও-ঘুষ-আদায়ের-অভিযোগ

[৬] প্রথম আলো, ১ অক্টোবর ২০২১; https://epaper.prothomalo.com/?mod=1&pgnum=6&edcode=71&pagedate=2021-10-

[৭] প্রথম আলো, ২৫ অগাস্ট ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/মুক্তিপণের-টাকা-আনতে-গিয়ে-জনতার-হাতে-আটক-সিআইডির-তিন-সদস্য

[৮] প্রথম আলো, ২০ ফেব্রুয়ারি ২০২১; https://epaper.prothomalo.com/?pagedate=2021-2-20&edcode=71&subcode=71&mod=1&pgnum=1&type=a

[৯] প্রথম আলো, ৪ মার্চ ২০২১; https://www.prothomalo.com/bangladesh/crime/চট্টগ্রামে-কারাগারে-বন্দী-নির্যাতনের-অভিযোগ-তদন্তে-পিবিআই

বিভিন্ন ধরনের অনিয়ম ও দুর্নীতি করার ব্যাপক অভিযোগ পাওয়া গেছে। সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ও এই ব্যাপারে তদন্ত করে সত্যতা পেয়েছে।[১০]

৫. বাংলাদেশে মৃত্যুদণ্ড বিদ্যমান থাকায় সারাদেশে বছরের পর বছর ধরে ব্যাপক সংখ্যক অভিযুক্ত কনডেম্ড সেলে (নির্জন প্রকোষ্ঠে) বন্দি ছিলেন।[১১] মৃত্যুদণ্ডপ্রাপ্তদের বেশীর ভাগই দরিদ্র, স্বল্পশিক্ষিত ও সুবিধাবঞ্চিত মানুষ।[১২] নিম্ন আদালতে মৃত্যুদণ্ডের রায় দেয়ার পর থেকে অভিযুক্তদের কনডেমন্ড সেলে বন্দি থাকতে হয়; যা অত্যন্ত নিষ্ঠুর এবং অমানববিক।

৬. ২০২১ সালেও গণপিটুনিতে মানুষ হত্যার ঘটনা অব্যাহত ছিল। রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোর প্রতি আস্থা কমে যাওয়ায় সাধারণ মানুষের মধ্যে আইন নিজের হাতে তুলে নেয়ার প্রবণতা তৈরী হয়েছে।

৭. আওয়ামী লীগ সরকার সকল গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে দলীয়করণের মাধ্যমে তাদের আজ্ঞাবহ প্রতিষ্ঠানে পরিণত করে তার রাজনৈতিক পরিকল্পনা বাস্তবায়নে ব্যবহার করেছে। এই কারণে নির্বাচন কমিশন, দুর্নীতি দমন কমিশন, জাতীয় মানবাধিকার কমিশনসহ বিভিন্ন প্রতিষ্ঠানগুলো অকার্যকর প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। এই সময়ে বিচার বিভাগের স্বাধীনতা ক্ষুণ্ণ হয়েছে[১৩] এবং আওয়ামী লীগ সরকার বিচার বিভাগের ওপর ব্যাপকভাবে হস্তক্ষেপ করেছে বলে অভিযোগ রয়েছে। নির্বাচন কমিশন বর্তমান সরকারের আজ্ঞাবহ হয়ে দেশের নির্বাচন ব্যবস্থাকে ধ্বংস করে দিয়েছে। এই পরিস্থিতিতে ২০২১ সালের নির্বাচনগুলো (স্থানীয় সরকার নির্বাচন এবং জাতীয় সংসদের উপ-নির্বাচন) অধিকাংশ জায়গায় ক্ষমতাসীনদলের নেতা-কর্মীদের একতরফা নিয়ন্ত্রণ, ভোটকেন্দ্র দখল ও বিরোধীদলের এজেন্টদের বের করে দেয়াসহ বিভিন্ন অনিয়মের মধ্যে দিয়ে অনুষ্ঠিত হয়। পূর্ববর্তী সময়ের প্রহসনমূলক নির্বচনের অভিজ্ঞতার কারণে বিরোধীদলের প্রার্থীরা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করা থেকে বিরত থেকেছেন। ফলে অনেক জায়গায় সরকারিদলের প্রার্থীরা বিনাপ্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। বিশেষ করে ইউনিয়ন পরিষদ নির্বাচনে অতীতের তুলনায় অনেক বেশী প্রার্থী বিনাপ্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন।[১৪]

৮. ২০২১ সালে দুর্নীতির প্রভাবে দেশের সাধারণ জনগণের জীবন-জীবিকা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হলেও দুর্নীতি কমিশনকে এই ক্ষেত্রে কার্যকর ভূমিকা পালন করতে দেখা যায়নি। এই সময়ে ক্ষমতাসীনদলের নেতাকর্মী ও সরকার সমর্থক বিভিন্ন শ্রেণী-পেশার ব্যক্তি এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে উন্নয়নের নামে লুটপাট, অবৈধ ব্যবসা, টেন্ডারবাজি, চাঁদাবাজি, দরিদ্রদের ত্রাণ আত্মসাৎসহ[১৫] বিভিন্ন দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। স্থানীয় সরকার মন্ত্রণালয়ে কাজ পেতে হলে মোটা অংকের টাকা উৎকোচ দিতে হয় বলে অভিযোগ রয়েছে।[১৬]

৯. ২০২১ সালেও জাতীয় মানবাধিকার কমিশন সরকারের প্রতি আনুগত্যমূলক আচরণ করেছে। ফলে বিচারবহির্ভূত হত্যা-গুম-নির্যাতনের মতো গুরুতর মানবাধিকার লঙ্ঘনের ঘটনাগুলো কমিশন পাশ কাটিয়ে গেছে এবং নাগরিকদের মতপ্রকাশের স্বাধীনতা ব্যাপকভাবে লঙ্ঘন হলেও এই ব্যাপারে নিশ্চুপ থেকেছে বলে অভিযোগ রয়েছে।[১৭]

১০. ২০২১ সালে ক্ষমতাসীনদলের নেতা-কর্মীদের দুর্বৃত্তায়ন, সহিংসতা ও অভ্যন্তরীণ কোন্দল বরাবরের মতোই অব্যাহত ছিল। এই সময়ে ইউনিয়ন পরিষদের নির্বাচনকে কেন্দ্র করে এবং বিভিন্ন স্বার্থ সংশ্লিষ্ট

---

[১০] সমকাল, ১৮ সেপ্টেম্বর ২০২১; https://samakal.com/bangladesh/article/210977704/

[১১] সময়ের আলো, ৩০ জানুয়ারি ২০২১; https://www.shomoyeralo.com/details.php?id=131398

[১২] প্রথম আলো, ১৮ জুন ২০২১; https://www.prothomalo.com/bangladesh/দেশে-মৃত্যুদণ্ডের-আসামিদের-মধ্যে-দরিদ্র-মানুষ-বেশি-গবেষণা

[১৩] New Age 31 October 2021; https://www.newagebd.net/article/153331/

[১৪] প্রথম আলো ২১ ডিসেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/বিনা-ভোটেই-৩৪৮-চেয়ারম্যান

[১৫] নয়াদিগন্ত ১৬ মে ২০২১, https://www.dailynayadiganta.com/barishal/582165/

[১৬] যুগান্তর ২৮ নভেম্বর ২০২১; https://www.jugantor.com/todays-paper/city/492125/

[১৭] প্রথম আলো ৩১ অগাস্ট ২০২১; https://www.prothomalo.com/bangladesh/বন্দুকযুদ্ধে-হত্যাগুমের-মতো-ঘটনা-পাশ-কাটাচ্ছে-মানবাধিকার-কমিশন

দ্বন্দ্বের কারণে ক্ষমতাসীন আওয়ামী লীগের অভ্যন্তরীণ কোন্দল ব্যাপক আকার ধারণ করে। এই রাজনৈতিক সহিংসতার ফলে বহু লোক হতাহতের শিকার হন।

১১. ২০২১ সালে বিরোধী রাজনৈতিকদল, ভিন্নমতাবলম্বী ও বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে আন্দোলনকারী সংগঠনের শান্তিপূর্ণ মিছিল-সমাবেশে আইন প্রয়োগকারী সংস্থা এবং সরকারিদলের নেতা-কর্মীদের বাধা, হামলা এবং নিপীড়ণ অব্যাহত ছিল। অনেক ক্ষেত্রে আইন প্রয়োগকারী সংস্থা এবং সরকারিদলের নেতা-কর্মীরা যৌথভাবে হামলা করেছে ভিন্নমতাবলম্বী ও বিরোধীদলের নেতা-কর্মীদের ওপর।[১৮] এমনকি বাড়ির ভেতরে ঘরোয়া বৈঠকের আয়োজন করলে সেখানেও পুলিশ হামলা করেছে[১৯] এবং বৈঠক থেকে বিরোধীদলের নেতা-কর্মীদের আটক করে তথাকথিত নাশকতা করার পরিকল্পনার অভিযোগে মামলা দায়ের করেছে।[২০] এই সময়ে বিরোধীদলের মিছিল ও সমাবেশে পুলিশ গুলি চালিয়েছে [২১] এবং সমাবেশে যোগ দেয়ার কারণে বিরোধীদলীয় নেতা-কর্মীদের আটক করে রিমান্ডে নিয়ে পুলিশ তাঁদের ওপর নির্যাতন চালিয়েছে।[২২] স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর অনুষ্ঠানে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ঢাকা সফরের প্রতিবাদে বিক্ষোভ এবং হরতাল চলাকালে পুলিশ ও বিজিবির গুলিতে ১৯ জন নিহত এবং শতাধিক আহত হয়েছেন।[২৩]

১২. ২০২১ সালে কর্তৃত্ববাদী সরকার অবাধ তথ্যপ্রবাহ রোধে নাগরিকদের বাক, চিন্তা, বিবেক ও মতপ্রকাশের স্বাধীনতা ব্যাপকভাবে লঙ্ঘন করে তাঁদের বিরুদ্ধে মামলা দায়ের ও গ্রেফতারসহ বিভিন্ন নিপীড়ন চালিয়েছে। সংবাদ মাধ্যমের ওপর সরকারের চাপ থাকায় বিভিন্ন ঘটনা গণমাধ্যমে প্রকাশিত না হলেও তা সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে প্রকাশিত হয়েছে। এই অবস্থায় সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোকেও সরকার ব্যাপক নজরদারির মধ্যে নিয়ে আসে[২৪] এবং নিবর্তনমূলক ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ ব্যাপকভাবে প্রয়োগ করে। এছাড়া সরকার নিবর্তনমূলক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬ (সংশোধনী ২০০৯ ও ২০১৩)ও বহাল রেখেছে।[২৫]

১৩. এই বছরে সাংবাদিকরা ক্ষমতাসীনদলের নেতা-কর্মী ও প্রভাবশালীদের হামলার শিকার হয়েছেন। [২০২১ সালের ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম ইনডেক্স] অনুযায়ী ১৮০টি দেশের ওপর রিপোর্টার্স উইদাউট বর্ডার এর পরিচালিত জরিপে বাংলাদেশের অবস্থান ১৫২তম (স্কোর ৪৯.৭১), যা গত বছরের চেয়ে একধাপ পিছিয়েছে।[২৬]

১৪. ২০২১ সালে শ্রমিকরা বিভিন্নভাবে মানবাধিকার লঙ্ঘনের শিকার হয়েছেন। সরকার এবং কারখানা কর্তৃপক্ষের দমননীতি এবং অবহেলার কারণে এই সময়ে ঢাকা, চট্টগ্রাম ও নারায়ণগঞ্জসহ বিভিন্ন জেলায় শ্রমিকরা হতাহতের শিকার হয়েছেন। ব্যাপক সংখ্যক শিশু শ্রমিক এখনও বিভিন্ন কারখানায় কাজ করছে এবং হতাহতের শিকার হয়েছে। তৈরি পোশাক শিল্পের শ্রমিকদের না জানিয়ে কারখানা বন্ধ করে দেয়া, শ্রমিক ছাঁটাই ও সেই সঙ্গে বেতন সঠিক সময়ে প্রদান না করার ঘটনায় শ্রমিকরা বিক্ষোভ করলে পুলিশ তাঁদের ওপর হামলা করেছে।

---

[১৮] মানবজমিন ২৬ মার্চ ২০২১; https://mzamin.com/article.php?mzamin=267771

[১৯] প্রথম আলো ১৮ ডিসেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/টঙ্গীতে-বিএনপির-ঘরোয়া-সভায়-পুলিশের-বাধা-লাঠিপেটার-অভিযোগ

[২০] যুগান্তর, ৫ মে ২০২১; https://www.jugantor.com/todays-paper/bangla-face/418484

[২১] নয়াদিগন্ত, ৪ জানুয়ারি ২০২১; https://www.dailynayadiganta.com/more-news/553437/

[২২] যুগান্তর, ২ মার্চ ২০২১; https://www.jugantor.com/politics/398065, প্রথম আলো ১ মার্চ ২০২১; https://www.prothomalo.com/bangladesh/capital/ছাত্রদলের-১৩-নেতাকর্মী-রিমান্ডে

[২৩] প্রথম আলো, ৮ এপ্রিল ২০২১ https://www.prothomalo.com/bangladesh/নিহতের-সংখ্যা-কত-১৩-১৫-না-১৬

[২৪] প্রথম আলো, ৩ জুন ২০২১; https://www.prothomalo.com/bangladesh/ফেসবুক-ও-ইউটিউবকে-নিবন্ধনের-আওতায়-আনতে-চায়-সরকার

[২৫] নিউএজ ২০ সেপ্টেম্বর ২০২১; https://www.newagebd.net/article/149627/bnp-leader-jailed-for-7yrs-for-distorting-photos-of-hasina-manmohan

[২৬] ডেইলি স্টার, ২০ এপ্রিল ২০২১; https://www.thedailystar.net/world/news/world-press-freedom-index-finds-journalism-blocked-over-100-countries-2080641, Also available at: https://rsf.org/en/bangladesh

১৫. দরিদ্র জনগোষ্ঠীর বেকার যুবক এবং বিরোধীদলের নেতাকর্মী ও ভিন্নমতাবলম্বীদের বিরুদ্ধে মামলা দায়েরসহ বিভিন্ন নিপীড়ন অব্যাহত থাকায় অনেকেই জীবনের ঝুঁকি নিয়ে মানব পাচারকারীদের খপ্পরে পড়ে দূর্গম পথে বিদেশে পাড়ি দিতে গিয়ে জীবন হারিয়েছেন অথবা আটক হয়ে মানবেতর জীবনযাপন করছেন। লিবিয়া ও তিউনিসিয়া থেকে ভূমধ্যসাগর পাড়ি দিয়ে ইউরোপ যাত্রার ক্ষেত্রে নৌকা ডুবে অনেক অভিবাসন প্রত্যাশী বাংলাদেশী নাগরিকদের মৃত্যু হয়েছে।[২৭]

১৬. ২০২১ সালে বিপুল সংখ্যক নারী যৌতুক, ধর্ষণ, যৌন হয়রানি এবং এসিড নিক্ষেপসহ পারিবারিক সহিংসতার শিকার হয়েছেন। অকার্যকর বিচার ব্যবস্থার কারণে ধর্ষকদের শাস্তি না হওয়ায় ভিকটিমরা বিচার থেকে বঞ্চিত হয়েছেন। ফলে দেশে ব্যাপকভাবে ধর্ষণের ঘটনা বৃদ্ধি পেয়েছে। ২০২১ সালে ধর্ষণের ঘটনাগুলো পর্যালোচনা করে দেখা যায় যে, শিশু ধর্ষণের ঘটনা মারাত্মকভাবে বেড়েছে।[২৮] এই সময়ে ক্ষমতাসীনদলের নেতাকর্মীদের বিরুদ্ধে নারীদের ধর্ষণ ও যৌন হয়রানি এবং পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে নারী ধর্ষণের অভিযোগ রয়েছে।[২৯] যৌন হয়রানির প্রতিবাদ করায় প্রতিবাদকারীদের ওপর দুর্বৃত্তরা হামলা চালিয়েছে।[৩০]যৌন হয়রানির শিকার হয়ে অনেক নারী বিশেষ করে কিশোরীরা আত্মহত্যা করেছেন। যৌতুক দেয়া ও নেয়া দণ্ডনীয় অপরাধ এবং নারী ও শিশু নির্যাতন আইন ২০০০ অনুযায়ী যৌতুক সহিংসতা একটি শাস্তিযোগ্য অপরাধ হওয়া সত্ত্বেও ২০২১ সালে যৌতুকের দাবিতে নারীদের ওপর সহিংসতা ব্যাপকভাবে বিদ্যমান ছিল। এই সময়ে এসিড সহিংসতার শিকার বেশীর ভাগই ছিলেন নারী ও শিশু।

১৭. ২০২১ সালে ক্ষুদ্রজাতিগোষ্ঠির নাগরিককে হত্যা, ধর্মীয় সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের নাগরিকদের বাড়িঘরে হামলা ও উপাসনালয় ভাংচুরের ঘটনা ঘটেছে। এই সময়ে কুমিল্লা শহরে দূর্গাপূজা মণ্ডপে হনুমান মূর্ত্তির পায়ের ওপরে পবিত্র কোরআন রাখাকে কেন্দ্র করে দেশের বিভিন্ন জেলায় সহিংসতার ঘটনা ঘটে।[৩১]

১৮. ২০২১ সালে বাংলাদেশের ওপর ভারত সরকারের আধিপত্য বিস্তার অব্যাহত ছিল। বঙ্গোপসাগরে মহীসোপানে[৩২] বাংলাদেশের প্রাপ্য অংশকে নিজেদের অংশ দাবি করে জাতিসংঘে ভারত সরকার আপত্তি জানিয়েছে।[৩৩] এই সময়ে সীমান্ত এলাকায় বাংলাদেশের মধ্যেকার রাস্তা-ঘাট বা কোন স্থাপনা নির্মাণ বা সংস্কারে বিএসএফ বাধা দিয়েছে।[৩৪] আধিপত্য বিস্তারের পাশাপাশি বাংলাদেশ-ভারত সীমান্তে বিএসএফ কর্তৃপক্ষ কর্তৃক বাংলাদেশী নাগরিকদের হত্যা, নির্যাতন ও ধর্ষণের ঘটনা অব্যাহত ছিল।

১৯. ১ ফেব্রুয়ারি মিয়ানমারে সেনা অভ্যুত্থানের মাধ্যমে অং সান সুচির সরকারকে ক্ষমতাচ্যুত করা হয় যখন রোহিঙ্গা জনগোষ্ঠির সদস্যদের হত্যা, গুম, গণধর্ষণ, ঘরবাড়ী পুড়িয়ে দেয়াসহ বিভিন্ন ধরণের নির্যাতন ও সহিংসতার বিরুদ্ধে দুটি আন্তর্জাতিক আদালতে তদন্ত চলছিল।[৩৫] এরপর থেকে মিয়ানমারে থাকা অবশিষ্ট

---

[২৭] প্রথম আলো, ১৪ জুন ২০২১; https://www.prothomalo.com/bangladesh/এক-মাসে-উদ্ধার-৫২৯-বাংলাদেশি

[২৮] প্রথম আলো, ১২ জানুয়ারি ২০২১; https://www.prothomalo.com/bangladesh/crime/চট্টগ্রামে-ধর্ষণের-শিকার-৬৪-শিশু-কিশোরী

[২৯] যুগান্তর, ১২ অগাস্ট ২০২১; https://www.jugantor.com/national/453262/, প্রথম আলো ৮ ডিসেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/এসআইয়ের-বিরুদ্ধে-গভীর-রাতে-হোটেলের-কক্ষে-ঢুকে-মেয়ের-সামনে-মাকে-ধর্ষণের-অভিযোগ

[৩০] প্রথম আলো, ১৫ এপ্রিল ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/উত্ত্যক্তের-প্রতিবাদ-করায়-বখাটেদের-হামলা-আহত-৭

[৩১] প্রথম আলো ১৫ অক্টোবর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/সারা-দেশে-গ্রেপ্তার-শতাধিককঠোর-অবস্থানে-সরকার

[৩২] পৃথিবীর মহাদেশগুলোর চর্তুদিকে স্থলভাগের যে অংশ অল্প অল্প ঢালু হয়ে সমুদ্রের পানির মধ্যে নেমে গেছে তাকে মহীসোপান বলে।

[৩৩] প্রথম আলো, ১৮ এপ্রিল ২০২১; https://www.prothomalo.com/bangladesh/সাগরে-মহীসোপানের-দাবি-বাংলাদেশের-জাতিসংঘে-আপত্তি-ভারতের

[৩৪] যুগান্তর, ২৯ মে ২০২১; https://www.jugantor.com/country-news/425710/ডেইরি স্টার, ২৩ মার্চ ২০২১; https://www.thedailystar.net/bangla/শীর্ষ-খবর/সিলেট-সীমান্তে-মসজিদ-পুনর্নির্মাণে-বিএসএফর-বাধা-212345

[৩৫] প্রথম আলো, ২ ফেব্রুয়ারি ২০২১; https://epaper.prothomalo.com/?pagedate=2021-2-2&edcode=71&subcode=71&mod=1&pgnum=1&type=a

রোহিঙ্গাদের দেশ ছাড়া করার জন্য বিদেশী নাগরিক হিসেবে নাম তালিকাভুক্তি করতে ন্যাশনাল ভেরিফিকেশন কার্ড (এনভিসি) নিতে চাপ সৃষ্টি করেছে সেনাবাহিনী। রাখাইনে (আরাকানে) রোহিঙ্গাদের ওপর মানবাধিকার লংঘনের ঘটনা ঘটতে থাকায় মিয়ানমার থেকে বাংলাদেশে তাঁদের প্রবেশ অব্যাহত ছিল।[৩৬] জাতিসংঘসহ আন্তর্জাতিক মানবাধিকার সংগঠনগুলোর আপত্তি[৩৭] থাকা সত্ত্বেও বাংলাদেশ সরকার রোহিঙ্গা শরণার্থীদের ভাসানচরে স্থানান্তর করে। কিন্তু রোহিঙ্গারা অভিযোগ করেছেন, ভাসানচরে নিয়ে আসার আগে তাঁদের যেসব প্রতিশ্রুতি দেয়া হয়েছিল, সেগুলোর অনেকগুলোই পূরণ করা হয়নি। এই অবস্থায় ভাসানচর থেকে জীবনের ঝুঁকি নিয়ে রোহিঙ্গা শরণার্থীদের পালিয়ে যাওয়ার ঘটনা ঘটেছে।[৩৮]

২০.২০২১ সালেও *অধিকার* এর ওপর ক্ষমতাসীনদের নিপীড়ন অব্যাহত ছিল। ২০১৩ সালে *অধিকার* এর সেক্রেটারি আদিলুর রহমান খান এবং পরিচালক নাসির উদ্দিন এলান এর বিরুদ্ধে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬ (সংশোধিত ২০০৯) এ দায়ের করা মামলার কার্যক্রম শুরু করে সাইবার ট্রাইব্যুনাল। ২০১৪ সালে *অধিকার* সংস্থার নিবন্ধন নবায়নের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীনস্থ এনজিও বিষয়ক ব্যুরোতে আবেদন করলেও ২০২১ সালেও তা নবায়ন হয়নি। *অধিকার* এর সঙ্গে সংশ্লিষ্ট মানবাধিকারকর্মীরা মানবাধিকার লঙ্ঘনের বিষয়ে সোচ্চার থাকার কারণে নজরদারির মধ্যে রয়েছেন।[৩৯]

---

[৩৬] ঢাকা ট্রিবিউন, ১২ জুন ২০২১; https://www.dhakatribune.com/bangladesh/rohingya-crisis/2021/06/12/body-of-rohingya-woman-two-children-recovered-from-naf-river

[৩৭] বাংলা ট্রিবিউন, ৩১ মে ২০২১; https://www.banglatribune.com/683183/

[৩৮] প্রথম আলো, ১৪ অগাস্ট ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/ভাসানচর-থেকে-পালানোর-চেষ্টা-ট্রলারডুবিতে-২৭-রোহিঙ্গা-নিখোঁজ

[৩৯] অধিকারএর সঙ্গে সংশ্লিষ্ট রাজশাহীর মানবাধিকার কর্মীর পাঠানো প্রতিবেদন

# মানবাধিকার লঙ্ঘনের পরিসংখ্যান: জানুয়ারী - ডিসেম্বর ২০২১*

| মানবাধিকার লঙ্ঘনের ধরন | | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল | মে | জুন | জুলাই | আগস্ট | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বিচারবহির্ভূত হত্যাকাণ্ড | ক্রসফায়ার | ২ | ৭ | ৩ | ১ | ৬ | ১ | ৬ | ৫ | ৪ | ২ | ১০ | ৬ | ৫৩ |
| | নির্যাতনে মৃত্যু | ১ | ০ | ০ | ২ | ১ | ০ | ০ | ১ | ০ | ০ | ২ | ১ | ৮ |
| | গুলিতে নিহত** | ০ | ০ | ২১ | ৯ | ০ | ০ | ০ | ০ | ০ | ৫ | ৬ | ৪ | ৪৫ |
| | পিটিয়ে হত্যা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ১ |
| | **মোট** | **৩** | **৭** | **২৪** | **১২** | **৭** | **১** | **৬** | **৬** | **৫** | **৭** | **১৮** | **১১** | **১০৭** |
| গুম | | ১ | ০ | ১০ | ১ | ০ | ৪ | ১ | ১ | ০ | ১ | ১ | ৩ | ২৩ |
| কারাগারে মৃত্যু | | ৩ | ৪ | ৩ | ৬ | ৫ | ৭ | ৬ | ১৫ | ৫ | ৭ | ৬ | ৫ | ৭২ |
| মৃত্যুদণ্ড | মৃত্যুদণ্ডাদেশ | ৪০ | ৫৬ | ৫৬ | ০ | ০ | ০ | ০ | ১০ | ২৭ | ২৪ | ২৪ | ৮৩ | ৩২০ |
| | মৃত্যুদণ্ড কার্যকর | ০ | ০ | ০ | ০ | ০ | ২ | ১ | ০ | ০ | ২ | ০ | ০ | ০৫ |
| বিএসএফ কর্তৃক মানবাধিকার লঙ্ঘন | বাংলাদেশী নিহত | ১ | ০ | ১ | ১ | ০ | ১ | ৩ | ২ | ১ | ১ | ৪ | ২ | ১৭ |
| | বাংলাদেশী আহত | ২ | ২ | ০ | ০ | ২ | ১ | ১ | ০ | ০ | ০ | ৪ | ০ | ১২ |
| | **মোট** | **৩** | **২** | **১** | **১** | **২** | **২** | **৪** | **২** | **১** | **১** | **৮** | **২** | **২৯** |
| সাংবাদিকদের ওপর আক্রমণ | নিহত | ০ | ১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১ |
| | আহত | ০ | ১ | ২ | ১২ | ৫ | ৩ | ১ | ৫ | ১ | ১ | ৪ | ৮ | ৪৩ |
| | লাঞ্ছিত | ৬ | ৩ | ২ | ৪ | ১ | ০ | ০ | ১ | ১ | ২ | ২ | ৪ | ২৬ |
| | আক্রমণ | ০ | ৬ | ৬ | ২ | ১ | ২ | ১ | ১ | ১ | ১০ | ০ | ০ | ৩০ |
| | হুমকির সম্মুখীন | ০ | ০ | ২ | ৪ | ০ | ০ | ০ | ২ | ৩ | ৩ | ০ | ০ | ১৪ |
| | **মোট** | **৬** | **১১** | **১২** | **২২** | **৭** | **৫** | **২** | **৯** | **৬** | **১৬** | **৬** | **১২** | **১১৪** |
| রাজনৈতিক সহিংসতা | নিহত | ১০ | ৯ | ১১ | ৮ | ১২ | ১২ | ১৩ | ৬ | ৫ | ১৬ | ৫৯ | ২১ | ১৮২ |
| | আহত | ৭১৯ | ৬০০ | ৮৭০ | ৩৮২ | ৩৪১ | ৫৩৬ | ২৮৮ | ২৩১ | ২৭৪ | ৬৮৯ | ২২০২ | ১৪২৬ | ৮৫৫৮ |
| নারীর ওপর যৌতুক সহিংসতা | নিহত | ১ | ৬ | ১১ | ৫ | ৩ | ৬ | ৭ | ৮ | ১০ | ৫ | ৫ | ৫ | ৭২ |
| | শারিরীক নিপীড়ন | ৮ | ৫ | ১১ | ১৫ | ১৮ | ১১ | ৭ | ১৩ | ১২ | ৫ | ৫ | ৮ | ১১৮ |
| | আত্মহত্যা | ০ | ১ | ০ | ১ | ০ | ২ | ০ | ০ | ২ | ১ | ০ | ০ | ৭ |
| | **মোট** | **৯** | **১২** | **২২** | **২১** | **২১** | **১৯** | **১৪** | **২১** | **২৪** | **১১** | **১০** | **১৩** | **১৯৭** |
| ধর্ষণ | মেয়ে শিশু (১৮ বছরের নিচে) | ৬৮ | ৪৭ | ৭৫ | ৯৪ | ৭৭ | ৭৬ | ৮২ | ৮৪ | ৭৮ | ৫২ | ৪৩ | ৩৩ | ৮০৯ |
| | প্রাপ্তবয়স্ক নারী | ৪১ | ৪৮ | ৪৮ | ৫৯ | ৫৫ | ৪৭ | ৫২ | ৪৮ | ৫১ | ৪৬ | ৩০ | ৩১ | ৫৫৬ |
| | বয়স জানা যায়নি | ২ | ৫ | ০ | ৪ | ৩ | ৬ | ৫ | ১৭ | ২ | ২ | ০ | ০ | ৪৬ |
| | **মোট** | **১১১** | **১০০** | **১২৩** | **১৫৭** | **১৩৫** | **১২৯** | **১৩৯** | **১৪৯** | **১৩১** | **১০০** | **৭৩** | **৬৪** | **১৪১১** |
| ধর্ষণের চেষ্টা | | ১৭ | ১৮ | ৩৩ | ২৮ | ২৭ | ৩৭ | ৩৭ | ৩০ | ২৬ | ১৭ | ১৫ | ১০ | ২৯৫ |
| যৌন হয়রানীর শিকার নারী | | ১১ | ৮ | ১০ | ১২ | ৮ | ১০ | ৯ | ৭ | ৬ | ১৭ | ৮ | ৭ | ১১৩ |
| এসিড সহিংসতা | | ৪ | ১ | ৪ | ৭ | ১ | ২ | ২ | ২ | ৯ | ২ | ২ | ২ | ৩৮ |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| গণপিটুনীতে মৃত্যু | | ২ | ১ | ১ | ৭ | ৪ | ৫ | ১ | ১ | ৫ | ১ | ১ | ০ | ২৯ |
| ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮-এ গ্রেফতার | প্রধানমন্ত্রী, সরকারের উচ্চ পর্যায়ের ব্যক্তি, তাঁদের পরিবারের সদস্য, সরকার বিরোধী এবং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিরুদ্ধে সমালোচনামূলক পোস্ট/শেয়ার/ কমেন্ট করার কারণে | ২ | ৩ | ১০ | ৪১ | ৫ | ৪ | ৬ | ৫ | ৪ | ২১ | ৮ | ২ | ১১১ |
| | ধর্ম এবং ধর্মীয় ব্যক্তিদের কটুক্তি করার কারণে | ০ | ০ | ৪ | ৩ | ১ | ০ | ০ | ০ | ১ | ১১ | ২ | ১ | ২৩ |
| | **মোট** | **২** | **৩** | **১৪** | **৪৪** | **৬** | **৪** | **৬** | **৫** | **৫** | **৩২** | **১০** | **৩** | **১৩৪** |

* অধিকার ডকুমেন্টেশন

** মোদি বিরোধী আন্দোলন, পবিত্র কোরআন অবমাননাকে কেন্দ্র করে সহিংসতা এবং নির্বাচনী সহিংসতার সময় আইনপ্রয়োগকারী সংস্থার সদস্যদের গুলিতে নিহত ব্যক্তিদের এখানে অর্ন্তভূক্ত করা হয়েছে।

# বর্তমান সরকারের আমলে মানবাধিকার লঙ্ঘনের পরিসংখ্যান: ২০০৯ থেকে ২০২১*

| মানবাধিকার লঙ্ঘনের ধরণ | | ২০০৯ | ২০১০ | ২০১১ | ২০১২ | ২০১৩ | ২০১৪ | ২০১৫ | ২০১৬ | ২০১৭ | ২০১৮ | ২০১৯ | ২০২০ | ২০২১ | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বিচারবহির্ভূত হত্যাকাণ্ড | ক্রসফায়ার | ১২৯ | ১০১ | ৬৫ | ৫৩ | ৬৫ | ১১৯ | ১৪৮ | ১৫১ | ১৩৯ | ৪৫৮ | ৩৭৬ | ১৯৬ | ৫৩ | ২০৫৩ |
| | গুলিতে নিহত | ৪ | ২ | ১ | ৮ | ২৪৫ | ৩৮ | ২২ | ১৩ | ১ | ২ | ৮ | ৮ | ৪৫ | ৩৯৭ |
| | নির্যাতনে মৃত্যু | ২১ | ২২ | ১৭ | ৭ | ১১ | ১১ | ৮ | ১১ | ১৩ | ৬ | ৬ | ১৯ | ৮ | ১৬০ |
| | পিটিয়ে হত্যা | ০ | ২ | ১ | ২ | ৭ | ৪ | ৩ | ৩ | ২ | ০ | ১ | ২ | ১ | ২৮ |
| | অন্যান্য** | ০ | ০ | ০ | ০ | ১ | ০ | ৫ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৬ |
| | মোট | ১৫৪ | ১২৭ | ৮৪ | ৭০ | ৩২৯ | ১৭২ | ১৮৬ | ১৭৮ | ১৫৫ | ৪৬৬ | ৩৯১ | ২২৫ | ১০৭ | ২৬৪৪ |
| গুম | | ৩ | ১৯ | ৩২ | ২৭ | ৫৪ | ৩৯ | ৬৭ | ৯৩ | ৯০ | ৯৮ | ৩৪ | ৩১ | ২৩ | ৬১০ |
| কারাগারে মৃত্যু | | ৫০ | ৬০ | ১০৫ | ৬৩ | ৫৯ | ৫৪ | ৫১ | ৬৩ | ৫৮ | ৮১ | ৬০ | ৭৬ | ৭২ | ৮৫২ |
| মৃত্যুদণ্ড | মৃত্যুদণ্ডাদেশ | - | ৭৬ | ৯৭ | ৭৭ | ২৯১ | ১৭৬ | ১৭৩ | ২২৯ | ৩০৩ | ৩১৯ | ৩২৭ | ২১৮ | ৩২০ | ২৬০৬ |
| | মৃত্যুদণ্ড কার্যকর | - | ৯ | ৪ | ১ | ২ | ০ | ৩ | ৬ | ৩ | ০ | ২ | ২ | ৫ | ৩৭ |
| বিএসএফ কর্তৃক মানবাধিকার লঙ্ঘন | নিহত | ৯৮ | ৭৪ | ৩১ | ৩৮ | ২৯ | ৩৫ | ৪৪ | ২৯ | ২৫ | ১১ | ৪১ | ৫১ | ১৭ | ৫২৩ |
| | আহত | ৭৭ | ৭২ | ৬২ | ১০০ | ৭৯ | ৬৮ | ৬০ | ৩৬ | ৩৯ | ২৪ | ৪০ | ২৭ | ১২ | ৬৯৬ |
| | মোট | ১৭৫ | ১৪৬ | ৯৩ | ১৩৮ | ১০৮ | ১০৩ | ১০৪ | ৬৫ | ৬৪ | ৩৫ | ৮১ | ৭৮ | ২৯ | ১২১৯ |
| সাংবাদিকদের ওপর আক্রমণ | নিহত | ৩ | ৪ | ০ | ৫ | ০ | ১ | ১ | ০ | ১ | ০ | ০ | ০ | ১ | ১৬ |
| | আহত | ৮৪ | ১১৮ | ১৩৯ | ১৬১ | ১৪৬ | ৯২ | ৯০ | ৫৩ | ২৪ | ৭১ | ৪৫ | ৭৪ | ৪৩ | ১১৪০ |
| | লাঞ্ছিত | ৪৫ | ৪৩ | ৪৩ | ৫০ | ৩৭ | ২৪ | ১০ | ১৬ | ৯ | ২২ | ৫ | ৩১ | ২৬ | ৩৬১ |
| | আক্রমণ | ১৬ | ১৭ | ২৪ | ১০ | ৭ | ২ | ৪ | ১ | ১ | ২ | ৫ | ২৮ | ৩০ | ১৪৭ |
| | হুমকির সম্মুখীন | ৭৩ | ৪৯ | ৫৩ | ৬৩ | ৩৩ | ১৯ | ৩৪ | ৯ | ১১ | ১১ | ১২ | ১৭ | ১৪ | ৩৯৮ |
| | মোট | ২২১ | ২৩১ | ২৫৯ | ২৮৯ | ২২৩ | ১৩৮ | ১৩৯ | ৭৯ | ৪৬ | ১০৬ | ৬৭ | ১৫০ | ১১৪ | ২০৬২ |
| রাজনৈতিক সহিংসতা | নিহত | ২৫১ | ২২০ | ১৩৫ | ১৬৯ | ৫০৪ | ১৯০ | ১৯৭ | ২১৫ | ৭৭ | ১২০ | ৭০ | ৭৩ | ১৮২ | ২৪০৩ |
| | আহত | ১৫৫৫৯ | ১৩৯৯৯ | ১১৫৩২ | ১৭১৬১ | ২৪১৭৬ | ৯৪২৯ | ৮৩১২ | ৯০৫৩ | ৪৬৩৫ | ৭০৫১ | ৩৪৬৭ | ২৮৮৩ | ৮৫৫৮ | ১৩৫৮১৫ |
| | মোট | ১৫৮১০ | ১৪২১৯ | ১১৬৬৭ | ১৭৩৩০ | ২৪৬৮০ | ৯৬১৯ | ৮৫০৯ | ৯২৬৮ | ৪৭১২ | ৭১৭১ | ৩৫৩৭ | ২৯৫৬ | ৮৭৪০ | ১৩৮২১৮ |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| নারীর ওপর যৌতুক সহিংসতা | নিহত | ২২৭ | ২৩৫ | ৩০৫ | ২৭৩ | ১৫৮ | ১২৩ | ১১৯ | ১০৭ | ১১৮ | ৭১ | ৪৮ | ৮৯ | ৭২ | ১৯৪৫ |
| | শারিরীক নিপীড়ন | ৮১ | ১২২ | ১৯২ | ৫৩৫ | ২৬১ | ১০৩ | ৭৭ | ৯৪ | ১২৭ | ৬৯ | ৫৫ | ১০৬ | ১১৮ | ১৯৪০ |
| | আত্মহত্যা | ১১ | ২২ | ১৯ | ১৪ | ১৭ | ১১ | ৬ | ৫ | ১১ | ২ | ০ | ৪ | ৭ | ১২৯ |
| | মোট | ৩১৯ | ৩৭৯ | ৫১৬ | ৮২২ | ৪৩৬ | ২৩৭ | ২০২ | ২০৬ | ২৫৬ | ১৪২ | ১০৩ | ১৯৯ | ১৯৭ | ৪০১৪ |
| ধর্ষণ | মেয়ে শিশু (১৮ বছরের নিচে) | ২৪৩ | ৩১১ | ৪৫০ | ৪৭৩ | ৪৫২ | ৩৯৩ | ৪৭৯ | ৫১১ | ৫৫৩ | ৪৫৭ | ৭৩৭ | ৯১৯ | ৮০৯ | ৬৭৮৭ |
| | প্রাপ্তবয়স্ক নারী | ২১৩ | ২৪৮ | ২৪৬ | ২৯৯ | ৩৩৬ | ২৪৪ | ২৯৩ | ২৩২ | ২২৫ | ১৭৬ | ৩৩০ | ৫৭৭ | ৫৫৬ | ৩৯৭৫ |
| | বয়স জানা যায়নি | ০ | ০ | ১৫ | ৩৩ | ২৬ | ২৯ | ১৭ | ১৪ | ৫ | ২ | ১৩ | ৪২ | ৪৬ | ২৪২ |
| | মোট | ৪৫৬ | ৫৫৯ | ৭১১ | ৮০৫ | ৮১৪ | ৬৬৬ | ৭৮৯ | ৭৫৭ | ৭৮৩ | ৬৩৫ | ১০৮০ | ১৫৩৮ | ১৪১১ | ১১০০৪ |
| ধর্ষণের চেষ্টা | | - | - | - | - | - | ৭১ | ৯৭ | ১২৮ | ৮১ | ৭৩ | ১৪৯ | ২৮১ | ২৯৫ | ১১৭৫ |
| যৌন হয়রানীর শিকার নারী | | - | - | ৬৭২ | ৪৭৯ | ৩৫৭ | ২৭২ | ১৯১ | ২৭১ | ২৪২ | ১৫৭ | ১৮৯ | ১৫৭ | ১১৩ | ৩১০০ |
| এসিড সহিংসতা | | ১০১ | ১৩৭ | ১০১ | ১০৫ | ৫৩ | ৬৬ | ৪৭ | ৪০ | ৫২ | ২৬ | ৩১ | ৩৩ | ৩৮ | ৮৩০ |
| গণপিটুনীতে মৃত্যু | | ১২৭ | ১৭৪ | ১৬১ | ১৩২ | ১২৫ | ১১৬ | ১৩২ | ৫৩ | ৪৭ | ৪৮ | ৫৬ | ৪০ | ২৯ | ১২৪০ |

* অধিকার ডকুমেন্টেশন

** অনান্যভাবে বিচারবহির্ভূতভাবে হত্যাকাণ্ডের শিকার যেমন শ্বাসরোধ, ছুরিকাঘাত, ইত্যাদি।

(-) এই সময়ে এই ইস্যুতে কোন ডকুমেন্টেশন করা হয়নি।

## ক.রাষ্ট্রীয় নিপীড়ন ও দায়মুক্তি এবং জবাবদিহিতার অভাব

*বিচারবহির্ভূত হত্যাকাণ্ড*

১. **২০২১ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত ১০৭ জন বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হয়েছেন বলে অভিযোগ রয়েছে। এঁদের মধ্যে ১২ জন রোহিঙ্গা শরণার্থীকে বিচারবহির্ভূতভাবে হত্যা করা হয়েছে। উল্লেখিত বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার ১০৭ জনের মধ্যে ৫৩ জন 'বন্দুকযুদ্ধ/এনকাউন্টার/ক্রসফায়ার' এ ০৮ জন নির্যাতনে, ৪৫ জন গুলিতে এবং ০১ জন পিটুনিতে নিহত হয়েছেন। বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার ব্যক্তিদের মধ্যে ৩০ জন র‍্যাব, ৩৬ জন পুলিশ, ০৫ জন ডিবি পুলিশ, ১৭ জন পুলিশ-বিজিবি, ১৭ জন বিজিবি এবং ০২ জন নৌ পুলিশ কর্তৃক নিহত হয়েছেন বলে অভিযোগ রয়েছে।**

২. ২০২১ সালে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের হাতে বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের ঘটনা চলমান ছিল। বিচারবহির্ভুত হত্যাকাণ্ড, সংবিধানের অনুচ্ছেদ ৩২[৪০] এবং নাগরিক ও রাজনৈতিক অধিকার সম্পর্কিত আন্তর্জাতিক সনদের অনুচ্ছেদ ৬[৪১] এর স্পষ্ট লঙ্ঘন হলেও সরকার এর পক্ষে অবস্থান নিয়েছে। ১৩ নভেম্বর শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এক সভায় বলেন, ''অনেক সময় বিরোধীদলের নেতারা বলেন ক্রসফায়ার দিয়ে মানুষ হত্যা করা হচ্ছে। কিন্তু আমি ক্রসফায়ারের পক্ষে। এক সন্ত্রাসীর জন্য লাখ লাখ মানুষের ঘুম নষ্ট হয়ে যায়। সেই সন্ত্রাসীর বেঁচে থাকার কোন অধিকার নেই।" অভিযোগ রয়েছে যে, আইন প্রয়োগকারী সংস্থাগুলো এই হত্যাকাণ্ডগুলোকে 'বন্দুকযুদ্ধ' বা 'ক্রসফায়ার' হিসেবে অভিহিত করে আড়াল করার চেষ্টা করছে। 'বন্দুকযুদ্ধের' ঘটনাগুলো বিশ্লেষণ করে দেখা যায় যে, আইন প্রয়োগকারী সংস্থার পক্ষ থেকে সংবাদ মাধ্যমে ঘটনার যে বর্ণনা দেয়া হয় তা প্রায় একই রকম। সাধারণত আইন প্রয়োগকারী সংস্থার সদস্যরা অজুহাত দেখান যে, অপরাধ সংঘটিত করার প্রস্তুতিকালে অথবা আটক ব্যক্তিকে নিয়ে অস্ত্র উদ্ধার অভিযান চালানোর সময় আটক ব্যক্তির সহযোগীরা তাঁদের ওপর হামলা চালালে তাঁরা 'আত্মরক্ষার্থে' গুলি চালান। এই গোলাগুলিতে একমাত্র আটক ব্যক্তিটিই নিহত হন। সংবাদ মাধ্যমগুলো অধিকাংশ সময়ই আইন প্রয়োগকারী সংস্থার এই বক্তব্য অনুযায়ীই তাদের প্রতিবেদন তৈরি করে থাকে এবং প্রতিবেদনে সাধারণত ভিকটিম পরিবারের সদস্যদের কোন বক্তব্য থাকে না। অনেক ক্ষেত্রে কাউকে উঠিয়ে নিয়ে যেয়ে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যরা আটকের বিষয়টি অস্বীকার করে, ফলে আটক ব্যক্তিটি গুমের শিকার হন এবং পরবর্তীকালে তাঁকে বিচারবহির্ভূতভাবে হত্যা করা হয় বলে অভিযোগ রয়েছে। বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের আরেকটি ধরন হলো, গুরুত্বপূর্ণ অপরাধমূলক ঘটনাগুলোর সঙ্গে সংশ্লিষ্ট অভিযুক্তদের 'বন্দুকযুদ্ধ' বা 'ক্রসফায়ারের' নামে হত্যা করার অভিযোগ। এই হত্যাকাণ্ডগুলোর কারণে প্রকৃত সত্য জানার সুযোগ নষ্ট হয়ে যাচ্ছে।[৪২]

৩. ১৬ অগাস্ট ঢাকা জেলার দক্ষিণ কেরানীগঞ্জে র‍্যাবের গুলিতে সজীব হোসেন (৩৫) ও তাজুল ইসলাম (৩৮) নামে দুই ভাই নিহত হয়েছেন। র‍্যাব জানায়, নিহত দুইজনসহ ৮/৯ জন গভীর রাতে ডাকাতির প্রস্তুতি নিচ্ছিল। র‍্যাব সদস্যদের উপস্থিতি টের পেয়ে তারা গুলি ছুঁড়লে আত্মরক্ষার্থে র‍্যাব সদস্যরা পাল্টা গুলি চালালে দুজন নিহত হন। নিহত সজীবের স্ত্রী নাসরিন বেগম জানান, ২৩ জুলাই বিকেলে দক্ষিণ কেরানীগঞ্জের আবদুল্লাহপুর বাজার এলাকা থেকে দুই ভাইকে র‍্যাব পরিচয়ে তুলে নিয়ে যাওয়া হয়। এরপর থেকে তাঁরা নিখোঁজ ছিলেন। তাজুল ইসলামের স্ত্রী আমেনা বেগমও একই কথা জানান।[৪৩]

---

[৪০] আইনানুযায়ী ব্যতীত জীবন ও ব্যক্তি-স্বাধীনতা হইতে কোন ব্যক্তিকে বঞ্চিত করা যাইবে না।

[৪১] প্রত্যেক মানুষের বাঁচার সহজাত অধিকার রহিয়াছে। এই অধিকার আইনের দ্বারা রক্ষিত হইবে। কোন ব্যক্তিকে খেয়াল-খুশিমত জীবন হইতে বঞ্চিত করা যাইবে না।

[৪২] যুগান্তর ৩০ নভেম্বর ২০২১; https://www.jugantor.com/country-news/492999/

[৪৩] প্রথম আলো, ১৮ অগাস্ট ২০২১; https://epaper.prothomalo.com/?mod=1&pgnum=6&edcode=71&pagedate=2021-8-18

৪. ৩০ নভেম্বর কুমিল্লার কাউন্সিলর সোহেল ও তাঁর সহযোগী হরিপদ হত্যা মামলার এজহারভুক্ত দুই অভিযুক্ত মোহাম্মদ সাব্বির ও মোহাম্মদ সাজেন কোতোয়ালি মডেল থানা পুলিশ ও ডিবি পুলিশের সঙ্গে 'বন্দুকযুদ্ধে' নিহত হন।[৪৪]

## *আইন প্রয়োগকারী সংস্থা ও নিরাপত্তা বাহিনীর নির্যাতন, মর্যাদাহানিকর আচরণ ও জবাবদিহিতার অভাব*

৫. ২০২১ সালে আইন প্রয়োগকারী সংস্থা ও নিরাপত্তা বাহিনীর নির্যাতন, মর্যাদাহানিকর আচরণ ও জবাবদিহিতার অভাব ব্যাপকভাবে পরিলক্ষিত হয়েছে। রাজনৈতিক প্রতিপক্ষ, সরকারের সমালোচক ও ভিন্নমতাবলম্বীদের দমন করার কাজে সরকারের পক্ষে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের ব্যবহার করার কারণে এইসব বাহিনীর সদস্যরা দায়মুক্তি ভোগ করেছে। তারা অনেক সময় ক্ষমতাসীন দলের দলীয় কর্মসূচীতে অংশগ্রহণ করে এবং তাদের অনেককে দলীয় শ্লোগান দিতে দেখা যায়।[৪৫] ফলে ক্ষমতাসীনদলের পৃষ্ঠপোষকতা তাদেরকে বেপোরায়া করে তুলেছে। এই সময়ে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের বিরুদ্ধে ক্রসফায়ারে হত্যার ভয় দেখিয়ে টাকা আদায়, বিরোধী রাজনৈতিক কর্মীর পায়ে গুলি, ব্যবসায়ীকে আটক করে মালামাল লুট,[৪৬] নিরাপরাধ নাগরিকদের গ্রেফতারের ভয় দেখিয়ে টাকা আদায়,[৪৭] নির্যাতন করে টাকা আদায়,[৪৮] অবৈধ আটকাদেশ,[৪৯] আটক করে মুক্তিপণ দাবি, হয়রানীসহ[৫০] বিভিন্ন অভিযোগ রয়েছে। এ ছাড়াও অন্তরীণ অবস্থায় পুলিশি হেফাজতে নির্যাতন এবং নির্যাতনের কারণে মৃত্যুর ঘটনা ঘটেছে বলে অভিযোগ রয়েছে। এটি প্রতিষ্ঠিত যে, পুলিশ রিমান্ডে নিয়ে নির্যাতন এবং অমানবিক আচরণ করে স্বীকারোক্তিমূলক জবানবন্দি আদায় করে থাকে। এই সময়ে পুলিশি হেফাজতে নারীকে যৌন ও শারীরিক নির্যাতন এবং পুলিশের কাছে অভিযোগ দায়ের করতে যেয়ে নারীকে যৌন হয়রানীর শিকার হতে হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে।[৫১] নির্যাতন ও হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন ২০১৩ শুধুমাত্র কাগুজে আইন হিসেবে বহাল আছে। নির্যাতন বা মর্যাদাহানিকর আচরণের শিকার ব্যক্তি বা তাঁর পরিবারের সদস্যদের মামলা দায়ের করতে যেয়ে হয়রানি ও হুমকির মুখে পড়তে হয়েছে। অনেক ক্ষেত্রে ভয়ভীতি দেখিয়ে মামলা তুলে নিতে বাধ্য করা হয়েছে বলে অভিযোগ রয়েছে। এইসব ভয়ভীতি ও আপোষ মিমাংসার ক্ষেত্রে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের সঙ্গে ক্ষমতাসীন আওয়ামী লীগের নেতা-কর্মীরাও যুক্ত বলে অভিযোগ রয়েছে।[৫২] অধিকাংশ হেফাজতে মৃত্যুর ঘটনার তদন্ত করে থাকে পুলিশ। ফলে এই তদন্ত নিরপেক্ষভাবে হয় না বলে অভিযোগ রয়েছে। এছাড়া আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের হাতে নির্যাতিত হলে বা নির্যাতনের শিকার হয়ে মারা গেলে সেক্ষেত্রে ডাক্তারের প্রতিবেদন, সুরতহাল এবং পোস্টমর্টেমসহ বিভিন্ন প্রতিবেদন অনেক সময় নির্দেশিত হয়ে বা অর্থের বিনিময়ে ভিকটিমের বিপক্ষে দেয়ার অভিযোগ রয়েছে।

---

[৪৪] যুগান্তর ৩০ নভেম্বর ২০২১; https://www.jugantor.com/country-news/492999/

[৪৫] প্রথম আলো, ৫ অগাস্ট ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/আলীগের-কর্মসূচিতে-ওসির-স্লোগানের-ভিডিও-ছড়িয়েছে-ফেসবুকে

[৪৬] প্রথম আলো, ১২ অগাস্ট ২০২১; https://epaper.prothomalo.com/?mod=1&pgnum=16&edcode=71&pagedate=2021-8-12

[৪৭] প্রথম আলো, ১৪ জুলাই ২০২১; https://epaper.prothomalo.com/?mod=1&pgnum=6&edcode=71&pagedate=2021-7-14

[৪৮] প্রথম আলো ২৫ অক্টোবর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/বগুড়ায়-ওসির-বিরুদ্ধে-নির্যাতন-ও-ঘুষ-আদায়ের-অভিযোগ

[৪৯] প্রথম আলো, ১ অক্টোবর ২০২১; https://epaper.prothomalo.com/?mod=1&pgnum=6&edcode=71&pagedate=2021-10-

[৫০] প্রথম আলো, ২০ ফেব্রুয়ারি ২০২১; https://epaper.prothomalo.com/?pagedate=2021-2-20&edcode=71&subcode=71&mod=1&pgnum=1&type=a

[৫১] প্রথম আলো, ৯ অগাস্ট ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/স্বামীর-অত্যাচার-থেকে-বাঁচতে-পুলিশের-কাছে-গিয়ে-যৌন-নিপীড়নের-শিকার

[৫২] বাংলাদেশ প্রতিদিন ১ মে ২০২১, https://www.bd-pratidin.com/last-page/2021/05/01/645062



*শরীয়তপুরে আওয়ামী লীগের কর্মসূচিতে অংশ নিয়ে স্লোগান দিচ্ছেন সদরের পালং মডেল থানার ওসি আক্তার হোসেন (গোল চিহ্নিত)। ছবি: প্রথম আলো, ৫ অগাস্ট ২০২১*

৬. ২০২০ সালের ২ মে কার্টুনিস্ট আহমেদ কবির কিশোরকে বাসা থেকে উঠিয়ে নিয়ে যাওয়া হয়। এরপর তাঁর ওপর কয়েক দফা নির্যাতন করা হয় বলে কিশোর অভিযোগ করেন।[৫৩] জামিনে মুক্তি পেয়ে ২০২১ সালের ১০ মার্চ কিশোর তাঁর ওপর নির্যাতনের বর্ণনা দিয়ে নির্যাতন ও হেফাজতে মৃত্যু (নিবারণ) আইনে ঢাকা মহানগর দায়রা জজ আদালতে মামলা দায়ের করেন। মামলার প্রেক্ষিতে বিচারক এম ইমরুল কায়েস ১৪ মার্চ তিন সদস্যের একটি কমিটি গঠন করতে ঢাকা মেডিক্যাল কলেজ হসপাতালের পরিচালককে নির্দেশ দেন। ২০ মার্চ ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড ঢাকা মহানগর দায়রা জজ আদালতে একটি প্রতিবেদন দাখিল করে। প্রতিবেদনে উল্লেখ করা হয় যে, আহমেদ কবির কিশোরের শারীরিক অবস্থা পরীক্ষা-নিরীক্ষা করে তাঁর শরীরে আঘাতের কোন চিহ্ন পাওয়া যায়নি।[৫৪] এছাড়া আদালত মামলাটি পুলিশেরই একটি সংস্থা পিবিআইকে তদন্তের নির্দেশ দেয়। পিবিআই তদন্ত করে কিশোরকে ২ মে তুলে নিয়ে তাঁর ওপর যে নির্যাতন হয়েছে বলে যে অভিযোগ করা হয়েছে, সেই ব্যাপাওে পিবিআই কোন প্রমাণ পায়নি বলে আদালতে প্রতিবেদন জমা দেয়া হয়।[৫৫] এদিকে কার্টুনিস্ট আহমেদ কবির কিশোর ২৪ নভেম্বর পিবিআই'র তদন্ত প্রতিবেদনের বিরুদ্ধে নারাজি পিটিশন দাখিল করেন। মহানগর দায়রা জজ এম ইমরুল কায়েস আগামী ২৩ ফেব্রুয়ারি ২০২২ এই নারাজি পিটিশনের শুনানির দিন ধার্য করেছেন।[৫৬]

৭. এই সময়ে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যরা নির্যাতন চালিয়ে অনেককে হত্যা করেছে বলে অভিযোগ রয়েছে। এরমধ্যে ১ জানুয়ারি বরিশালে রেজাউল করিম রেজা (৩০) নামে একজন শিক্ষানবিশ আইনজীবীকে গোয়েন্দা পুলিশ নির্যাতন করে, ২৯ এপ্রিল চাঁপাইনবাবগঞ্জের ভোলাহাটে সানাউল হক বিশ্বাস (৪৪) নামে এক ব্যক্তিকে গোয়েন্দা পুলিশের একটি দল পেটায়, ১ মে ফরিদপুরে গোয়েন্দা পুলিশ রিমান্ডে নিয়ে নির্যাতন করে আবুল হোসেন মোল্লা (৪৬) নামে এক ব্যক্তিকে,[৫৭] ১ নভেম্বর রংপুরের

---

[৫৩] প্রথম আলো, ৫ মার্চ ২০২১; https://www.prothomalo.com/bangladesh/**অজ্ঞাত-স্থানে-৬৯-ঘণ্টা-বেখে-কার্টুন-নিয়ে-প্রশ্ন-মারধর**

[৫৪] প্রথম আলো, ৭ জুন২০২১, https://www.prothomalo.com/bangladesh/**কার্টুনিস্ট-কিশোরের-শরীরে-আঘাতের-চিহ্ন-পায়নি-মেডিকেল-বোর্ড**

[৫৫] যুগান্তর ১৮ নভেম্বর ২০২১; https://www.jugantor.com/national/488319/

[৫৬] নিউ এজ, ২৪ নভেম্বর ২০২১; https://www.newagebd.net/article/155575/

[৫৭] প্রথম আলো ৩ মে ২০২১; https://epaper.prothomalo.com/?mod=1&pgnum=3&edcode=71&pagedate=2021-5-3

হারাগাছে পুলিশ তাজুল ইসলাম নামে এক ব্যক্তিকে,[৫৮] ৯ নভেম্বর নরসিংদী পুলিশ নির্যাতন করে সুজন সাহা (২২) নামে এক যুবককে,[৫৯] ১১ ডিসেম্বর সাতক্ষীরা জেলায় গোয়েন্দা পুলিশ হেফাজতে বাবলু সরদার নামে এক ব্যক্তিকে[৬০] হত্যা করার অভিযোগ রয়েছে।

৮. এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্যার এফ রহমান হল ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক আবু হায়াত মোহাম্মদ জুলফিকার জিসানকে ২৮ ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি এলাকা থেকে সাদা পোশাকধারী আইন প্রয়োগকারী সংস্থার সদস্যরা তুলে নিয়ে যায়। এরপর তাঁকে গ্রেফতার দেখিয়ে এবং রিমান্ডে নিয়ে পুলিশ তাঁর ওপর নির্যাতন চালায়।[৬১] সুপ্রিম কোর্টের আইনজীবী (বিএনপি সমর্থিত বাংলাদেশ জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের গণমাধ্যম বিষয়ক সম্পাদক) ইব্রাহিম খলিলকে র‍্যাব সদস্যরা ১১ মার্চ দোয়েল চত্বরের কাছ থেকে তুলে নিয়ে তাঁর ওপর নির্যাতন চালায় বলে অভিযোগ পাওয়া গেছে।[৬২] ১৬ জুন দিবাগত রাতে চট্টগ্রামের বায়েজিদ থানা পুলিশ চট্টগ্রাম মহানগর ছাত্রদলের সাবেক সহ-সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম সাইফকে বাসা থেকে তুলে আরেফিন নগর এলাকায় নিয়ে তাঁর বাম পায়ে গুলি করলে তিনি মারাত্মক আহত হন। চিকিৎসকরা এরপর তাঁর বাম পা কেটে ফেলতে বাধ্য হন।[৬৩]



*আহত ছাত্রদল নেতা সাইফুল ইসলাম সাইফ। ছবি: ভিকটিমের পরিবারের কাছ থেকে সংগৃহীত*

### গুম

**৯. ২০২১ সালে ২৩ জনকে আইন প্রয়োগকারী সংস্থার সদস্য পরিচয়ে ধরে নিয়ে যাওয়ার পর তাঁদের গুম হওয়ার অভিযোগ পাওয়া গেছে। এঁদের মধ্যে এখনও পর্যন্ত ০৪ জনের কোন খোঁজ পাওয়া যায়নি। ১৮ জনকে গুম করার পর পরবর্তীতে ছেড়ে দেয়া হয়েছে বা তাঁদের আদালতে সোপর্দ করা হয়েছে এবং রিজওয়ান হাসান রাকিন নামে ০১ জনের ব্যাপারে কোন তথ্য পাওয়া যায়নি।**

---

[৫৮] প্রথম আলো ১ নভেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/রংপুরে-পুলিশের-পিটুনিতে-একজনের-মৃত্যুর-খবরে-থানা-ঘেরাও-ভাঙচুর

[৫৯] যুগান্তর ১০ নভেম্বর ২০২১; https://www.jugantor.com/todays-paper/news/485567/

[৬০]মানবজমিন ১২ ডিসেম্বর ২০২১; https://mzamin.com/article.php?mzamin=306380

[৬১] অধিকার এর সংগৃহীত তথ্য, যুগান্তর, ২ মার্চ ২০২১; https://www.jugantor.com/politics/398065

[৬২] অধিকার এর সংগৃহিত তথ্য

[৬৩] *অধিকার* এর সঙ্গে সংশ্লিষ্ট মানবাধিকার কর্মীর পাঠানো প্রতিবেদন। নিউ এজ, ১৭ জুন ২০২১; http://www.newagebd.net/article/141037/former-ctg-jcd-leader-shot-in-leg-after-being-picked-up-by-police

১০. ২০২১ সালেও গুম অব্যাহত ছিল। গুমের শিকার অধিকাংশ ব্যক্তি বিরোধীদলের নেতাকর্মী ও ভিন্নমতাবলম্বী নাগরিক বলে জানা গেছে। গুমকে সরকার রাজনৈতিক আন্দোলন দমনের হাতিয়ার হিসেবে ব্যবহার করে আসছে। গুমের ঘটনাগুলোর সঙ্গে রাষ্ট্রীয় বাহিনীগুলোর জড়িত থাকার প্রমাণ[৬৪] থাকলেও সরকারের পক্ষ থেকে জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে প্রতিনিয়ত গুমের বিষয়টি অস্বীকার করা হচ্ছে। অনেককে তুলে নিয়ে যাওয়ার পর আইন প্রয়োগকারী সংস্থার সদস্যরা আটকের বিষয়টি অস্বীকার করেছে এবং তাঁদের আর কোন খোঁজ পাওয়া যায়নি। পুলিশ অনেক ক্ষেত্রে জিডি নিতে অস্বীকার করে এবং ভিকটিম পরিবারকে হয়রানি করতে থাকে। গুম হওয়ার পরে অনেকেই বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হন এবং পরবর্তীতে তাঁদের লাশ পাওয়া যায়। এছাড়া গুম হওয়ার পর অনেককে বিভিন্ন মামলায় গ্রেফতার দেখিয়ে থানায় সোপর্দ করা হয়। গুমের শিকার যে সব ব্যক্তি পরবর্তীতে ফিরে এসেছেন তাঁরা আর এই বিষয়ে মুখ খুলেননি। জানা গেছে ২০২১ সালে অনেক গুমের ঘটনা ঘটলেও পরিবারের সদস্যরা ভীতসন্ত্রস্ত হওয়ায় বা হুমকির কারণে অনেকেই মুখ খুলেননি। যে ব্যক্তিদের গুমের ঘটনাগুলো প্রকাশিত হয়েছে তাঁদের পরিবারগুলো নজরদারি, হয়রানি ও হুমকির মধ্যে রয়েছেন।

১১. বাংলাদেশের গুম পরিস্থিতি পর্যালোচনা করে জাতিসংঘের ওয়ার্কিং গ্রুপ অন এনফোর্সড অর ইনভলান্টারি ডিস্‌এ্যাপিয়ারেন্স (ডব্লিউজিইআইডি) মানবাধিকার কাউন্সিলের বৈঠকে তাদের পর্যবেক্ষণে বলেছে গুমের বিষয়ে তারা নিয়মিত অভিযোগ পাচ্ছে। বাংলাদেশে কয়েক বছর ধরে গুমের ঘটনার অব্যাহত অভিযোগ এবং দায়মুক্তির চর্চা নিয়ে ইউএন ওয়ার্কিং গ্রুপ উদ্বিগ্ন।[৬৫] বাংলাদেশে বিভিন্ন সময়ে গুম হওয়া ৩৪ ব্যক্তির অবস্থান জানতে চেয়ে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে চিঠি দেয় ওয়ার্কিং গ্রুপ। এর আগেও জাতিসংঘের ওয়ার্কিং গ্রুপ গুম হওয়া একাধিক ব্যক্তির অবস্থান এবং তাঁদের পরিণতি সর্ম্পকে বাংলাদেশ সরকারের কাছে জানতে চেয়েছে। কিন্তু বাংলাদেশ সরকার ওয়ার্কিং গ্রুপের পাঠানো সেইসব চিঠির কোনও উত্তর দেয়নি। এমনকি ওয়ার্কিং গ্রুপ বাংলাদেশে গুমের ঘটনা তদন্ত করতে আসতে চাইলেও বাংলাদেশ সরকার তাতে সাড়া দেয়নি। ওয়ার্কিং গ্রুপের পাঠানো তালিকার অধিকাংশ গুমের শিকার ব্যক্তিরা বিরোধীদলের নেতা-কর্মী।[৬৬] একইভাবে ২০-২৯ সেপ্টেম্বর গুম বিষয়ক জাতিসংঘের মানবাধিকার পরিষদের ওয়ার্কিং গ্রুপের ১২৫ তম অধিবেশন শেষে তৈরি করা প্রতিবেদনে বলা হয়, বাংলাদেশে রাজনৈতিক প্রতিপক্ষ ও ভিন্নমতাবলম্বীদের নিশানা করতে গুমকে অব্যাহতভাবে হাতিয়ার হিসেবে ব্যবহারের অভিযোগ রয়েছে আইন প্রয়োগকারী সংস্থা ও গোয়েন্দা সংস্থার বিরুদ্ধে।[৬৭] যুক্তরাষ্ট্রভিত্তিক মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস ওয়াচ বাংলাদেশে ২০০৯ সাল থেকে সংঘটিত গুমের ওপর 'হোয়্যার নো সান ক্যান এন্টার: আ ডিকেড অব এনফোসর্ড ডিজঅ্যাপিয়ারেন্সেস ইন বাংলাদেশ' শিরোনামে একটি প্রতিবেদন ১৬ অগাস্ট প্রকাশ করে। হিউম্যান রাইটস ওয়াচ গত এক দশকে গুম হয়ে যাওয়া ৮৬ ব্যক্তির ঘটনা যাচাই করেছে, যেখানে ভিকটিমদের অবস্থান জানা যায়নি। বিভিন্ন তদন্ত প্রতিবেদনে নিরাপত্তা বাহিনীর সদস্যদের গুমের

---

[৬৪] গুম হয়ে যাওয়া সাতক্ষীরার মোখলেছুর রহমান জনির স্ত্রী জেসমিন নাহার রেশমা ২০১৭ সালের ২ মার্চ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে তাঁর স্বামীকে ফিরে পাওয়ার জন্য একটি রিট পিটিশন দায়ের করেন। এই রিট আবেদনের পরিপ্রেক্ষিতে গত ১৬ মে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি কাজী রেজাউল হক ও বিচারপতি মোহাম্মদ উল্লাহর সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ মোখলেছুর রহমান জনির ব্যাপারে ৩ জুলাইয়ের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য সাতক্ষীরার চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটকে নির্দেশ দেন। সাতক্ষীরা জেলার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট হাবিবুল্লাহ মাহমুদ ৪ জুলাই ২০১৭ একটি তদন্ত প্রতিবেদন হাইকোর্টে দাখিল করেন যেখানে বলা হয়েছে যে, সাতক্ষীরা পুলিশের এসপি মোহাম্মদ আলতাফ হোসেন এবং সাতক্ষীরা সদর থানার সাবেক ভারপ্রাপ্ত কর্মকর্তা ইমদাদুল হক শেখ ও সাবেক এসআই হিমেল হোসেন মোখলেছুর রহমান জনি নামে একজন হোমিওপ্যাথিক চিকিৎসককে গ্রেফতার করার পর তাঁকে গুম করার সঙ্গে জড়িত ছিলেন। তদন্ত প্রতিবেদনে ভারপ্রাপ্ত কর্মকর্তা ইমদাদুল হক শেখ ও এসআই হিমেল হোসেন সরাসরি এই ঘটনার সঙ্গে জড়িত রয়েছেন বলে উল্লেখ আছে। (http://www.newagebd.net/article/19321/) আরেকটি ঘটনার ক্ষেত্রে নারায়ণগঞ্জে ৭ ব্যক্তিকে গুম করার পর হত্যা করার অপরাধে ২০১৭ সালের ১৬ জানুয়ারি নারায়ণগঞ্জ জেলা ও দায়রা জজ সৈয়দ এনায়েত হোসেন এক রায়ে র‍্যাব-১১ এর অধিনায়ক লে.কর্নেল (অব.) তারেক সাইদসহ ১৬ জন র‍্যাব কর্মকর্তা ও সদস্যসহ ২৬ জন অভিযুক্তকে ফাঁসির আদেশ দেন। (https://www.jugantor.com/news-archive/today-print-edition/first-page/2017/01/17/93821)

[৬৫] প্রথম আলো ২০ ফেব্রুয়ারি ২০২১; https://www.prothomalo.com/bangladesh/**জাতিসংঘের-আলোচনায়-বাংলাদেশের-দুই-গুম-প্রসঙ্গ**

[৬৬] ভয়েস অব আমেরিকা, ১৪ অগাস্ট ২০২১; https://www.voabangla.com/a/6002127.html

[৬৭] প্রথম আলো ২৫ ডিসেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/crime/**প্রতিপক্ষ-দমনে-গুমের-অভিযোগ**

সঙ্গে জড়িত থাকার প্রমাণ থাকা সত্ত্বেও আওয়ামী লীগ সরকার এই ব্যাপারে জাতিসংঘসহ বিভিন্ন আন্তজার্তিক সংস্থার আহ্বান অগ্রাহ্য করেছে।[৬৮]

১২. ২ জুন নারায়ণগঞ্জের আড়াইহাজার এলাকা থেকে কাপড় ব্যবসায়ী মোহাম্মদ নোমান, মাদ্রাসা ছাত্র মোহাম্মদ নাসিম এবং মসজিদের ইমাম শহীদুল ইসলামকে গোয়েন্দা পুলিশ পরিচয়ে তুলে নিয়ে গেছে বলে অভিযোগ পাওয়া গেছে।[৬৯]




*নারায়ণগঞ্জ থেকে নিখোঁজ নোমান, নাছিম ও শহিদুল। ছবি: প্রথম আলো, ২৭ জুন ২০২১।*

১৩. ৬ নভেম্বর ময়মনসিংহ জেলার ফুলবাড়িয়া উপজেলার ব্যবসায়ী ইমাম মেহেদী হাসান ডলার মোটরসাইকেল যোগে নিজের ফিশারি ব্যবসা দেখতে ছনকান্দা রোডের বটতলা এলাকায় যান। সেখান থেকে বাড়ি ফেরার জন্য মোটরসাইকেলে ওঠার সময় রাস্তায় দাঁড়িয়ে থাকা সিলভার কালারের একটি মাইক্রোবাসে অবস্থান করা সাদা পোশাকের তিন ব্যক্তি তাঁকে জোর করে গাড়িতে তুলে নিয়ে যায়। ডলারের স্বজনরা থানা, ডিবি অফিস এবং র‍্যাব অফিসসহ বিভিন্ন জায়গায় খোঁজ করলেও তারা কেউ ডলারকে আটকের বিষয়টি স্বীকার করেনি। ডলারের বাবা লাল মাহমুদ এই ঘটনায় ফুলবাড়িয়া থানায় একটি জিডি করেন। ডলারের স্ত্রী পিংকি বলেন, ডলার আইফোন ব্যবহার করতেন। আইফোন এর আই ক্লাউডের মাধ্যমে সর্বশেষ লোকেশন দেখা গেছে ঢাকার উত্তরার র‍্যাব-১ কার্যালয়ের পাশে। এর আগেও ২০২০ সালের ২৮ নভেম্বর গভীর রাতে র‍্যাব সদস্যরা তাঁদের বাসা থেকে তাঁর স্বামীকে তুলে নিয়ে যায় এবং দুইদিন পর ফুলবাড়িয়া থানায় সোপর্দ করে। পরিবারের ধারণা এবারও র‍্যাব ডলারকে তুলে নিয়ে গিয়ে গুম করেছে।[৭০]

---

[৬৮] প্রথম আলো, ১৭ অগাস্ট ২০২১; https://www.prothomalo.com/bangladesh/**এখনো-গুম-হয়ে-আছেন-৮৬-বাংলাদেশি**

[৬৯] প্রথম আলো, ২৭ জুন ২০২১; https://www.prothomalo.com/bangladesh/**২৫-দিন-ধরে-নিখোঁজ-তিন-তরুণ-স্বজনদের-কান্না**

[৭০] *অধিকারএর* সঙ্গে সংশ্লিষ্ট ময়মনসিংহের মানবাধিকার কর্মীর পাঠানো প্রতিবেদন, নিউ এইজ, ১৯ ডিসেম্বর ২০২১; https://epaper.newagebd.net/19-12-2021/1



*ইমাম মেহেদী হাসান ডলার*

## *কারাবন্দিদের মানবাধিকার লঙ্ঘন ও মৃত্যু*

১৪. **২০২১ সালেও দেশের কারাগারগুলোতে ধারণক্ষমতার অতিরিক্ত বন্দি থাকার কারণে মানবিক বিপর্যয়ের সৃষ্টি হয়েছে। বরাবরের মতো এই সময়েও কারাগারে চিকিৎসকের সঙ্কট থাকায় অধিকাংশ বন্দি সুচিকিৎসা থেকে বঞ্চিত হয়েছেন এবং ৭২ জন 'অসুস্থতাজনিত' কারণে কারাগারে মৃত্যুবরণ করেছেন বলে অভিযোগ রয়েছে। এঁদের মধ্যে ৬৯ জন বন্দি অসুস্থতা জনিত কারণে, ০১ জন বন্দি আত্মহত্যা, ০১ জন অন্য বন্দি কর্তৃক মাথায় আঘাতপ্রাপ্ত হয়ে এবং অপর ০১ জন বন্দি মাথায় আঘাত এবং গলায় গামছা প্যাঁচানো অবস্থায় মৃত্যুবরণ করেছেন বলে অভিযোগ রয়েছে।**

১৫. ২০২১ সালে দেশের কারাগারগুলোতে বন্দিদের মানবাধিকার লঙ্ঘিত হয়েছে। দায়মুক্তির কারণে এই সময়ে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যরা অনেক নাগরিককে কোন প্রমাণ ছাড়াই গ্রেফতার করেছে। অভিযুক্ত ব্যক্তির সাথে অভিযুক্ত নন এমন ব্যক্তিদের শুধু নামের সাথে মিল থাকায় কোন রকম যাচাই বাছাই না করে গ্রেফতার করা হয়েছে।[৭১] গ্রেফতারকৃতদের মধ্যে বিপুল সংখ্যক বিরোধীদলের নেতা-কর্মী রয়েছেন। অনেককে রিমান্ডে নিয়ে বা অবৈধ আটকাদেশ দিয়ে তাঁদের ওপর নির্যাতন চালানো হয়েছে। পরবর্তীতে তাঁদের কারাগারে পাঠানো হলে অকার্যকর বিচার ব্যবস্থার কারণে তাঁরা আদালত থেকে জামিন না পেয়ে দীর্ঘ সময় কারাগারে বন্দি থেকেছেন বলে অভিযোগ রয়েছে। এছাড়া বহু বন্দি বিনাবিচারে বছরের পর বছর কারাগারে আটক আছেন।[৭২]

১৬. এই সময়ে দেশের ৬৮টি কারাগারের মধ্যে প্রায় অধিকাংশ কারাগারের কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে কারাগারে আটক বন্দিদের ওপর নির্যাতন[৭৩]সহ বিভিন্ন ধরনের অনিয়ম ও দুর্নীতি করার ব্যাপক অভিযোগ পাওয়া গেছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় এই ব্যাপারে তদন্ত করে একটি প্রতিবেদনে বলেছে, দেশের ৩৭টি কারাগারে অনিয়ম ও দুর্নীতি 'ওপেন সিক্রেট'। কর্মকর্তা ও কারারক্ষীদের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ থাকলেও শাস্তি হিসেবে তাদের শুধুমাত্র অন্যত্র বদলি করা হয়।[৭৪]

১৭. কারাগারে বন্দিরা অসুস্থ হয়ে পড়লে তাঁরা প্রয়োজনীয় চিকিৎসা থেকে বঞ্চিত হন বলে অভিযোগ রয়েছে। এঁদের মধ্যে অনেক বন্দি মারা যান। অন্যদিকে প্রভাবশালী ও ধনী সুস্থ বন্দিরা চিকিৎসার নামে অর্থের বিনিময়ে হাসপাতালে আরাম আয়েশে থাকেন।[৭৫] উদাহরণস্বরূপ, ২০২০ সালের ৪ মে লেখক মুশতাক আহমেদ ডিজিটাল নিরাপত্তা আইনে গ্রেফতার হওয়ার পর আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের হাতে

---

[৭১] মানবজমিন ৯ জুন ২০২১; https://mzamin.com/article.php?mzamin=277600

[৭২] বাংলাদেশ প্রতিদিন ১০ নভেম্বর ২০২১; https://www.bd-pratidin.com/first-page/2021/11/10/710222

[৭৩] প্রথম আলো, ৪ মার্চ ২০২১; https://www.prothomalo.com/bangladesh/crime/চট্টগ্রামে-কারাগারে-বন্দী-নির্যাতনের-অভিযোগ-তদন্তে-পিবিআই

[৭৪] সমকাল, ১৮ সেপ্টেম্বর ২০২১; https://samakal.com/bangladesh/article/210977704/

[৭৫] সমকাল, ১৮ সেপ্টেম্বর ২০২১; https://samakal.com/bangladesh/article/210977704/

নির্যাতনের শিকার হন এবং কারাগারে প্রয়োজনীয় চিকিৎসা না পেয়ে দীর্ঘ নয়মাস কারাগারে আটক থাকা অবস্থায় ২০২১ সালের ২৫ ফেব্রুয়ারি মারা যান।[৭৬]

১৮. ২৮ মে খাগড়াছড়ি জেলা কারাগারে মিলন বিকাশ ত্রিপুরা (২৬) নামে এক বন্দির মৃত্যু হয়েছে। তাঁর মাথায় আঘাত ও গলায় গামছা পেঁচানোর দাগ দেখা গেছে বলে জানিয়েছে পুলিশ। মিলন বিকাশের পরিবার অভিযোগ করেছে কারাগারে তাঁকে নির্যাতন করে হত্যা করা হয়েছে। ১৬ মে মিলন বিকাশকে গ্রেফতার করা হয়।[৭৭]

১৯. চট্টগ্রাম কারাগারে মোহাম্মদ শামীম নামে এক যাবজ্জীবন সাজাপ্রাপ্ত কয়েদিকে নির্যাতন করার অভিযোগে ২৫ নভেম্বর শামীমের স্ত্রী পারভীন আক্তার চট্টগ্রাম ম্যাজিস্ট্রেট আদালতে কারাগারের জ্যেষ্ঠ তত্ত্বাবধায়ক শফিকুল ইসলাম খানসহ পাঁচজনের বিরুদ্ধে একটি মামলা দায়ের করেন।[৭৮]

### *মৃত্যুদণ্ড প্রথা ও মানবাধিকার লংঘন*

**২০. ২০২১ সালে ০৫ ব্যক্তির মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে এবং নিম্ন আদালত ৩২০ ব্যক্তিকে মৃত্যুদণ্ডে দন্ডিত করেছে।**

২১. দেশের প্রচলিত ফৌজদারি আইনে মৃত্যুদণ্ডের বিধান বহাল থাকায় এবং অকার্যকর বিচার ব্যবস্থার কারণে বিরোধী রাজনৈতিক কর্মী এবং ভিন্নমতাবলম্বীরা মারাত্মক মানবাধিকার লঙ্ঘনের ঝুঁকির মধ্যে রয়েছেন। এক্ষেত্রে সরকার যাকে তার প্রতি হুমকিস্বরুপ বলে মনে করে তাকে আদালতের মধ্যেমে মৃত্যুদণ্ডাদেশ দিতে পারে। অনেক ক্ষেত্রে পুলিশ রিমান্ডে নিয়ে নির্যাতনের মাধ্যমে অভিযুক্তদের স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিতে বাধ্য করে এবং এই স্বীকারোক্তিমূলক জবানবন্দির ওপর ভিত্তি করে আদালত অভিযুক্তকে সর্বোচ্চ সাজা প্রদান করে থাকে।[৭৯] প্রতি বছর নিম্ন আদালতে ব্যাপক সংখ্যক অভিযুক্তকে মৃত্যুদণ্ডে দণ্ডিত করা হচ্ছে। দেশের বিভিন্ন জেলা থেকে প্রতিনিয়ত ডেথ রেফারেন্স মামলা এসে জমা হচ্ছে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে। উচ্চ আদালতে মৃত্যুদন্ডাদেশ এর মামলার নিস্পত্তির ধীরগতির কারণে সারাদেশে বছরের পর বছর অসংখ্য অভিযুক্ত নির্জন প্রকোষ্ঠে (কনডেম্ড সেলে) বন্দি আছেন।[৮০] মৃত্যুদণ্ডপ্রাপ্তদের বেশীর ভাগই দরিদ্র, স্বল্পশিক্ষিত ও সুবিধাবঞ্চিত মানুষ।[৮১]

২২. ৯ জুন দিনাজপুর জেলা কারাগারে আব্দুল হক, ১৭ জুন সিলেটের কেন্দ্রীয় কারাগারে সিরাজুল সিরাজ, ১৫ জুলাই গাজীপুর কাশিমপুর হাই সিকিউরিটি কেন্দ্রীয় কারাগারে ইসলামী চরমপন্থী সংগঠন জামাআতুল মুজাহিদীন বাংলাদেশের সদস্য আসাদুজ্জামান পনির, ৪ অক্টোবর যশোর কেন্দ্রীয় কারাগারে আজিজুল (৫০) এবং মিন্টুর (৫০) মৃত্যুদণ্ড ফাঁসিতে ঝুলিয়ে কার্যকর করা হয়।[৮২]

### *গণপিটুনীতে মানুষ হত্যা*

**২৩. ২০২১ সালে গণপিটুনি দিয়ে ২৯ জনকে হত্যা করা হয়।**

২৪. ২০২১ সালে গণপিটুনী দিয়ে মানুষ হত্যা অব্যাহত ছিল। ক্ষমতাসীনদল আওয়ামী লীগ রাষ্ট্রীয় ও সাংবিধানিক প্রতিষ্ঠানগুলো ধ্বংস করে দিয়ে দেশে জবাবদিহিতাহীন ও দায়মুক্তির পরিবেশ সৃষ্টি করেছে । ফলে দেশে বিচারহীনতার সংস্কৃতি পরিলক্ষিত হচ্ছে। এই কারণে  এবং আইন প্রয়োগকারী সংস্থার প্রতি

---

[৭৬] প্রথম আলো, ৫ মার্চ ২০২১, https://www.prothomalo.com/bangladesh/অজ্ঞাত-স্থানে-৬৯-ঘণ্টা-বেঁধে-কার্টুন-নিয়ে-প্রশ্ন-মারধর

[৭৭] ডেইলি স্টার ৩০ মে ২০২১, https://www.thedailystar.net/bangla/node/227445

[৭৮] প্রথম আলো ২৫ নভেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/বন্দীকে-মারধরের-অভিযোগে-চট্টগ্রামে-জেল-সুপারসহ-পাঁচজনের-বিরুদ্ধে-মামলার-আবেদন

[৭৯] যুগান্তর, ৩১ মে ২০২১; https://www.jugantor.com/country-news/426149/

[৮০] সময়ের আলো, ৩০ জানুয়ারি ২০২১; https://www.shomoyeralo.com/details.php?id=131398

[৮১] প্রথম আলো, ১৮ জুন ২০২১; https://www.prothomalo.com/bangladesh/দেশে-মৃত্যুদণ্ডের-আসামিদের-মধ্যে-দরিদ্র-মানুষ-বেশি-গবেষণা

[৮২] যুগান্তর ৫ অক্টোবর ২০২১; https://www.jugantor.com/country-news/472777/

আস্থাহীনতার ফলে সাধারণ মানুষের মধ্যে আইন নিজের হাতে তুলে নেয়ার প্রবণতা দেখা দিয়েছে এবং গণপিটুনী দিয়ে মানুষ হত্যা করা হচ্ছে। এই সুযোগে ব্যক্তি স্বার্থে গণপিটুনী দিয়ে মানুষ হত্যার প্রবণতাও তৈরি হয়েছে।

২৫.১৫ জানুয়ারি কুমিল্লার চান্দিনায় চোর সন্দেহে অটোরিক্সা চালক রবিউল্লাহ (২৮) নামে এক যুবককে গণপিটুনি দেয়া হলে ২২ জানুয়ারি তিনি ঢাকায় একটি হাসপাতালে মারা যান।[৮৩] ২৬ সেপ্টেম্বর ঢাকার নবাবগঞ্জে চোর সন্দেহে রুনা আক্তার ও পপি আক্তার নামে দুই তরুণীকে গণপিটুনী দিয়ে হত্যা করা হয়।[৮৪] ২৬ নভেম্বর রংপুর জেলার বদরগঞ্জে বৈদ্যুতিক ট্রান্সফরমার চুরির অভিযোগে বাবুল মিয়াকে গণপিটুনী দিয়ে হত্যা করা হয়।[৮৫]

## খ. সাংবিধানিক ও রাষ্ট্রীয় প্রতিষ্ঠান

২৬. মানবাধিকার লঙ্ঘন রোধের ক্ষেত্রে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের অনুপস্থিতি ২০২১ সালেও অব্যাহত ছিল। আওয়ামী লীগ সরকার বিভিন্ন গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে দলীয়করণের মাধ্যমে আজ্ঞাবহ প্রতিষ্ঠানে পরিণত করে তার রাজনৈতিক পরিকল্পনা বাস্তবায়নে ব্যবহার করেছে। এই সময়ে নির্বাচন কমিশন, দুর্নীতি দমন কমিশন, জাতীয় মানবাধিকার কমিশনসহ বিভিন্ন প্রতিষ্ঠানগুলো অকার্যকর প্রতিষ্ঠানে পরিণত হয়েছে এবং বিচার বিভাগের ওপর দলীয় হস্তক্ষেপ থাকায় এর স্বাধীনতা খর্ব হয়েছে। ১৫ অক্টোবর যুক্তরাষ্ট্রভিত্তিক সংস্থা ওয়ার্ল্ড জাষ্টিস প্রজেক্ট (ডব্লিউজেপি) বৈশ্বিক আইনের শাসন সূচক প্রকাশ করেছে। ২০২১ সালে আইনের শাসনের সূচকে ১৩৯টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১২৪তম।[৮৬]

### *নির্বাচন কমিশন ও নির্বাচনী ব্যবস্থা*

২৭.২০০৯ সালে আওয়ামী লীগ দুই তৃতীয়াংশ আসন পেয়ে ক্ষমতায় এসে সংখ্যাগরিষ্ঠতার জোরে ২০১১ সালে সর্বদল স্বীকৃত তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা একতরফাভাবে বাতিল করে দেয়। তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল করার উদ্দেশ্য পরিস্কারভাবে বোঝা যায় যখন পরবর্তীতে ২০১৪ সালের ৫ জানুয়ারি এবং ২০১৮ সালের ৩০ ডিসেম্বর জাতীয় সংসদের দুটি নির্বাচন আওয়ামী লীগ সরকারের অধীনে অনুষ্ঠিত হয়। উভয় নির্বাচনই ছিল বিতর্কিত ও প্রহসনমূলক। পূর্বপরিকল্পনা অনুযায়ী এই দুটি বিতর্কিত নির্বাচনের মাধ্যমে আওয়ামী লীগ জনগণের ভোটের অধিকার কেড়ে নিয়ে ক্ষমতাকে সম্পূর্ণভাবে কুক্ষিগত করে। এই সময়ে নির্বাচন কমিশনের ভূমিকা ছিল ন্যাক্কারজনক। তারা আওয়ামী লীগের সহযোগী হয়ে দেশে নির্বাচন ব্যবস্থাকে ধ্বংস করে দেয়। ফলে দেশে প্রতিষ্ঠিত হয় সরকার নিয়ন্ত্রিত একতরফা নির্বাচন ব্যবস্থা। সরকারিদলের মনোনয়ন পেলেই সেই প্রার্থী বিজয়ী হচ্ছে এবং সরকারিদলের প্রার্থীদের বিনাপ্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হওয়ার পরিস্থিতিও তৈরি করা হয়েছে। এই ধরনের নির্বাচনের মাধ্যমে জনগণ তাঁদের ভোটাধিকার থেকে বঞ্চিত হওয়ায় নির্বাচন কমিশনের প্রতি জনগণ আস্থা হারিয়েছে।

২৮.২০২১ সালে বেশ কয়েকটি জাতীয় সংসদ ও স্থানীয় সরকারের বিভিন্ন পর্যায়ের উপ-নির্বাচন এবং পৌরসভার ও ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়। পৌরসভার নির্বাচনে এবং অন্যান্য উপ নির্বাচনে প্রধান বিরোধীদল বিএনপি ও বামজোটসহ অন্যান্য বিরোধীদল অংশ গ্রহণ করলেও ব্যাপক পক্ষপাতিত্ব ও অনিয়মের কারণে পরবর্তীতে তারা নির্বাচন বর্জন করে। ফলে ইউনিয়ন পরিষদের নির্বাচন প্রধান বিরোধী দলসহ অন্যান্য রাজনৈতিক দলের অংশ না নেয়ার মধ্যে দিয়ে অনুষ্ঠিত হয়। এই নির্বাচনগুলোতে

---

[৮৩] নয়াদিগন্ত, ২২ জানুয়ারি ২০২১; https://www.dailynayadiganta.com/chattagram/557645/

[৮৪] প্রথম আলো ২৭ সেপ্টেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/চোর-সন্দেহে-ধরে-বাড়িতে-নিয়ে-গিয়ে-গণপিটুনি-তরুণী-নিহত

[৮৫] প্রথম আলো ২৮ নভেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/ট্রান্সফরমার-চুরির-অভিযোগে-গণপিটুনিতে-আহত-ব্যক্তির-মৃত্যু

[৮৬] প্রথম আলো ১৬ অক্টোবর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/আইনের-শাসনে-বাংলাদেশের-কী-অবস্থা-জানাল-ডব্লিউজেপি

ক্ষমতাসীন আওয়ামী লীগ এবং আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী ও কিছু সংখ্যক স্বতন্ত্র প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করে। অধিকাংশ জায়গায় ক্ষমতাসীনদল আওয়ামী লীগ ক্ষমতার প্রভাব খাটিয়ে ভোটকেন্দ্র দখলসহ বিভিন্ন জালিয়াতির মাধ্যমে একতরফাভাবে জয়লাভ করে।[৮৭]

## *পৌরসভার নির্বাচন*

২৯. ২০২১ সালে অনুষ্ঠিত পৌরসভার নির্বাচন পাঁচ ধাপে অনুষ্ঠিত হয়। এই নির্বাচন ছিল একতরফা এবং সরকার নিয়ন্ত্রিত। নির্বাচনের তফসিল ঘোষণার পর থেকেই বিরোধীদলের প্রার্থীদের কোণঠাসা করার মধ্যে দিয়ে একতরফা নির্বাচনের পরিকল্পনা বাস্তবায়ন শুরু করে ক্ষমতাসীন আওয়ামী লীগ। ক্ষমতাসীনদলের নেতা-কর্মীদের হুমকির কারণে বিরোধীদল ও স্বতন্ত্র প্রার্থীরা নির্বাচনী প্রচারণা চালাতে পারেননি।[৮৮] নির্বাচনের আগে ক্ষমতাসীনদলের নেতা-কর্মীরা বিরোধী প্রার্থীর মনোনয়নপত্র জমা দানে বাধা দেয়,[৮৯] বিরোধীদল বিএনপির মেয়র প্রার্থীর বাড়িতে গিয়ে আওয়ামী লীগের মেয়র প্রার্থীর সমর্থকরা হামলা চালায় এবং বিরোধীদলের কাউন্সিলর প্রার্থীদের প্রার্থীতা প্রত্যাহার করতে বাধ্য করা হয়।[৯০] এছাড়া নির্বাচনী সভা-সমাবেশ করে ভোট কেন্দ্রদখল, ভোটারদের ভয়ভীতি প্রদর্শনসহ বিভিন্ন অনিয়ম করার বিষয়ে প্রকাশ্যে বক্তব্য দেয় ক্ষমতাসীন দলের নেতারা।[৯১] তারা বিরোধীদলের প্রার্থীদের নির্বাচনী সভাগুলোতে হামলা চালায় এবং নির্বাচনী প্রচারণা চালানোর সময় বিরোধীদলের কর্মীদের মারধর করা হয়।[৯২] এই সময় আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের ব্যবহার করে বিরোধীদলের নেতা-কর্মীদের বিরুদ্ধে মামলা দায়ের করাসহ বিভিন্ন ধরনের নিপীড়ন চালানো হয়।[৯৩] পৌরসভার নির্বাচন হলেও আশে পাশের বিভিন্ন ইউনিয়ন থেকে লোকজন এনে বিভিন্ন জায়গায় তাদের দিয়ে জাল ভোট দেয় ক্ষমতাসীনদলের প্রার্থী।[৯৪] অনেক ক্ষেত্রে কমিশনার পদে ভোটাররা পছন্দের প্রার্থীকে ভোট দেয়ার সীমিত সুযোগ পেলেও অধিকাংশ কেন্দ্রে মেয়র পদে সরকারিদলের প্রার্থীর প্রতীক নৌকাতে প্রকাশ্যে ভোট দিতে বাধ্য করা হয়।[৯৫] নির্বাচনের সময় অনেক ভোট কেন্দ্রে নির্বাচনী কর্মকর্তারা নিজেরাই ব্যালট পেপারে সিল

[৮৭] প্রথম আলো, ৩১ জানুয়ারি ২০২১; https://epaper.prothomalo.com/?pagedate=2021-1-31&edcode=71&subcode=71&mod=1&pgnum=1&type=a

[৮৮] প্রথম আলো, ১ নভেম্বর ২০২১; https://www.prothomalo.com/politics/সিলেটে-আলীগ-প্রার্থীর-প্রচারণায়-হামলার-অভিযোগ, প্রথম আলো, ১ নভেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/পটুয়াখালীতে-বিদ্রোহী-প্রার্থীর-প্রচারে-বাধা-ভাঙচুরের-অভিযোগ, মানবজমিন, ১ নভেম্বর ২০২১; https://mzamin.com/article.php?mzamin=299964&cat=10, প্রথম আলো, ২ নভেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/ডাসারে-স্বতন্ত্র-প্রার্থীর-প্রচারণায়-হামলা-আহত-৩

[৮৯] প্রথম আলো ১১ অক্টোবর ২০২১; https://epaper.prothomalo.com/?mod=1&pgnum=3&edcode=71&pagedate=2021-10-11

[৯০] যুগান্তর, ১৮ জানুয়ারি ২০২১; https://www.jugantor.com/todays-paper/bangla-face/385064/

[৯১] প্রথম আলো, ১৯ জানুয়ারি ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/নৌকার-প্রার্থীকে-ভোট-দিলে-কেন্দ্রে-আসবে-না-দিলে-আসার-দরকার-নাই,নয়াদিগন্ত, ১০ ফেব্রুয়ারি ২০২১; https://www.dailynayadiganta.com/khulna/561844/ মানবজমিন, ১৩ ফেব্রুয়ারি ২০২১; https://mzamin.com/article.php?mzamin=262628&cat=1/

[৯৩] প্রথম আলো, ৭ জানুয়ারি ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/সাভারে-নির্বাচনী-প্রচারণায়-বিএনপির-কর্মী-ও-সমর্থকদের-ওপর-হামলা, প্রথম আলো, ১২ জানুয়ারি; https://www.prothomalo.com/bangladesh/district/টাঙ্গাইলে-বিএনপির-মেয়র-প্রার্থীর-নির্বাচনী-সভায়-হামলা-ভাঙচুর

[৯৪] প্রথম আলো, ১৬ জানুয়ারি ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/নৌকায়-করে-তাঁরা-ভোট-দিতে-আসেন-চর-থেকে

[৯৫] প্রথম আলো, ১৬ জানুয়ারি ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/নজিপুরে-ইভিএমে-নৌকা-প্রতীকে-ভোট-দিতে-বাধ্য-করার-অভিযোগ

মেরে বাক্সে ঢুকিয়েছেন।[৯৬] স্থানীয় প্রশাসন ও আইন প্রয়োগকারী সংস্থার সদস্যরা ক্ষমতাসীনদলকে এই অপকর্মে সহযোগিতা করে বলে অভিযোগ রয়েছে।[৯৭] এই ধরনের একতরফা নির্বাচনের ফলে অধিকাংশ পৌরসভার নির্বাচনের ফলাফল ছিল অগ্রহণযোগ্য।[৯৮]



*কিশোরগঞ্জের কটিয়াদী পৌরসভা নির্বাচনে চড়িয়াকোনা সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে একদল তরুন এসে সব কটি বুথ থেকে ব্যালট পেপার ছিনিয়ে নেন। এই সময় কাউন্সিলর প্রার্থী রণবীর সিং ও আবুল কাসেমের সমর্থকদের মধ্যে সংঘর্ষ হয়। একপর্যায়ে এক পক্ষের সমর্থকদের লাঠিসোঁটা নিয়ে মহড়া দিতে দেখা যাচ্ছে। ছবিঃ প্রথম আলো, ৩১ জানুয়ারি ২০২১*



*নারায়ণগঞ্জের রূপগঞ্জে তারাব সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে গোপন কক্ষে ভোটারের সঙ্গে আরও দুজনের উপস্থিতি। ছবিঃ প্রথম আলো, ১৭ জানুয়ারি ২০২১*



*লক্ষ্মীপুরের রায়পুরা পৌরসভা নির্বাচনে মধুপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রের নারী বুথে ঢুকে বসে রয়েছেন সোনাপুর ইউনিয়নের চেয়ারম্যান ও রায়পুরা উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এবিএম ইউসুফ জালাল কিসমত। ছবি: প্রথম আলো, ২৮ ফেব্রুয়ারি ২০২১*

---

[৯৬] দি ডেইলি স্টার, ২১ সেপ্টেম্বর ২০২১; https://www.thedailystar.net/bangla/সংবাদ/বাংলাদেশ/অপরাধ-ও-বিচার/৪-সহকারী-প্রিজাইডিং-অফিসারসহ-৬-জনের-বিরুদ্ধে-মামলা-263451

[৯৭] সমকাল, ৮ ফেব্রুয়ারি ২০২১; https://samakal.com/whole-country/article/210252093/

[৯৮] প্রথম আলো, ৩০ জানুয়ারি ২০২১; https://epaper.prothomalo.com/?pagedate=2021-1-30&edcode=71&subcode=71&mod=1&pgnum=1&type=a



*আওয়ামী লীগ মনোনীত নৌকার প্রার্থী রেজাউল করিম শিকদারের সমর্থকের হামলায় আহত স্বতন্ত্র প্রার্থী কাজী সবুজ। ছবি: প্রথম আলো, ২ নভেম্বর ২০২১*

## *চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও অন্যান্য নির্বাচন*

৩০.২৭ জানুয়ারি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাচন বিভিন্ন অনিয়ম, জালিয়াতি ও সহিংসতার মধ্যে দিয়ে অনুষ্ঠিত হয়। ভোট গ্রহণে ইভিএম ব্যবহার করা হলেও কেন্দ্রগুলোর গোপনকক্ষে ক্ষমতাসীনদল আওয়ামী লীগের মেয়র প্রার্থীর সমর্থিত ব্যক্তি উপস্থিত থেকে ভোটারদের নৌকা প্রতীকে ভোট দিতে বাধ্য করে। ভোটের শুরুতে পাহাড়তলীতে দুই কাউন্সিলার প্রার্থীর সমর্থকদের মধ্যে সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে মোহাম্মদ আলাউদ্দিন নামে এক ব্যক্তি নিহত হন।[৯৯]

৩১.লক্ষ্মীপুর-২ আসনের উপনির্বাচন[১০০] বিএনপি ও বামজোটসহ অন্যান্য বিরোধীদলগুলো বর্জন করলে ক্ষমতাসীন আওয়ামী লীগ মনোনীত প্রার্থী ও আওয়ামী লীগের রাজনৈতিক মিত্র জাতীয় পার্টির প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। নির্বাচনে আওয়ামী লীগের নেতা-কর্মীরা সব ভোটকেন্দ্রগুলো একচেটিয়াভাবে দখল করে নেয়।[১০১] ৪ সেপ্টেম্বর অনুষ্ঠিত সিলেট-৩ আসনের উপনির্বাচনও[১০২] বিএনপি বর্জন করলে জাতীয় পার্টি এই নির্বাচনে অংশ নেয়। নির্বাচনে ভোটার উপস্থিতি ছিল খুবই কম।[১০৩]



*চট্টগ্রাম নগরের বহদ্দারহাটের এখলাছুর রহমান সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভোট কেন্দ্রের গোপন কক্ষে নির্বাচনী কর্মকর্তা উঁকি মারছেন । ছবিঃ প্রথম আলো, ২৭ জানুয়ারি ২০২১*

---

[৯৯] মানবজমিন, ২৮ জানুয়ারি ২০২১; https://mzamin.com/article.php?mzamin=260565

[১০০] লক্ষীপুর-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য কাজী শহিদ ইসলাম পাপলুকে কুয়েতের একটি আদালত মানব ও অর্থ পাচারের অভিযোগে কারাদণ্ড দেয়। ফৌজদারি অপরাধে দণ্ডিত হওয়ায় গত ২২ ফেব্রুয়ারি আসনটি শূণ্য ঘোষণা করে গেজেট প্রকাশ করে জাতীয় সংসদ সচিবালয়।

[১০১] প্রথম আলো, ২২ জুন ২০২১; https://epaper.prothomalo.com/?mod=1&pgnum=2&edcode=71&pagedate=2021-6-22

[১০২] আওয়ামী লীগের সংসদ সদস্য মাহমুদ উদ সামাদ চৌধুরীর মৃত্যুতে আসনটি শূণ্য হয়।

[১০৩] প্রথম আলো, ৫ সেপ্টেম্বর ২০২১; https://epaper.prothomalo.com/?mod=1&pgnum=1&edcode=71&pagedate=2021-9-5



*সিলেট ৩ আসনের উপনির্বাচনে দক্ষিণ সুরমার পূর্বভাগ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় ফাঁকা কেন্দ্রের সামনে পাহারায় এক গ্রাম পুলিশ। নির্বাচনে ভোটার উপস্থিতি ছিল খুবই কম। দক্ষিণ সুরমার হাজি মোহাম্মদ রাজা চৌধুরী উচ্চ বিদ্যালয় ভোটকেন্দ্র নির্বাচনী কর্মকর্তা অলস বসে আছেন। ছবি: প্রথম আলো, ৫ সেপ্টেম্বর ২০২১*

## *ইউনিয়ন পরিষদের নির্বাচন*

৩২.২০২১ সালে ইউনিয়ন পরিষদ নির্বাচন ব্যাপক সহিংসতার মধ্যে দিয়ে অনুষ্ঠিত হয়। এই নির্বাচন বিএনপিসহ অন্যান্য বিরোধীদল বর্জন করলে আওয়ামী লীগ মনোনীত প্রার্থীদের প্রধান প্রতিদ্বন্দ্বি হয়ে উঠে আওয়ামী লীগের বিদ্রোহী ও স্বতন্ত্র প্রার্থীরা। নির্বাচনে আওয়ামী লীগ হত্যা, ধর্ষণ ও দুর্নীতির দায়ে অভিযুক্ত[১০৪] এবং হিন্দুদের মন্দিরে হামলার ঘটনায় দায়ের করা মামলার চার্জশীটভুক্ত[১০৫] অভিযুক্তদের চেয়ারম্যান পদে মনোনয়ন দেয়। নির্বাচনের তফসিল ঘোষণার পর থেকে নির্বাচনের দিন পর্যন্ত সারা দেশে ব্যাপক সহিংসতার ঘটনা ঘটে এবং ক্ষমতাসীনদল আওয়ামী লীগের মনোনীত প্রার্থীরা বিপক্ষ প্রার্থীদের নানাভাবে হয়রানি এবং প্রতিবন্ধকতা তৈরি করে ও ভোটারদের বিভিন্নভাবে ভয়ভীতি প্রদর্শন করে।[১০৬] নৌকা প্রতীকে ভোট না দিলে ভেটারদের কেন্দ্রে যেতে না দেয়া[১০৭] এবং তাদের উচিৎ শিক্ষা দেয়ার ঘোষণা দেয় আওয়ামী লীগ নেতারা।[১০৮] নির্বাচনের চতুর্থ ধাপে ঠাকুরগাঁও জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক পবারুল ইসলামকে জেলা আওয়ামী লীগ তিনটি ইউনিয়নে নির্বাচন দেখভালের দায়িত্ব দেয়। অথচ নির্বাচন কমিশন পবারুল ইসলামসহ অনেক আওয়ামী লীগ নেতাকে প্রিজাইডিং অফিসার হিসেবে নিয়োগ দেয়।[১০৯] শরিয়তপুর সদর উপজেলার চিতলিয়া ইউনিয়ন পরিষদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের স্বাক্ষর জাল করে মনোনয়নপত্র প্রত্যাহারের অভিযোগ উঠলে প্রার্থীরা এই বিষয়ে জানতে রিটার্নিং অফিসারএর কার্যালয়ে গেলে রিটার্নিং অফিসার আলমগীর হোসেন তাঁদের জানান, ক্ষমতাসীন দলের এমপি ইকবাল হোসেন এর নির্দেশে এই ইউনিয়নে কোনো নির্বাচন হবে না, সবাই সিলেক্টেড হবে।[১১০] সারা দেশে স্বতন্ত্র প্রার্থীদের নির্বাচনী কার্যালয় ভাংচুর করে আওয়ামী লীগ নেতা-কর্মীরা।

---

[১০৪] প্রথম আলো ২৮ নভেম্বর ২০২১; https://epaper.prothomalo.com/?pagedate=2021-11-28&edcode=71&subcode=71&mod=1&pgnum=1&type=a

[১০৫] প্রথম আলো ১৪ অক্টোবর ২০২১; https://epaper.prothomalo.com/?pagedate=2021-10-14&edcode=71&subcode=71&mod=1&pgnum=1&type=a, সমকাল ১৩ অক্টোবর ২০২১; https://samakal.com/whole-country/article/211080796/

[১০৬] প্রথম আলো ২৮ নভেম্বর ২০২১; https://epaper.prothomalo.com/?pagedate=2021-11-28&edcode=71&subcode=71&mod=1&pgnum=1&type=a

[১০৭] প্রথম আলো ৩১ অক্টোবর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/**নাটোরে-নৌকার-ভোটার-ছাড়া-অন্যদের-কেন্দ্রে-যেতে-না-দেওয়ার-হুমকি**

[১০৮] প্রথম আলো ৫ অক্টোবর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/**বাগমারায়-আলীগকে-ভোট-না-দিলে-হিন্দুদের-উচিত-শিক্ষা-দেওয়ার-ঘোষণা-দলীয়-নেতার**

[১০৯] প্রথম আলো ২৪ ডিসেম্বর ২০২১; https://epaper.prothomalo.com/?mod=1&pgnum=4&edcode=71&pagedate=2021-12-24

[১১০] প্রথম আলো ২৮ অক্টোবর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/**এমপি-স্যার-বলেছেন-চিতলিয়ায়-কোনো-নির্বাচন-হবে-না**

ফরিদপুর জেলার নগরকান্দার তালমা ইউনিয়ন পরিষদ নির্বাচনে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী কামাল হোসেন মিয়ার নির্বাচনী কার্যালয় ভাংচুর করে জাতীয় সংসদে ক্ষমতাসীন দলের উপনেতা সাজেদা চৌধুরীর একান্ত সচিব ও আওয়ামী লীগের নেতা মোহাম্মদ শফিউদ্দিন চৌধুরীর নেতৃত্বে একদল দুর্বৃত্ত।[১১১]



*নৌকা প্রতীকের ভোটার ছাড়া অন্য কোনো প্রতীকের ভোটারদের ভোটকেন্দ্রে না আসার হুমকি দিয়েছেন নাটোর জেলা আওয়ামী লীগের যুব ও ক্রীড়া বিষয়ক সম্পাদক মাসুদুর রহমান মাসুদ। ছবি: কালের কণ্ঠ, ৩১ অক্টোবর ২০২১*

৩৩.ইউনিয়ন পরিষদ নির্বাচন হামলা-সংঘর্ষ,[১১২] আগ্নেয়াস্ত্র ব্যবহার করে হত্যা,[১১৩] কেন্দ্রে দায়িত্বরত বিজিবি সদস্যকে হত্যা[১১৪], জোর করে ব্যালটে সিল মারা,[১১৫] ব্যালট ছিনতাই, ভোটারদের ভোট কেন্দ্রে যেতে বাধা, নির্বাচনী কর্মকর্তার গাড়িতে হামলা,[১১৬] এবং প্রার্থীর এজেন্টদের ভোট কেন্দ্রে ঢুকতে না দেয়াসহ[১১৭] বিভিন্ন অনিয়মের মধ্যে দিয়ে অনুষ্ঠিত হয়। এই নির্বাচনে ক্ষমতাসীন আওয়ামী লীগের অভ্যন্তরীণ কোন্দল ব্যাপক আকার ধারন করে এবং প্রাণহানীর[১১৮] অনেকগুলো ঘটনাসহ অনেক ব্যক্তি গুরুতর আহত হন। নির্বাচন পরবর্তীতে দেশের বিভিন্ন জায়গায় সহিংসতার ফলে প্রাণহানীর ঘটনা ঘটে।[১১৯] নির্বাচনে ব্যাপক সহিংসতা ও কারচুপি হলেও নির্বাচন শান্তিপূর্ণভাবে হয়েছে বলে দাবি করেছে সরকারের আজ্ঞাবহ নির্বাচন কমিশন।[১২০]

---

[১১১] প্রথম আলো ৩০ অক্টোবর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/ফরিদপুরে-সংসদ-উপনেতার-এপিএসের-নেতৃত্বে-বিদ্রোহী-প্রার্থীর-কার্যালয়ে-হামলার-অভিযোগ

[১১২] মানবজমিন ২১ সেপ্টেম্বর ২০২১; https://mzamin.com/article.php?mzamin=293859&cat=2/- The daily star, 29 November 2021

[১১৩] প্রথম আলো, ২২ জুন ২০২১; https://epaper.prothomalo.com/?pagedate=2021-6-22&edcode=71&subcode=71&mod=1&pgnum=1&type=a

[১১৪] মানবজমিন ৩০ নভেম্বর ২০২১; https://mzamin.com/article.php?mzamin=304473

[১১৫] প্রথম আলো, ২১ সেপ্টেম্বর ২০২১; https://epaper.prothomalo.com/?pagedate=2021-9-21&edcode=71&subcode=71&mod=1&pgnum=1&type=a

[১১৬] মানবজমিন ২৭ ডিসেম্বর ২০২১; https://mzamin.com/article.php?mzamin=308582

[১১৭] প্রথম আলো ২৮ নভেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/কুলিয়ারচরে-স্বতন্ত্র-প্রার্থীর-এজেন্টদের-ঢুকতে-না-দিতে-কেন্দ্রের-বাইরে-মহড়া

[১১৮] প্রথম আলো, ২২ জুন ২০২১; https://epaper.prothomalo.com/?pagedate=2021-6-22&edcode=71&subcode=71&mod=1&pgnum=1&type=a, প্রথম আলো, ২১ সেপ্টেম্বর ২০২১; https://epaper.prothomalo.com/?pagedate=2021-9-21&edcode=71&subcode=71&mod=1&pgnum=1&type=a প্রথম আলো, ২১ সেপ্টেম্বর ২০২১; https://epaper.prothomalo.com/?pagedate=2021-9-21&edcode=71&subcode=71&mod=1&pgnum=1&type=a

[১১৯] প্রথম আলো, ২২ জুন ২০২১; https://epaper.prothomalo.com/?pagedate=2021-6-22&edcode=71&subcode=71&mod=1&pgnum=1&type=a,বরিশালে নির্বাচন পরবর্তী সহিংসতায় আহত ৩, যুগান্তর ৮ অক্টোবর ২০২১

[১২০] প্রথম আলো, ২২ জুন ২০২১; https://epaper.prothomalo.com/?pagedate=2021-6-22&edcode=71&subcode=71&mod=1&pgnum=1&type=a



*চরফ্যাশন উপজেলার হাজারীগঞ্জ ইউনিয়নের ৫নং ওয়ার্ডের চরফকিরা সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোটকেন্দ্রে দুই ইউপি সদস্য প্রার্থীর সমর্থকদের সংঘর্ষ। ছবি: যুগান্তর, ২২ জুন ২০২১*



*মহেশখালীতে ভোটকেন্দ্রে গুলিতে আহত আবুল কালামকে হাসপাতালে নেয়ার পথে তিনি মারা যান। ছবি: যুগান্তর, ২১ সেপ্টেম্বর ২০২১*

## *দুর্নীতি ও দুর্নীতি দমন কমিশন*

৩৪. দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে একটি স্বাধীন ও নিরপেক্ষ প্রতিষ্ঠান[১২১] হিসেবে দুর্নীতি দমন কমিশনের (দুদক) কাজ করার কথা থাকলেও ক্ষমতাসীনদলের চাপে দুদক অন্যান্য প্রতিষ্ঠানের মতোই একটি আজ্ঞাবহ প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। ফলে দুর্নীতি ব্যাপক আকার ধারণ করেছে এবং এর প্রভাবে দেশের সাধারণ জনগণের জীবন-জীবিকা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। দেশে 'উন্নয়নের' নামে ব্যাপক লুটপাট, অবৈধ ব্যবসা, টেন্ডারবাজি, চাঁদাবাজি, দরিদ্রদের ত্রাণ আত্মসাৎসহ বিভিন্ন দুর্নীতির অভিযোগ রয়েছে ক্ষমতাসীনদলের নেতাকর্মী ও সরকার সমর্থক বিভিন্ন শ্রেণী-পেশার ব্যক্তি এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে। মন্ত্রনালয়ে কাজ পেতে হলে উৎকোচ দিতে হয় বলেও অভিযোগ রয়েছে।[১২২] এই সমস্ত অবৈধ কাজের মাধ্যমে উপার্জিত অর্থ বিদেশে পাচার করা হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে।[১২৩]

[১২১] দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪ (সংশোধিত) ২০১৬ এর ৩ (২) অনুচ্ছেদে বলা আছে, 'এই কমিশন একটি স্বাধীন ও নিরপেক্ষ কমিশন হইবে'।
[১২২] যুগান্তর ২৮ নভেম্বর ২০২১; https://www.jugantor.com/todays-paper/city/492125/
[১২৩] https://www.thedailystar.net/backpage/news/tk-2000cr-laundering-faridpur-al-leader-lands-jail-2020521

### *জাতীয় মানবাধিকার কমিশন*

৩৫. ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকার তার অনুগত আমলাদের নিয়ে জাতীয় মানবাধিকার কমিশন গঠন করে এটিকে একটি সরকারের আজ্ঞাবহ প্রতিষ্ঠানে পরিণত করেছে। আমলা নির্ভর এই কমিশনের বিরুদ্ধে ২০২১ সালেও সরকারের প্রতি আনুগত্যমূলক আচরণের অভিযোগ ছিল। ফলে দাতাসংস্থাগুলো মানবাধিকার লঙ্ঘনের বিরুদ্ধে ভূমিকা রাখতে কমিশনকে যে বিপুল পরিমাণ অর্থায়ন করেছে; তার কোন সুফল পাওয়া যায়নি। দেশে ভয়াবহ মানবাধিকার লঙ্ঘনের ঘটনা অব্যাহত থাকলেও মানবাধিকার পরিস্থিতির উন্নয়নে সরকারের ব্যাপক সাফল্য দেখেছে কমিশন।[১২৪] অভিযোগ রয়েছে বিচারবহির্ভূত হত্যা-গুম-নির্যাতনের মতো গুরুতর মানবাধিকার লঙ্ঘনের ঘটনাগুলো কমিশন পাশ কাটিয়ে গেছে এবং নাগরিকদের মতপ্রকাশের স্বাধীনতা ব্যাপকভাবে লঙ্ঘন হলেও এই ব্যাপারে নিশ্চুপ থেকেছে। এছাড়া মানবাধিকার লঙ্ঘনের বিরুদ্ধে যেসব মানবাধিকারকর্মী সোচ্চার রয়েছেন তাঁদের ওপর সরকারি নিপীড়ন চললেও এই কমিশন নিষ্ক্রিয় থেকেছে। ২০২১ সালের অগাস্ট মাসে প্রকাশিত একটি প্রতিবেদনে জাতীয় মানবাধিকার কমিশন বলেছে, বিচারবহির্ভূত হত্যাকাণ্ড ও আইনপ্রয়োগকারী সংস্থার কিছু সদস্যের বিরুদ্ধে বাড়াবাড়ির অভিযোগ সরকারের জন্য 'কিছুটা ইমেজ সংকটের' সৃষ্টি করেছে। তবে সরকারের মানবাধিকার পরিস্থিতির উন্নয়নে উল্লেখযোগ্য সাফল্য রয়েছে। প্রতিবেদনগুলোতে বিচারবহির্ভূত হত্যা-গুম ও হেফাজতে নির্যাতন ও মৃত্যুর অভিযোগের বিস্তারিত বিবরণ নাই। মাদকবিরোধী অভিযানে 'বন্দুকযুদ্ধে' বহু মানুষের প্রাণহানি প্রসঙ্গে কমিশন বলেছে "মাদকবিরোধী অভিযানকালে 'বন্দুকযুদ্ধে' অভিযুক্ত মাদক চোরাকারবারিদের মৃত্যুর ঘটনা এবং আইন প্রয়োগকারী সংস্থার সদস্যরা জখম হওয়ায় সারা দেশে তীব্র উদ্বেগের সৃষ্টি হয়।" প্রতিবেদনে কমিশন বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের অভিযোগকে 'কথিত অভিযোগ' বলেও উল্লেখ করে।[১২৫]

৩৬. ১০ ডিসেম্বর আন্তর্জাতিক মানবাধিকার দিবসে মার্কিন যুক্তরাষ্ট্রের ট্রেজারি বিভাগ বাংলাদেশে গুরুতর মানবাধিকার লঙ্ঘনের কারণে র‍্যাবের সাবেক ও বর্তমান সাত কর্মকর্তা এবং প্রতিষ্ঠান হিসেবে র‍্যাবের বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করে। জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক ১৮ ডিসেম্বর আয়োজিত এক সংবাদ সম্মেলনে সাবেক স্বরাষ্ট্র সচিব ও কমিশনের বর্তমান সার্বক্ষনিক সদস্য কামাল উদ্দিন আহমেদ বলেন, এই নিষেধাজ্ঞা আরোপের পিছনে রাজনৈতিক একটি উদ্দেশ্য থাকতে পারে। সংবাদ সম্মেলনে সাবেক সচিব ও কমিশনের বর্তমান চেয়ারম্যান নাছিমা বেগম সাংবাদিকদের প্রশ্নের উত্তর দিতে যেয়ে গণমাধ্যমে কমিশনকে নিয়ে যে সমস্ত নেতিবাচক প্রতিবেদন প্রকাশ ও প্রচার হয়েছে তা নিয়ে ক্ষোভ প্রকাশ করেন।[১২৬]

### *বিচার বিভাগের স্বাধীনতা*

৩৭. আওয়ামী লীগ সরকার বিচার বিভাগের ওপর ব্যাপকভাবে হস্তক্ষেপ করায় এর স্বাধীনতা চরমভাবে ক্ষুন্ন হচ্ছে বলে অভিযোগ রয়েছে। এই সরকার মূলত বিচার বিভাগের ওপর নিরঙ্কুশ আধিপত্য বিস্তার করে যখন সরকারের সঙ্গে দ্বন্দ্বের কারণে ২০১৭ সালে তৎকালীন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহাকে পদত্যাগ করতে বাধ্য করা হয়। তিনি কানাডাতে যেয়ে রাজনৈতিক আশ্রয় প্রার্থনা করেন।[১২৭] বাংলাদেশের ইতিহাসে কোনো প্রধান বিচারপতির পদত্যাগের ঘটনা এটাই প্রথম। বিচার বিভাগ এখনও বাজেট এবং তহবিলের জন্য নির্বাহী বিভাগের ওপর নির্ভরশীল। এছাড়া সরকার সুপ্রিম কোর্টের জন্য

---

[১২৪] প্রথম আলো, ৩১ অগাস্ট ২০২১; https://www.prothomalo.com/bangladesh/বন্দুকযুদ্ধে-হত্যাগুমের-মতো-ঘটনা-পাশ-কাটাচ্ছে-মানবাধিকার-কমিশন

[১২৫] প্রথম আলো, ৩১ অগাস্ট ২০২১; https://www.prothomalo.com/bangladesh/বন্দুকযুদ্ধে-হত্যাগুমের-মতো-ঘটনা-পাশ-কাটাচ্ছে-মানবাধিকার-কমিশন

[১২৬] প্রথম আলো ১৯ ডিসেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/প্রশ্নে-জেরবার-মানবাধিকার-কমিশনের-চেয়ারম্যান

[১২৭] Daily star 27 july 2019; https://www.thedailystar.net/backpage/news/sinha-seeks-asylum-canada-1777516

একটি আলাদা সচিবালয় প্রতিষ্ঠা করেনি। অধস্তন আদালতের বিচারকদের পদোন্নতি ও বদলি আইন মন্ত্রণালয় নিয়ন্ত্রণ করে। এখনও সুপ্রিম কোর্টের বিচারকদের নিয়োগের ব্যাপারে কোন আইন তৈরি করা হয়নি। ফলে সম্ভাব্য যোগ্য বিচারকদের নিয়োগ দেয়া হচ্ছে না স্বচ্ছ প্রক্রিয়া না থাকার কারণে।[১২৮]

## গ. রাজনৈতিক সহিংসতা

**৩৮.২০২১ সালে রাজনৈতিক সহিংসতায় কমপক্ষে ১৮২ জন নিহত ও ৮৫৫৮ জন আহত হয়েছেন। নির্বাচনী সহিংসতাও এই পরিসংখ্যানের অর্ন্তভূক্ত। এই সময়ে আওয়ামী লীগের ৪০০টি এবং বিএনপির ১৫টি অভ্যন্তরীণ সংঘাতের ঘটনা রেকর্ড করা হয়েছে। আওয়ামী লীগের অভ্যন্তরীণ সংঘাতে ৬২ জন নিহত ও ৩৪২৪ জন আহত হয়েছেন বলে জানা গেছে। বিএনপির অভ্যন্তরীণ সংঘাতে ১০৯ জন আহত হয়েছেন বলে জানা গেছে।**

৩৯.২০২১ সালে ক্ষমতাসীনদলের নেতা-কর্মীদের দুর্বৃত্তায়ন, সহিংসতা ও অভ্যন্তরীণ কোন্দল ব্যাপক আকার ধারণ করে। এই সময়ে ক্ষমতাসীন আওয়ামী লীগ ও তার বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতা-কর্মীদের বিরুদ্ধে বিরোধী রাজনৈতিক দল ও ছাত্র সংগঠনের নেতা-কর্মীদের ওপর হামলা এবং হত্যা,[১২৯] শিক্ষার্থী[১৩০] ও সাধারণ নাগরিকদের প্রতি নৃশংসতা,[১৩১] নারী ও শিশুদের ওপর সহিংসতা[১৩২] দরিদ্র জনগোষ্ঠির জন্য খাদ্যবান্ধব কর্মসূচির চাল আত্মসাত[১৩৩], প্রকাশ্যে আগ্নেয়াস্ত্র প্রদর্শন[১৩৪] ও গুলিবর্ষণ[১৩৫], বিরোধীদলের কার্যালয়ে[১৩৬] এবং সরকারি কর্মকর্তার বাসভবনে হামলাসহ বিভিন্ন অনৈতিক কমকাণ্ডের অভিযোগ রয়েছে। পৌরসভা ও ইউনিয়ন পরিষদের নির্বাচনকে কেন্দ্র করে এবং বিভিন্ন স্বার্থ সংশ্লিষ্ট দ্বন্দ্বের কারণে ক্ষমতাসীন আওয়ামী লীগের অভ্যন্তরীণ কোন্দল চরম আকার ধারণ করে। দলের নেতা-কর্মীদের কাছে আগ্নেয়াস্ত্রসহ বিভিন্ন মারণাস্ত্র রয়েছে বলে অভিযোগ রয়েছে, যা বিভিন্ন সময়ে প্রকাশ্যে বহন করে ভয়ভীতি প্রদর্শন ও ব্যবহার করতে দেখা গেছে।[১৩৭] বেশীরভাগ ক্ষেত্রেই অভিযুক্তদের বিচারের সম্মুখিন করা হয়নি।

৪০.৯ মার্চ নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার বসুরহাট পৌরসভায় আওয়ামী লীগের দুই গ্রুপের মধ্যে ব্যাপক সংঘর্ষের ঘটনায় আলাউদ্দিন (৩২) নামে এক ব্যক্তি নিহত এবং অর্ধশত লোক আহত হন।[১৩৮] **১৫** জুলাই ফেনীর সুলতানপুর এলাকায় গরু লুটে বাধা দেয়ায় গরু ব্যবসায়ী শাহজালালকে গুলি করে হত্যা করে পুকুরে ফেলে দেয় ফেনী পৌরসভার ৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার ও ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম[১৩৯] ও তার তিন সহযোগী।[১৪০] **১৭** অগাস্ট যশোর জেলা

---

[১২৮] New Age 31 October 2021; https://www.newagebd.net/article/153331/

[১২৯] প্রথম আলো, ২০ জুলাই ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/বাউফলে-ছাত্র-অধিকার-পরিষদের-নেতা-কর্মীর-ওপর-ছাত্রলীগের-হামলা

[১৩০] যুগান্তর ৬ ডিসেম্বর ২০২১; https://www.jugantor.com/todays-paper/first-page/494969/

[১৩১] প্রথম আলো, ১০ এপ্রিল ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/আওয়ামী-লীগ-নেতার-বাসায়-ব্যবসায়ীর-ঝুলন্ত-লাশ

[১৩২] প্রথম আলো, ২৪ জুলাই ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/যুবলীগ-নেতার-হামলায়-নারী-শিশুসহ-আহত-১০

[১৩৩] যুগান্তর ১৯ মে ২০২১,

[১৩৪] প্রথম আলো, ১৬ জুন ২০২১; https://www.prothomalo.com/bangladesh/কর্মকর্তাদের-লাঞ্ছিত-করা-তাঁর-অভ্যাস

[১৩৫] প্রথম আলো, ১০ মার্চ ২০২১; https://epaper.prothomalo.com/?pagedate=2021-3-10&edcode=71&subcode=71&mod=1&pgnum=1&type=a

[১৩৬] প্রথম আলো, ১৭ অগাস্ট ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/যশোর-জেলা-বিএনপির-কার্যালয়ে-ছাত্রলীগের-হামলা-নেতা-আহত

[১৩৭] প্রথম আলো, ১৩ জুন ২০২১; https://en.prothomalo.com/bangladesh/local-news/al-leaders-display-firearms-in-pabna-public-works-office

[১৩৮] প্রথম আলো, ১০ মার্চ ২০২১; https://epaper.prothomalo.com/?pagedate=2021-3-10&edcode=71&subcode=71&mod=1&pgnum=1&type=a

[১৩৯] ২০২১ সালের ৩০ জানুয়ারি অনুষ্ঠিত পৌরসভার নির্বাচনে আবুল কালাম বিনাপ্রতিদ্বন্দ্বিতায় কাউন্সিলার নির্বাচিত হয়েছেন।

বিএনপির কার্যালয়ে আওয়ামী লীগ সমর্থিত ছাত্রলীগের নেতা-কর্মীরা হামলা চালিয়ে ভাংচুর করে এবং জেলা বিএনপির সদস্য গোলাম রেজাকে ছুরিকাঘাত করে।[১৪১] ৪ সেপ্টেম্বর নোয়াখালী জেলা শহরে আওয়ামী লীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ চলাকালে প্রকাশ্যে অস্ত্র হাতে প্রতিপক্ষের দিকে গুলি ছুঁড়তে দেখা গেছে।[১৪২] ৪ নভেম্বর নরসিংদী সদর উপজেলার আলোকবারী ইউনিয়ন পরিষদের নির্বাচনকে কেন্দ্র করে আওয়ামী লীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষে একজন নারীসহ তিনজন নিহত হন।[১৪৩] ৮ ডিসেম্বর শরীয়তপুর সদর উপজেলায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে আওয়ামী লীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ হলে ৫০ জন আহত হন।[১৪৪]



*মাদারীপুরের কালকিনি পৌর এলাকার বিভাগদীতে পৌর নির্বাচনে নৌকায় ভোট না দেয়ায় ভোটারদের বসতবাড়িতে হামলা ও ভাঙচুর। ছবি: প্রথম আলো, ১৬ এপ্রিল ২০২১*



*গণপূর্ত ভবনে ঢুকছেন পাবনা সদর উপজেলা আওয়ামী লীগের বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক ফারুক হোসেন (গোলাপি পাঞ্জাবি), তাঁর পেছনে অস্ত্র হাতে পৌর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এ আর খান (সাদা শার্ট)। তাঁর পেছনে আরেকটি অস্ত্র হাতে জেলা যুবলীগ নেতা শেখ লালু (ডোরাকাটা গেঞ্জি)। ছবি: প্রথম আলো ১২ জুন ২০২১*

---

[১৪০] প্রথম আলো, ১৭ জুলাই ২০২১; https://epaper.prothomalo.com/?mod=1&pgnum=1&edcode=71&pagedate=2021-7-17

[১৪১] প্রথম আলো, ১৭ অগাস্ট ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/যশোর-জেলা-বিএনপির-কার্যালয়ে-ছাত্রলীগের-হামলা-নেতা-আহত

[১৪২] প্রথম আলো, ৭ সেপ্টেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/আলীগের-দুই-পক্ষের-ধাওয়ার-মধ্যে-অস্ত্রধারী-তিন-তরুণের-ভিডিও-ভাইরাল

[১৪৩] প্রথম আলো ৪ নভেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/নরসিংদীতে-ইউপি-নির্বাচন-ঘিরে-আলীগের-দুই-পক্ষের-সংঘর্ষে-নিহত-৩

[১৪৪] যুগান্তর ৮ ডিসেম্বর ২০২১; https://www.jugantor.com/country-news/495944/



*নোয়াখালীতে আওয়ামী লীগের দুই পক্ষের ধাওয়া পাল্টা ধাওয়ার একটি ভিডিও ভাইরাল হয়েছে, যেখানে অস্ত্র হাতে এক তরুণকে দেখা যাচ্ছে। ছবি: প্রথম আলো, ৭ সেপ্টেম্বর ২০২১*

## ঘ. সভা-সমাবেশের স্বাধীনতা

৪১. সরকার নাগরিকদের সভা-সমাবেশ করার অধিকার দমন-পীড়নের মাধ্যমে সংকুচিত করে কর্তৃত্ববাদী ব্যবস্থা টিকিয়ে রেখেছে। এই সময়ে সরকার আইনপ্রয়োগকারী সংস্থার সদস্যদের ব্যবহার করে সভা-সমাবেশ না করতে রাজনৈতিক দলগুলো এবং ভিন্নমতাবলম্বীদের হুমকি দিয়েছে।[১৪৫] বিরোধী রাজনৈতিকদল ও বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে আন্দোলনকারী বিভিন্ন সংগঠনের শান্তিপূর্ণ মিছিল সমাবেশে সরকার এবং সরকারিদলের নেতা-কর্মীরা বাধা দিয়েছে এবং হামলা করেছে। এই সময়ে সমাবেশে পুলিশ গুলি চালিয়েছে[১৪৬] এবং সমাবেশে যোগ দেয়ার কারণে বিরোধীদলীয় নেতা-কর্মীদের আটক করে পুলিশ তাঁদের ওপর নির্যাতন চালিয়েছে।[১৪৭]



*জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশ করতে গেলে পুলিশ লাঠিপেটা করে ছাত্রদলের নেতা-কর্মীদের ছত্রভঙ্গ করে দেয়। দুই পক্ষের মধ্যে কয়েকদফা পাল্টাপাল্টি ধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটে। সমাবেশ ছত্রভঙ্গ করতে পুলিশ কাঁদানে গ্যাস নিক্ষেপ ও ফাঁকা গুলি ছোঁড়ে। ছবিঃ প্রথম আলো, ১ মার্চ ২০২১*

[১৪৫] ঢাকা ট্রিবিউন, ১৪ মার্চ ২০২১; https://bangla.dhakatribune.com/bangladesh/2021/03/14/32756

[১৪৬] নয়াদিগন্ত, ৪ জানুয়ারি ২০২১; https://www.dailynayadiganta.com/more-news/553437/

[১৪৭] যুগান্তর, ২ মার্চ ২০২১; https://www.jugantor.com/politics/398065, প্রথম আলো ১ মার্চ ২০২১; https://www.prothomalo.com/bangladesh/capital/ছাত্রদলের-১৩-নেতাকর্মী-রিমান্ডে

৪২. স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর অনুষ্ঠানে যোগ দিতে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ২৫ মার্চ ঢাকা আগমনের বিরোধীতা করে যুব অধিকার পরিষদ মিছিল করলে পুলিশ সেই মিছিলে হামলা চালায়।[১৪৮] ২৬ মার্চ পুলিশের সঙ্গে মিলে ছাত্রলীগ, যুবলীগ ও স্বেচ্ছাসেবকলীগের নেতা-কর্মীরা বায়তুল মোকারম মসজিদের সামনে বিক্ষোভকারীদের ওপর হামলা চালায়।[১৪৯] নরেন্দ্র মোদির ঢাকা সফরকে কেন্দ্র করে হেফাজতে ইসলাম এর ২৬, ২৭ ও ২৮ মার্চ বিক্ষোভ কর্মসূচি এবং হরতাল চলাকালে পুলিশ ও বিজিবির গুলিতে ১৯ জন নিহত[১৫০] এবং শতাধিক আহত হয়েছেন।[১৫১]



*নরেন্দ্র মোদির বাংলাদেশ সফরের প্রতিবাদে মতিঝিলে বাংলাদেশ ছাত্র ও যুব অধিকার পরিষদের বিক্ষোভ মিছিল। ছবি: প্রথম আলো, ১৫ এপ্রিল ২০২১*



*ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বাংলাদেশ সফরের প্রতিবাদে বিক্ষোভকে কেন্দ্র করে রাজধানীর বায়তুল মোকারম মসজিদের উত্তর গেটে পুলিশের সঙ্গে হেফাজতে ইসলামসহ বেশ কয়েকটি ইসলামপন্থি সংগঠনের কর্মী-সমর্থকদের সংঘর্ষ হয়। এইসময় পুলিশের সঙ্গে অভিযানে যোগ দেয় ছাত্রলীগ ও  যুবলীগ এর নেকার্মীরাও। ছবিঃ মানবজমিন, ২৬ মার্চ ২০২১*

[১৪৮] নয়াদিগন্ত, ২৬ মার্চ ২০২১; https://www.dailynayadiganta.com/first-page/571648/

[১৪৯] মানবজমিন, ২৬ মার্চ ২০২১; https://mzamin.com/article.php?mzamin=267771

[১৫০] নাসির উল্লাহ (২২),রবিউল ইসলাম(২২), কাজী মিরাজুল ইসলাম (২২), ওয়াহিদুল ইসলাম (১৮), মোহাম্মদ আশিক(২০),জহিরুল ইসলাম(৪০),হাফেজ কাওসার আহমেদ(২০), বাদল মিয়া(২৮), হোসেন আহমেদ (২২), কাওসার(৩০), মোহাম্মদ মোসাহিদ মিয়া(১৮), মোহাম্মদ ফয়সাল(১৭), হাফেজ মোহাম্মদ জুবায়ের (১৪), মোহাম্মদ আল আমিন (১৯), লিটন (৩০), কামাল মিয়া (৩২), কালন মিয়া(৪০), আশিকুল ইসলাম (৩২) ও আব্দুল্লা রাতিম(২২)।

[১৫১] প্রথম আলো, ৬ এপ্রিল ২০২১; https://www.prothomalo.com/bangladesh/**সরকারি-হিসাবে-নিহত-১৭-জন-বেশির-ভাগই-সাধারণ-মানুষ**, নয়াদিগন্ত, ২৬ মার্চ ২০২১; https://www.dailynayadiganta.com/chattagram/571875/, প্রথম আলো, ৮ এপ্রিল ২০২১, https://www.prothomalo.com/bangladesh/**নিহতের-সংখ্যা-কত-১৩-১৫-না-১৬**



*হরতালের সমর্থনে সাইনবোর্ড এলাকায় পুলিশ-বিজিবির সঙ্গে হেফাজতে ইসলামের নেতাকর্মীদের সংঘর্ষের ঘটনা ঘটে। ছবিঃ মানবজমিন, ২৮ মার্চ ২০২১*



*ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বংলাদেশ সফরের প্রতিবাদে হাটহাজারী মাদ্রাসার ছাত্ররা প্রতিবাদ মিছিল বের করলে পুলিশ গুলি চালায়। গুলিবিদ্ধ ছাত্রদের হাসপাতালে নেয়া হচ্ছে। ছবিঃ মানবজমিন ২৬ মার্চ ২০২১*

৪৩. ৩ মে ঘরোয়া বৈঠক থেকে জামায়াতে ইসলামী ও ইসলামী ছাত্র শিবিরের নারীসহ নেতা-কর্মীদের পুলিশ আটক করে নাশকতা করার পরিকল্পনার অভিযোগে মামলা দায়ের করেছে।[১৫২]

৪৪. ১৪ জুন বরিশাল নগরীতে সড়ক ও ড্রেন সংস্কার এবং জলাবদ্ধতা নিরসনের দাবিতে বাংলাদেশের সমাজতান্ত্রিক দল (বাসদ) আয়োজিত বিক্ষোভ সমাবেশে ক্ষমতাসীন দলের নেতা-কর্মীরা হামলা চালিয়েছে।[১৫৩]

[১৫২] যুগান্তর, ৫ মে ২০২১; https://www.jugantor.com/todays-paper/bangla-face/418484

[১৫৩] প্রথম আলো, ১৪ জুন ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/**বরিশালে-সড়ক-সংস্কার-দাবিতে-আয়োজিত-মানববন্ধনে-আলীগ-নেতার-হামলা**



*বরিশালে বাসদের সড়ক সংস্কার ও জলাবদ্ধতা নিরসনের দাবিতে আয়োজিত মানববন্ধনের সময় নগরের রুপাতলী বাস টার্মিনাল এলাকায় ব্যানার ছিঁড়ে ফেলেন মহানগর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান মনির মোল্লা। ছবি: প্রথম আলো; ১৪ জুন ২০২১*

৪৫. ৩১ সেপ্টেম্বর গুমের শিকার ব্যক্তিদের স্বজনদের সংগঠন মায়ের ডাক এর প্রতিষ্ঠাতা হাজেরা খাতুনের বাড়িতে দোয়া মহফিলের অনুষ্ঠানে তেজগাঁও থানা পুলিশ অভিযান চালায়। অভিযানের সময় বাড়ির বিভিন্ন ঘরে পুলিশ জোর করে ঢুকে গুমের শিকার ব্যক্তিদের স্বজনদের পেটায়।[১৫৪]

৪৬. ঢাকায় চলাচলকারী যাত্রীবাহী বাসে অর্ধেক ভাড়ার দাবিতে সাধারণ শিক্ষার্থীরা ১৭ ও ২৩ নভেম্বর সড়ক অবরোধ করলে আওয়ামী লীগ সমর্থিত ছাত্রলীগের নেতা-কর্মীরা তাঁদের ওপর হামলা চালায়।[১৫৫]



*আন্দোলনকারী শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের হামলা। মানবজমিন ২৩ নভেম্বর ২০২১*

[১৫৪] নিউ এজ ১ অক্টোবর ২০২১, https://www.newagebd.net/article/153269/police-detain-bnp-activists-at-prayer-session
[১৫৫] মানবজমিন ১৭ নভেম্বর ২০২১; https://mzamin.com/article.php?mzamin=302476, মানবজমিন ২৩ নভেম্বর ২০২১; https://mzamin.com/article.php?mzamin=303422

৪৭.২০ নভেম্বর বরগুনায় গৃহবন্দী বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে বিদেশে নিয়ে উন্নত চিকিৎসা দেয়ার দাবিতে আয়োজিত অনশন কর্মসূচীতে পুলিশ হামলা চালায়।[১৫৬] **১৮** ডিসেম্বর গাজীপুরের টঙ্গীতে বিএনপির ঘরোয়া বৈঠকে পুলিশ বাধা দেয় এবং নেতা-কর্মীদের ওপর লাঠি চার্জ করে।[১৫৭]



*বরগুনায় বিএনপির অনশন কর্মসূচি থেকে নেতাকর্মীদের আটক করে নিয়ে যাচ্ছে পুলিশ। ছবি: প্রথম আলো ২০ নভেম্বর ২০২১*



*প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে চট্টগ্রাম মহানগর বিএনপি কার্যালেয়র সামনে আয়োজিত সভায় যোগ দিতে যাওয়ার পথে নেতা-কর্মীদের ওপর পুলিশের হামলা। ছবি: প্রথম আলো, ৩ সেপ্টেম্বর ২০২১*

## ঙ. মতপ্রকাশের স্বাধীনতা

৪৮.কর্তৃত্ববাদী সরকার অবাধ তথ্যপ্রবাহ রোধে নাগরিকদের বাক, চিন্তা, বিবেক ও মতপ্রকাশের স্বাধীনতা ব্যাপকভাবে লঙ্ঘন করে তাঁদের বিরুদ্ধে মামলা দায়ের ও গ্রেফতারসহ বিভিন্ন নিপীড়ন চালিয়েছে। মিছিলে সাবেক রাষ্ট্রপতি শেখ মুজিবুর রহমান এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে 'মানহানিকর' শ্লোগান দেয়ার অভিযোগে ময়মনসিংহে এডভোকেট উছমান গণি মল্লিক ও এডভোকেট তোফাজ্জল

---

[১৫৬] প্রথম আলো ২০ নভেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/বরগুনায়-বিএনপির-অনশনে-পুলিশের-লাঠিপেটা-আটক-৬

[১৫৭] প্রথম আলো ১৮ ডিসেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/টঙ্গীতে-বিএনপির-ঘরোয়া-সভায়-পুলিশের-বাধা-লাঠিপেটার-অভিযোগ

হোসেনের বিরুদ্ধে ময়মনসিংহ জেলা আওয়ামী আইনজীবী পরিষদের সদস্য সচিব এডভোকেট আবুল কালাম মুহাম্মদ আজাদ নিবর্তনমূলক ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দায়ের করলে তাঁদের দুজনকে কারাগারে পাঠানোর নির্দেশ দেয় আদালত।[১৫৮] ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বাংলাদেশে আগমনের প্রতিবাদে জনগণ যাতে বিভিন্ন সংবাদ/তথ্য আদান-প্রদান করতে না পারে সে জন্য ২৬ মার্চ থেকে ৩০ মার্চ পযন্ত সরকার বাংলাদেশে মোবাইল ৩জি ও ৪জি নেটওয়ার্ক বন্ধ করে রাখে বলে অভিযোগ রয়েছে।[১৫৯] এই সময়ে ব্যাপকভাবে নিবর্তনমূলক ডিজিটাল নিরাপত্তা আইন প্রয়োগ করা হয়। সংবাদমাধ্যমের ওপর চাপ থাকায় বিভিন্ন ঘটনা গণমাধ্যমে প্রকাশিত না হলেও তা সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে প্রকাশিত হয়েছে। এই অবস্থায় সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোকেও সরকার ব্যাপক নজরদারির মধ্যে নিয়ে আসে।[১৬০]

### *নিবর্তনমূলক আইনের প্রয়োগ, ডিজিটাল নিরাপত্তা ও নজরদারী*

৪৯. **২০২১ সালে ডিজিটাল নিরাপত্তা আইনে ১৩৪ জনকে গ্রেফতার করা হয়েছে। এর মধ্যে প্রধানমন্ত্রী, সরকারের উচ্চ পর্যায়ের ব্যক্তি, তাঁদের পরিবারের সদস্যদের বিরুদ্ধে সমালোচনামূলক পোস্ট/শেয়ার/কমেন্ট করা এবং সরকারবিরোধী বক্তব্যের কারণে ডিজিটাল নিরাপত্তা আইনে ১১১ জনকে গ্রেফতার করা হয়েছে। এছাড়া ফেসবুকে ধর্মীয় বিষয়ে 'উসকানিমূলক' বক্তব্যের অভিযোগে ২৩ জনকে গ্রেফতার করা হয়েছে।**

৫০. সরকার বিরোধী দল-মত ও ভিন্নমতাবলম্বীদের দমন করতে নিবর্তনমূলক ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ প্রয়োগ করেছে। এছাড়া তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬ (সংশোধনী ২০০৯ ও ২০১৩) বহাল রেখে এই আইনে দায়েরকৃত মামলায় বিরোধী রাজনৈতিক নেতা-কর্মী, ভিন্নমতাবলম্বী ও মানবাধিকার কর্মীদের হয়রানি করেছে এবং সাজা দিয়ে করাগারে পাঠিয়েছে। এই সময়ে সরকারের বিভিন্ন ব্যর্থতা, দুর্নীতি ও অনিয়ম নিয়ে এবং বাংলাদেশ ও ভারতের প্রধানমন্ত্রীসহ বাংলাদেশ সরকার ও ক্ষমতাসীনদলের মন্ত্রী, উচ্চ পর্যায়ের ব্যক্তি বা নেতার সমালোচনা করে সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট বা শেয়ার দেয়ার কারণে, বিরোধী রাজনৈতিক দলের নেতা[১৬১], জনপ্রতিনিধি[১৬২], শ্রমিক নেতা, ইসলামী বক্ত,[১৬৩] স্কুল ও কলেজ শিক্ষার্থী[১৬৪] এবং সাংবাদিকসহ[১৬৫] বিভিন্ন শ্রেণী-পেশার নাগরিকের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দায়ের করা হয়েছে।

৫১. বিদেশে অবস্থান করে সরকার বিরোধী টক শো প্রচার করার কারণে সাংবাদিক কনক সারোয়ারের বোন নুসরাত শাহরিন রাকাকে বাংলাদেশে মিথ্যা অভিযোগে গ্রেফতার করার অভিযোগ পাওয়া গেছে।[১৬৬] অধিকাংশ ক্ষেত্রেই মামলা দায়ের করেছে ক্ষমতাসীনদলের নেতা-কর্মীরা। মামলা দায়েরের পরপরই আইন প্রয়োগকারী সংস্থার সদস্যরা দ্রত অভিযুক্তদের গ্রেফতার করেছে এবং রিমান্ডে[১৬৭] নিয়ে জিজ্ঞাসাবাদের নামে অভিযুক্তদের নির্যাতন করেছে বলে অভিযোগ রয়েছে। আদালত থেকে এই আইনে দায়েরকৃত

---

[১৫৮] মানবজমিন ১ ডিসেম্বর ২০২১; https://mzamin.com/article.php?mzamin=304613&cat=9/

[১৫৯] মানবজমিন, ২৮ মার্চ ২০২১; https://mzamin.com/article.php?mzamin=268012

[১৬০] প্রথম আলো, ৩ জুন ২০২১; https://www.prothomalo.com/bangladesh/**ফেসবুক-ও-ইউটিউবকে-নিবন্ধনের-আওতায়-আনতে-চায়-সরকার**

[১৬১] যুগান্তর ২১ এপ্রিল ২০২১; https://www.jugantor.com/national/413952/

[১৬২] যুগান্তর ১৮ অক্টোবর ২০২১; https://www.jugantor.com/country-news/477159/

[১৬৩] নয়াদিগন্ত ৮ এপ্রিল ২০২১; https://www.dailynayadiganta.com/first-page/574416/

[১৬৪] অধিকার এর সঙ্গে সংশ্লিষ্ট ঠাকুরগাঁওয়ের মানবাধিকার কর্মীর পাঠানো প্রতিবেদন

[১৬৫] অধিকারএর সঙ্গে সংশ্লিষ্ট খুলনার মানবাধিকার কর্মীর পাঠানো প্রতিবেদন, প্রথম আলো ১৯ অক্টোবর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/

[১৬৬] প্রথম আলো ৬ অক্টোবর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/capital/**কনক-সারোয়ারের-বোনকে-গ্রেপ্তার-করেছে-র্যাব-দিয়েছে-মাদকের-মামলা**

[১৬৭] প্রথম আলো ৭ অক্টোবর ২০২১; https://epaper.prothomalo.com/?mod=1&pgnum=4&edcode=71&pagedate=2021-10-7

মামলায় অভিযুক্ত ব্যক্তিদের জামিন পেতে বিলম্ব হয়েছে বলে অভিযোগ রয়েছে এবং জামিন পাওয়ার পরও আবার তা বাতিল করা হয়েছে।[১৬৮] আর্টিকাল নাইনটিন নামে একটি সংগঠন বলেছে, ২০২১ সালের জানুয়ারি থেকে নভেম্বর পর্যন্ত ডিজিটাল নিরাপত্তা আইনে দায়েরকৃত মামলাগুলোর ৪০ পার্সেন্ট দায়ের করা হয়েছে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, মন্ত্রীসভার সদস্য, আওয়ামী লীগের নেতা ও সংসদ সদস্যদের বিরুদ্ধে ফেসবুকে পোস্ট দেয়ার কারণে।[১৬৯] ক্ষমতাসীন আওয়ামী লীগের নেতা এবং মন্ত্রীদের বিরুদ্ধে ফেসবুকে কমেন্ট করার অভিযোগে একটি ঘটনায় একাধিক মামলা দায়েরের উদাহরন রয়েছে।[১৭০]

৫২.ফেসবুকে সরকারবিরোধী বক্তব্য দেয়ার কারণে ডাকসুর সাবেক ভিপি নুরুল হক[১৭১] এবং ইসলামী ওয়াজ মহফিলের বক্তা রফিকুল ইসলামের বিরুদ্ধে দেশের বিভিন্ন জেলায় ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দায়ের করা হয়। রফিকুল ইসলামকে গ্রেফতার করে রিমান্ডে নেয়া হয়।[১৭২]

৫৩.৪ জুলাই প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ অন্যান্য রাজনীতিবিদদের জড়িয়ে পোস্ট দেন ঝালকাঠি জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য রফিকুল ইসলাম। এই ঘটনায় তাঁর বিরুদ্ধে ৭ জুলাই ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা করেন রাজাপুর শহর ছাত্রলীগের সাবেক সভাপতি মোহাম্মদ সাব্বির খান । ২২ অগাস্ট রফিকুল ইসলামকে পুলিশ গ্রেফতার করে। পরে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ থেকে জামিন পেয়ে কারাগার থেকে মুক্ত হন তিনি। এরপর আপিল বিভাগের চেম্বার জজ আদালত তাঁর জামিন বাতিল করলে ৩০ নভেম্বর রফিকুল ইসলাম ঝালকাঠি সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট শেখ আনিসুজ্জামানের আদালতে হাজির হলে তাঁকে কারাগারে পাঠানো হয়।[১৭৩]

৫৪.২০ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের সাবেক প্রধানমন্ত্রী মনমোহন সিংয়ের ছবি বিকৃত করে ফেসবুকে প্রচার করার অভিযোগে নাটোর জেলার সিংগরা উপজেলার শেরকুলি ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আখতার হোসেন (৪৫)কে নিবর্তনমূলক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬ (সংশোধনী ২০০৯ ও ২০১৩) এর আওতায় দোষী সাব্যস্ত করে ৭ বছরের সাজা এবং এক লক্ষ টাকা জরিমানা করেন রাজশাহী সাইবার ট্রাইবুনালের বিচারক মোহাম্মদ জিয়াউর রহমান।[১৭৪]

## *সংবাদ মাধ্যমের স্বাধীনতা এবং সাংবাদিকের ওপর হামলা*

৫৫.**২০২১ সালে পেশাগত দায়িত্ব পালনের সময় ০১ জন সাংবাদিক নিহত, ৪৩ জন আহত, ২৬ জন লাঞ্ছিত, ৩০ জন আক্রমণের শিকার, ১৪ জন হুমকির সম্মুখীন, ০৭ জন গ্রেফতার, ০১ জন অপহৃত এবং ১০ জন সাংবাদিকের বিরুদ্ধে মামলা হয়েছে।**

৫৬.২০২১ সালে ক্ষমতাসীনদলের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তি ও সরকারি কর্মকর্তাদের বিরুদ্ধে দুর্নীতিসহ বিভিন্ন সংবাদ প্রকাশ করার কারণে সাংবাদিকদের বিরুদ্ধে নিবর্তনমূলক ডিজিটাল নিরাপত্তা আইনসহ বিভিন্ন আইনে মামলা দায়ের ও গ্রেফতার করে হয়রানি করা হয়েছে। এই সময়ে অনুষ্ঠিত স্থানীয় সরকার নির্বাচনে অনিয়ম এবং দুর্নীতিসহ বিভিন্ন বিষয়ে সংবাদ সংগ্রহ করতে যেয়ে সাংবাদিকরা ক্ষমতাসীনদলের

---

[১৬৮] প্রথম আলো ৩০ নভেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/ডিজিটাল-নিরাপত্তা-আইনে-বিএনপি-নেতা-রফিকুল-আবার-কারাগারে

[১৬৯] New Age, 28 December 2021; https://www.newagebd.net/article/158429/

[১৭০] মানবজমিন ৩০ নভেম্বর ২০২১; https://mzamin.com/article.php?mzamin=304645

[১৭১] মানবজমিন ৩০ নভেম্বর ২০২১; https://mzamin.com/article.php?mzamin=304645

[১৭২] প্রথম আলো ১১ এপ্রিল ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/গাজীপুরে-শিশু-বক্তা-রফিকুল-মাদানীর-নামে-আরেকটি-মামলা

[১৭৩] প্রথম আলো ৩০ নভেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/ডিজিটাল-নিরাপত্তা-আইনে-বিএনপি-নেতা-রফিকুল-আবার-কারাগারে

[১৭৪] New Age, 20 september 2021; https://www.newagebd.net/article/149627/bnp-leader-jailed-for-7yrs-for-distorting-photos-of-hasina-manmohan

নেতা-কর্মী ও প্রভাবশালীদের হামলার শিকার হয়েছেন।[১৭৫] এই সময়ে একজন সাংবাদিক নিহত হয়েছেন। কুড়িগ্রামে সাবেক জেলা প্রশাসক সুলতানা পারভীনকে নিয়ে প্রতিবেদন প্রকাশ করায় ২০২০ সালের ১৩ মার্চ বাংলা ট্রিবিউনের জেলা প্রতিনিধি আরিফুল ইসলামকে তাঁর বাড়ি থেকে তুলে নিয়ে নির্যাতন এবং সাজা দেয়ার ঘটনায় তাঁকে লঘু দণ্ডের শাস্তি দেয় জনপ্রশাসন মন্ত্রণালয়।[১৭৬] ২০২১ সালের ২৩ নভেম্বর রাষ্ট্রপতি সুলতানা পারভীনকে এই অভিযোগের দায় থেকে অব্যাহতি দেন।[১৭৭] সাংবাদিকদের অধিকার নিয়ে কাজ করে এমন একটি সংগঠন কমিটি টু প্রটেক্ট জার্নালিস্টস (সিপিজে) এর 'গ্লোবাল ইমপিউনিটি ইনডেক্স-২০২১' এ তথ্য উঠে এসেছে যে, বিশ্বে সাংবাদিক হত্যার বিচার না হওয়া দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান ১১তম।[১৭৮] এছাড়া ২০২১ সালের ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম ইনডেক্স অনুযায়ী ১৮০টি দেশের ওপর রিপোর্টার্স উইদাউট বর্ডার এর পরিচালিত জরিপে বাংলাদেশের অবস্থান ১৫২তম (স্কোর ৪৯.৭১), যা গত বছরের চেয়ে একধাপ পিছিয়েছে।[১৭৯]



*সিরাজগঞ্জে পেশাগত দায়িত্ব পালনের সময় হামলা চালানোর প্রতিবাদে সিরাজগঞ্জ-নলকা আঞ্চলিক সড়ক অবরোধ করে অবস্থান কর্মসূচি পালন করেন সাংবাদিকেকরা । ছবি: প্রথম আলো ৭ নভেম্বর ২০২১*

৫৭. ১৯ ফেব্রুয়ারি নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলায় আওয়ামী লীগের দুই গ্রুপের সমর্থকদের মধ্যে সংঘর্ষের খবর সংগ্রহ করতে গেলে দৈনিক সমাচার এর কোম্পানীগঞ্জ উপজেলা প্রতিনিধি বুরহান উদ্দিন মুজাক্কির গুলিবিদ্ধ হয়ে নিহত হন।[১৮০]

৫৮. কোভিড-১৯ এর মহামারিতে স্বাস্থ্যখাতের লুটপাট ও দুর্নীতি নিয়ে প্রতিবেদন তৈরি করতে প্রথম আলোর জ্যেষ্ঠ প্রতিবেদক রোজিনা ইসলাম ১৭ মে স্বাস্থ্য মন্ত্রণালয়ে গেলে স্বাস্থ্য সচিবের প্রাইভেট সেক্রেটারির কক্ষে প্রায় ছয় ঘন্টা আটকে রেখে তাঁর ওপর নিপীড়ন চালান স্বাস্থ্য মন্ত্রণালয়ের কর্মকর্তারা। পরবর্তীতে

---

[১৭৫] প্রথম আলো ৮ জানুয়ারি ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/মেয়র-প্রার্থীর-সমর্থকদের-বিরুদ্ধে-দুই-সাংবাদিককে-লাঞ্ছিত-করার-অভিযোগ, প্রথম আলো ১১ নভেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/বড়াইগ্রামে-কেন্দ্রের-ভেতর-স্বতন্ত্র-প্রার্থী-ও-সাংবাদিককে-মারধর-গাড়ি-ভাঙচুর, প্রথম আলো ৭ নভেম্বর ২০৯২১; https://www.prothomalo.com/bangladesh/district/সিরাজগঞ্জে-সাংবাদিকদের-ওপর-হামলা-চালানোর-প্রতিবাদে-সড়ক-অবরোধ

[১৭৬] প্রথম আলো, ১৫ মার্চ ২০২০; https://epaper.prothomalo.com/?pagedate=2020-3-15&edcode=71&subcode=71&mod=1&pgnum=1&type=a

[১৭৭] প্রথম আলো ২৭ নভেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/কুড়িগ্রামের-সাবেক-ডিসিকে-অভিযোগ-থেকে-অব্যাহতি

[১৭৮] প্রথম আলো ২৮ অক্টোবর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/সাংবাদিক-হত্যার-বিচার-না-হওয়া-দেশের-তালিকায়-বাংলাদেশ-১১তম-সিপিজে

[১৭৯] ডেইলি স্টার, ২০ এপ্রিল ২০২১; https://www.thedailystar.net/world/news/world-press-freedom-index-finds-journalism-blocked-over-100-countries-2080641, Also available at: https://rsf.org/en/bangladesh

[১৮০] নয়াদিগন্ত, ২৩ ফেব্রুয়ারি ২০২১; https://www.dailynayadiganta.com/chattagram/564759/

শাহবাগ থানায় রোজিনা ইসলামের বিরুদ্ধে দণ্ডবিধির ৩৭৯ ধারায় এবং অফিশিয়াল সিক্রেটস অ্যাক্টের ৩ ও ৫ ধারায় মামলা দায়ের করা হয়।[১৮১]



*কারাগারের পথে রোজিনা ইসলাম। ছবি: প্রথম আলো, ২৩ মে ২০২১*

৫৯. বগুড়ায় পরিবার পরিকল্পনা বিভাগের একটি প্রকল্পে কর্মরতদের ভাতা বিতরণের দুর্নীতি নিয়ে সংবাদ প্রকাশের জেরে ১৭ জুলাই রাতে দৈনিক বাণিজ্য প্রতিদিন পত্রিকার বগুড়া জেলা প্রতিনিধি আক্তারুজ্জামানকে বাসা থেকে তুলে নিয়ে যায় গোয়েন্দা পুলিশের সদস্যরা। এরপর তাঁর বিরুদ্ধে বগুড়া সদর থানায় ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দায়ের করা হয়।[১৮২]

৬০. ২৬ ডিসেম্বর ঠাকুরগাঁও সদর উপজেলার রুহিয়া পশ্চিম ইউনিয়নের ধনতরাডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোটকেন্দ্রে আওয়ামী লীগ মনোনিত চেয়ারম্যান প্রার্থীর সমর্থকরা ব্যালট ছিনিয়ে নিয়ে নৌকা মার্কায় সিল মারতে থাকে। তখন দৈনিক মতপ্রকাশের প্রতিনিধি হাসিনুর রহমান এই ঘটনার ছবি তুলতে গেলে নৌকার সমর্থকরা তাঁকে মারধর করে এবং তাঁর ক্যামেরা ও মুঠোফোন ছিনিয়ে নেয়।[১৮৩]

## চ. শ্রমিকদের অধিকার

৬১. ২০২১ সালে শ্রমিকদের ওপর কর্তৃপক্ষের দমন-নিপীড়ন অব্যাহত ছিল। এই সময়ে শ্রমিকরা বিভিন্নভাবে মানবাধিকার লঙ্ঘনের শিকার হয়েছেন এবং আহত ও নিহত হয়েছেন। বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ(বিলস) এর তথ্য অনুযায়ী ২০২১ সালে বিভিন্ন সেক্টরে কাজ করতে গিয়ে দুর্ঘটনায় ১০৫৩ জন শ্রমিক নিহত এবং ৫৯৪ জন আহত হয়েছেন। এই সময়ে কর্মস্থলে ১৪৮ জন শ্রমিক বিভিন্ন ধরনের নিপীড়নের শিকার এবং ১২৫ জন শ্রমিক আহত হয়েছেন।

### *তৈরি পোশাক শিল্প শ্রমিকদের মানবাধিকার লঙ্ঘন*

৬২. বিলসএর তথ্য মতে  তৈরী পোশাকশিল্প কারখানায় ৪ জন শ্রমিক নিহত এবং ৫ জন শ্রমিক আহত হয়েছেন। এই সময়ে ১৮২টি শ্রমিক অসন্তোষের ঘটনা ঘটেছে। আন্দোলন করার সময় ১৩৬ জন শ্রমিক আহত হয়েছেন।

৬৩. ২০২১ সালে তৈরি পোশাক শিল্প শ্রমিকরা বকেয়া বেতন[১৮৪] ও মাতৃকালীন সুবিধার[১৮৫] দাবিতে এবং কারখানা বন্ধ[১৮৬] ও শ্রমিক ছাঁটাইয়ের[১৮৭] প্রতিবাদে আন্দোলন করতে বাধ্য হয়েছেন। এই সময়ে বেশির

---

[১৮১] প্রথম আলো, ২৩ মে ২০২১; https://www.prothomalo.com/bangladesh/জামিন-পেলেন-সাংবাদিক-রোজিনা

[১৮২] নয়া, দিগন্ত, ১৮ জুলাই ২০২১; https://www.dailynayadiganta.com/organization/595954/

[১৮৩] নয়াদিগন্ত ২৬ ডিসেম্বর ২০২১; https://www.dailynayadiganta.com/rangpur/632168/

[১৮৪] প্রথম আলো ১৩ সেপ্টেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/বকেয়া-বেতন-ও-কারখানা-খোলার-দাবিতে-গাজীপুরে-শ্রমিকদের-বিক্ষোভ

[১৮৫] যুগান্তর ৩০ নভেম্বও ২০২১, **https://www.jugantor.com/todays-paper/second-edition/492982/টঙ্**

ভাগ বিক্ষোভই হয়েছে বকেয়া বেতনের দাবিতে। চার মাস থেকে তিন বছর পর্যন্ত শ্রমিকদের বেতন বকেয়া রেখেছে কারখানা কর্তৃপক্ষ। এই সময়ে শ্রমিকদের বিক্ষোভে পুলিশ হামলা চালিয়েছে এবং টিয়ারসেল, সাউন্ড গেনেড নিক্ষেপ ও গুলি ছুঁড়েছে।[১৮৮] অজ্ঞাতনামা দুর্বৃত্তরাও মালিকদের পক্ষ নিয়ে শ্রমিকদের ওপর হামলা করেছে।[১৮৯] পুলিশের হামলায় এবং গুলিতে অনেক শ্রমিক আহত হয়েছেন।[১৯০]

৬৪. উল্লেখ্য, ১৩ জুন শ্রমিকরা বকেয়া বেতনের দাবিতে নবীনগর-চন্দ্রা মহাসড়ক অবরোধের চেষ্টা করলে পুলিশ তাঁদের ওপর হামলা চালায়। এই সময় পুলিশের ধাওয়ায় বৈদ্যুতিক খুঁটিতে মাথায় আঘাত লেগে জেসমিন বেগম নামে একজন নারী শ্রমিক নিহত হন।[১৯১]



*পোশাক কারখানা বন্ধ ঘোষণার প্রতিবাদে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করেন শ্রমিকরা। ছবি: প্রথম আলো ১০ অক্টোবর ২০২১*




*গাজীপুরের শ্রীপুরের ছাপিলাপাড়ায় বকেয়া বেতন-বোনাসের দাবিতে কারখানার সড়কে শ্রমিকদের অবস্থান। ছবি: প্রথম আলো ১৫ জুলাই ২০২১*

---

[১৮৬] প্রথম আলো ১০ অক্টোবর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/দুটি-পোশাক-কারখানা-বন্ধ-ঘোষণার-প্রতিবাদে-গাজীপুরে-মহাসড়ক-অবরোধ

[১৮৭] যুগান্তর ৫ অগাস্ট ২০২১, https://www.jugantor.com/country-news/450620/

[১৮৮] নয়াদিগন্ত ১৮ জুলাই ২০২১ https://www.dailynayadiganta.com/dhaka/595945/

[১৮৯] প্রথম আলো, ১৫ জুলাই ২০২১; https://epaper.prothomalo.com/?mod=1&pgnum=6&edcode=71&pagedate=2021-7-15

[১৯০] প্রথম আলো, ১০ মে ২০২১; https://www.prothomalo.com/bangladesh/ছুটি-বাড়াতে-রাস্তায়-শ্রমিকেরা-পুলিশের-গুলিলাঠিপেটা

[১৯১] প্রথম আলো, ১৪ জুন ২০২১; https://epaper.prothomalo.com/?mod=1&pgnum=6&edcode=71&pagedate=2021-6-14



*ছুটির দাবিতে সড়কে নামলে পুলিশ রবার বুলেট ছোঁড়ে ও লাঠিচার্জ করে। ছবি: প্রথম আলো, ১০ মে ২০২১*




*নারায়ণগঞ্জের আদমজী ইপিজেড এলাকায় মারমুখী পুলিশ। ছবি: প্রথম আলো, ১০ জানুয়ারি ২০২১*

৬৫.২০২১ সালেও বহু তৈরি পোশাক শিল্প কারখানায় শ্রমিকরা ট্রেড ইউনিয়নের অধিকার থেকে বঞ্চিত থেকেছেন। ইউনিয়ন করতে গেলেই সাধারণ শ্রমিকরা হয়রানির মুখে পড়েছেন। অনেকে ছাঁটাই ও হামলার শিকার হয়েছেন। আইনের মারপ্যাঁচে অনেক প্রকৃত ট্রেড ইউনিয়নের আবেদন বাতিল করা হয়েছে। এর সঙ্গে যুক্ত রয়েছে শ্রম অধিদপ্তরের দুর্নীতিপরায়ন কর্মকর্তারা।[১৯২] নারী শ্রমিকরা কারখানায় বিভিন্ন ধরনের বঞ্চনা এবং নিপীড়নের শিকার হয়েছেন।

## *অন্যান্য শিল্পের শ্রমিকদের ওপর নিপীড়ন*

৬৬.১৭ এপ্রিল চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলার গন্ডামারায় চীনা প্রতিষ্ঠান সেপকো ইলেকট্রিক পাওয়ার কনস্ট্রাকশন কর্পোরেশন এর অর্থায়নে বাংলাদেশী প্রতিষ্ঠান এস আলম গ্রুপ এর এসএম পাওয়ার প্ল্যান্ট নামে একটি কয়লাভিত্তিক বিদুৎ কেন্দ্রের নির্মাণকাজে নিয়োজিত শ্রমিকরা কর্মঘন্টা কমিয়ে আনা, বেতন

[১৯২] প্রথম আলো, ১ মে ২০২১; https://www.prothomalo.com/business/industry/কাগুজে-ট্রেড-ইউনিয়নের-সংখ্যাই-বাড়ছে

বাড়ানো, বিশুদ্ধ পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা চালুসহ ১২ দফা দাবি নিয়ে[১৯৩] বিক্ষোভ করলে পুলিশ বিক্ষোভরত শ্রমিকদের ওপর গুলি চালায়। এতে ৭[১৯৪] জন শ্রমিক নিহত হন।[১৯৫]



*চট্টগ্রামে বাঁশখালীর কয়লা বিদ্যুৎ প্রকল্পে শ্রমিক-পুলিশ সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ এক শ্রমিককে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হচ্ছে। ছবি: দৈনিক আমাদের সময়, ১৮ এপ্রিল ২০২১*



*বাঁশখালী উপজেলা হাসপাতালে নিহত শ্রমিক আহমেদ রেজার লাশ নিয়ে মায়ের কান্না। ছবি: প্রথম আলো ১৭ এপ্রিল ২০২১*

৬৭.৮ জুলাই নারায়ণগঞ্জের রূপগঞ্জে সজিব গ্রুপের হাসেম ফুডস্ কারখানায় এক ভায়বহ অগ্নিকাণ্ডে ৫৪ জন শ্রমিক নিহত এবং অর্ধশত শ্রমিক আহত হন।[১৯৬] হতাহত শ্রমিকদের অধিকাংশই ছিলো শিশু।[১৯৭] ভবনের ভেতরে অবস্থিত গোডাউন নিয়মবহির্ভূতভাবে গড়ে তোলা হয়েছিল এবং ভবনে অগ্নিনির্বাপনের কোনো

---

[১৯৩] আমাদের সময়, ১৮ এপ্রিল ২০২১; https://www.dainikamadershomoy.com/post/311353

[১৯৪] আহমেদ রেজা (১৮), রনি (২২), শুভ (২৪), মোহাম্মদ রাহাত (২২), মোহাম্মদ রায়হান (১৮), রাজেউল ইসলাম (২৫) ও শিমুল আহমেদ (২২)

[১৯৫] প্রথম আলো, ১৭ এপ্রিল ২০২১; https://www.prothomalo.com/bangladesh/**শ্রমিকেরা-গুলিবিদ্ধ-পুলিশের-শরীরে-ইটপাথরের-আঘাত**, বিজনেজ স্ট্যান্ডার্ড, ২২ মে ২০২১, https://www.tbsnews.net/bangladesh/irregular-payment-mismanagement-behind-banskhali-clash-probe-report-249262

[১৯৬] ঢাকা ট্রিবিউন, ৯ জুলাই ২০২১; https://www.dhakatribune.com/bangladesh/nation/2021/07/09/narayanganj-factory-fire-rages-on-many-feared-dead, Dhaka ঢাকা ট্রিবিউন, ৩১ অগাস্ট ২০২১; https://www.dhakatribune.com/bangladesh/2021/08/31/citizens-probe-hashem-food-factory-fire-a-mere-murder-due-to-negligence

[১৯৭] ডেইলি সান, ১০ জুলাই ২০২১; https://www.thesun.co.uk/news/worldnews/15551650/dozens-children-killed-bangladesh-fire-locked-forcing-workers-jump/

ব্যবস্থাই ছিল না। অগ্নিকাণ্ডে বিধ্বস্ত ভবনটি ইমারত কোড না মেনে অপরিকল্পিতভাবে নির্মাণ করা হয়েছিল। উপরন্তু জরুরী নির্গমনের পথ বন্ধ ছিল এবং অগ্নিকাণ্ডের সময় ভবনের গেট বন্ধ করে রাখা হয়েছিল।[১৯৮] ফলে শ্রমিকরা বের হতে না পেরে সেখানে আটকা পড়েন।[১৯৯]

৬৮.৪ নভেম্বর ঢাকার সোয়ারিঘাটে রুমানা রাবার ইন্ডাষ্ট্রিজ নামের একটি জুতা কারখানায় আগুন লেগে পাঁচ জন শ্রমিক নিহত হন।[২০০]

### *বাংলাদেশের নাগরিকদের ঝুঁকিপূর্ণ সাগর পাড়ি*

৬৯.বাংলাদেশের নাগরিকরা ঝুঁকিপূর্ণ সাগর পাড়ি দিয়ে অভিবাসী হওয়ার চেষ্টা করেছেন। সরকার দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির হার বেড়েছে বলে দাবি করলেও ২০২১ সালে এসে ধনী ও দরিদ্রের মধ্যে ব্যবধান অত্যন্ত প্রকট হয়েছে। ২০২১ সালে দেশে শীর্ষ ১০ শতাংশ ধনীর আয় মোট জাতীয় আয়ের ৪৪ শতাংশে এসে দাঁড়িয়েছে। অন্যদিকে পিছিয়ে থাকা ৫০ শতাংশ মানুষের আয় ১৭ দশমিক ১ শতাংশ।[২০১] অন্যদিকে আওয়ামী লীগ সরকার বিরোধীদল ও ভিন্নমতাবলম্বীদের ওপর ব্যাপক দমন-পীড়ন চালিয়ে যাচ্ছে। এইরকম পরিস্থিতিতে অনেকেই দেশের বাইরে গিয়ে রাজনৈতিক আশ্রয় প্রার্থনা করেছেন। জীবিকার তীব্র সংকটের কারণে দরিদ্র জনগোষ্ঠীর বেকার যুবকরা এবং রাজনৈতিক কারণে বিরোধীদলের নেতা-কর্মীরা অত্যন্ত ঝুঁকি নিয়ে মানবপাচারকারীদের খপ্পরে পড়ে দূর্গম পথে বিদেশে পাড়ি দিতে গিয়ে জীবন হারিয়েছেন অথবা আটক হয়ে মানবেতর জীবনযাপন করছেন। একাজে মানবপাচারকারী চক্র অনেক বছর ধরে সক্রিয় রয়েছে। লিবিয়া ও তিউনিসিয়া থেকে ভূমধ্যসাগর পাড়ি দিয়ে ইউরোপে যাবার সময় নৌকা ডুবে অভিবাসন প্রত্যাশী অনেক বাংলাদেশী নাগরিকের মৃত্যু হয়েছে।[২০২]

## ছ. নারীর প্রতি সহিংসতা

৭০.২০২১ সালে বিপুল সংখ্যক নারী যৌতুক, ধর্ষণ, এসিড নিক্ষেপ ও যৌন হয়রানিসহ পারিবারিক সহিংসতার শিকার হয়েছেন। বিচারহীনতার সংস্কৃতির কারণে ক্ষমতাসীনদলের নেতা-কর্মীরা নারীদের ওপর বিভিন্ন ধরনের নিপীড়ন ও সহিংসতা চালিয়েছে এই সময়ে এবং দায়মুক্তির কারণে আইন প্রয়োগকারী সংস্থার অনেক সদস্য নারীর প্রতি বিভিন্ন ধরনের সহিংসতার সঙ্গে যুক্ত হয়েছে। নারীর প্রতি সহিংসতার বিচার এবং অপরাধীদের সাজা হওয়ার সংখ্যা খুবই নগণ্য।

### *ধর্ষণ*

**৭১.২০২১ সালে মোট ১৪১১ জন নারী ও মেয়ে শিশু ধর্ষণের শিকার হয়েছেন বলে জানা গেছে। এঁদের মধ্যে ৫৫৬ জন নারী, ৮০৯ জন মেয়ে শিশু এবং ৪৬ জনের বয়স জানা যায়নি। ঐ ৫৫৬ জন নারীর মধ্যে ২০ জনকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে এবং ১৫৪ জন গণধর্ষণের শিকার হয়েছেন। ৮০৯ জন মেয়ে শিশুর মধ্যে ২৩ জনকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে, ১২১ জন গণধর্ষণের শিকার এবং ০৮ জন মেয়ে শিশু আত্মহত্যা করেছে। এছাড়া বয়স না জানা ০৮ জন নারী গণধর্ষনের শিকার হয়েছেন। এই সময়কালে ২৯৫ জন নারী ও মেয়ে শিশুকে ধর্ষণের চেষ্টা করা হয়েছে।**

---

[১৯৮] যুগান্তর, ৯ জুলাই ২০২১; https://www.jugantor.com/country-news/441120/

[১৯৯] আল-জাজিরা, ৯ জুলাই ২০২১; https://www.aljazeera.com/news/2021/7/9/deadly-fire-at-bangladesh-food-processing-factory

[২০০] যুগান্তর ৬ নভেম্বর ২০২১; https://www.jugantor.com/todays-paper/first-page/484004/

[২০১] প্রথম আলো ১০ ডিসেম্বর ২০২১; https://www.prothomalo.com/business/economics/মাত্র-১০-শতাংশ-ধনীর-হাতে-বিশ্বের-মোট-সম্পদের-৭৬

[২০২] উদাহরণস্বরূপ সাব্বির খান ও সাকিবুল নামে বাংলাদেশী দুই যুবককে লিবিয়ায় আটকে রেখে নির্যাতন করে তাঁদের কল রেকর্ড শুনিয়ে কয়েক দফায় ১০ লক্ষ টাকা নেয় দালালরা। এরপর তাদের ইতালি পাঠানোর কথা বলে জোর করে ট্রলারে তুলে দেয়া হয়। ২০ নভেম্বর সমুদ্রপথে লিবিয়া থেকে ইতালি যাওয়ার পথে তিউনিসিয়ায় ভূমধ্যসাগরে ট্রলারডুবিতে এই দুই বাংলাদেশী যুবকের মৃত্যু হয়। যুগান্তর ২৩ নভেম্বর ২০২১; https://www.jugantor.com/country-news/490462/

৭২.অকার্যকর বিচার ব্যবস্থার কারণে ধর্ষকরা রেহাই পেয়ে যাওয়ায় ধর্ষণের শিকার ভিকটিমরা বিচার থেকে বঞ্চিত হচ্ছেন। ফলে ধর্ষকরা উৎসাহিত হচ্ছে এবং দেশে ব্যাপকভাবে ধর্ষণের ঘটনা বৃদ্ধি পেয়েছে। ২০২১ সালে ধর্ষণের ঘটনাগুলো পর্যালোচনা করে দেখা যায় যে, শিশু ধর্ষণের ঘটনা মারাত্মকভাবে বেড়েছে। একটি সমীক্ষায় দেখা গেছে, চট্টগ্রাম মহানগরে ধর্ষণের শিকার ভিকটিমদের মধ্যে ৬৪ শতাংশই শিশু ও কিশোরী।[২০৩] ধর্ষণের বিচার না হওয়ার পেছনে পুলিশের অসহযোগিতা অন্যতম কারণ। অনেক সময় পুলিশ তার ইচ্ছামত মামলা লিখতে ভিকটিমের পরিবারকে বাধ্য করে।[২০৪] মামলা দায়ের হলেও অভিযুক্তদের গ্রেফতার করতে পুলিশ অনীহা প্রকাশ করে এবং অনেক ক্ষেত্রে পুলিশ ক্ষমতাসীনদলের নেতা-কর্মীদের সঙ্গে দেনদরবার করে থানা থেকেই অভিযুক্তকে ছেড়ে দেয়।[২০৫] এছাড়া মামলা তুলে নেয়ার জন্য ভিকটিমের পরিবারের সদস্যদের প্রভাবশালীরা হুমকি দেয়। এমনকি ধর্ষণের শিকার নারী থানায় মামলা করায় তাঁকে হত্যা করা হয়েছে।[২০৬] সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের একটি বেঞ্চ ধর্ষণের ঘটনায় সালিস বা মীমাংসা রোধে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে নির্দেশ দিলেও সালিশের মাধ্যমে অনেক ধর্ষণের ঘটনা মীমাংসা করে দিয়ে মোটা অংকের টাকা উপার্জন করেছেন স্থানীয় প্রভাবশালীরা। আদলতের বাইরে বিচার প্রক্রিয়া ছাড়া ঘটনাগুলোর মীমাংসাকারী ব্যক্তিদের কোন সাজা হয় না। এছাড়া ক্ষমতাসীনদলের নেতা-কর্মী[২০৭] ও পুলিশের বিরুদ্ধে নারীদের ধর্ষণের অভিযোগ রয়েছে।[২০৮]

৭৩.৭ ডিসেম্বর বাগেরহাট থেকে চিকিৎসার জন্য এক গৃহবধূ তাঁর শিশু কন্যা ও ভাগনেকে নিয়ে খুলনায় যান এবং সুন্দরবন নামে একটি আবাসিক হেটেলে পৃথক দুটি কক্ষে রাত্রি যাপনের জন্য অবস্থান করেন। গভীর রাতে খুলনা মহানগর গোয়েন্দা পুলিশের উপপরিদর্শক মোহাম্মদ জাহাঙ্গির আলম তল্লাশির নামে ঘরে ঢুকে শিশুকন্যার সামনে গৃহবধূকে ধর্ষণ করে।[২০৯]

### *বখাটেদের দ্বারা উত্ত্যক্তকরণ ও যৌন হয়রানি*

৭৪.**২০২১ সালে মোট ১১৩ জন নারী বখাটে কর্তৃক যৌন হয়রানি ও সহিংসতার শিকার হয়েছেন। এঁদের মধ্যে ০৭ জন অপমান সহ্য করতে না পেরে আত্মহত্যা করেছেন, ০১ জনকে হত্যা করা হয়েছে, ০৭ জন আহত, ১০ লাঞ্ছিত, ০১ জন অপহৃত এবং ৮৭ জন নারী বিভিন্নভাবে যৌন হয়রানির শিকার হয়েছেন। এই সময়ে আত্মীয় পরিজনের ওপর সংঘটিত যৌন হয়রানির প্রতিবাদ করতে গিয়ে বখাটেদের হাতে ০৪ জন পুরুষ নিহত, ৩৩ জন পুরুষ আহত, ০১ জন লাঞ্ছিত হয়েছেন এবং অপর ০১ জন আত্মহত্যার পথ বেছে নিয়েছেন। এই সময়ে আত্মীয় পরিজনের ওপর সংঘটিত যৌন হয়রানির প্রতিবাদ করতে গিয়ে বখাটেদের হাতে ১০ জন নারীও আহত হয়েছেন।**

৭৫.২০২১ সালে সারাদেশে নারীরা ব্যাপকভাবে উত্ত্যক্তকরণ ও যৌনহয়রানির শিকার হয়েছেন। এরমধ্যে উল্লেখযোগ্য সংখ্যক শিশুও রয়েছে। এই সময়ে ক্ষমতাসীনদলের নেতাকর্মীদের বিরুদ্ধে নারীদের ওপর যৌন হয়রানির অভিযোগ পাওয়া গেছে।[২১০] এই সময় যৌন হয়রানিকারী নেতাকে গ্রেফতার করা হলে তাকে ছাড়িয়ে আনতে ক্ষমতাসীনদলের নেতা-কর্মীরা থানা ঘেরাও করে। এছাড়া যৌন হয়রানির প্রতিবাদ

---

[২০৩] প্রথম আলো, ১২ জানুয়ারি ২০২১; https://www.prothomalo.com/bangladesh/crime/চট্টগ্রামে-ধর্ষণের-শিকার-৬৪-শিশু-কিশোরী

[২০৪] প্রথম আলো ২১ নভেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/পুলিশের-বিরুদ্ধে-মামলা-থেকে-আসামিদের-নাম-বাদ-দেওয়ার-অভিযোগ

[২০৫] নয়াদিগন্ত, ১ জুলাই ২০২১; https://www.dailynayadiganta.com/chattagram/592033/

[২০৬] যুগান্তর, ৮ জুলাই ২০২১; https://www.jugantor.com/country-news/440733

[২০৭] যুগান্তর ১৮ অক্টোবর ২০২১; https://www.jugantor.com/country-news/477400/

[২০৮] প্রথম আলো ৯ ডিসেম্বর ২০২১; https://epaper.prothomalo.com/?mod=1&pgnum=16&edcode=71&pagedate=2021-12-9

[২০৯] প্রথম আলো ৮ ডিসেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/এসআইয়ের-বিরুদ্ধে-গভীর-রাতে-হোটেলের-কক্ষে-ঢুকে-মেয়ের-সামনে-মাকে-ধর্ষণের-অভিযোগ

[২১০] যুগান্তর, ১২ জানুয়ারি ২০২১; https://www.jugantor.com/country-news/383274, মানবজমিন, ২৪ এপ্রিল ২০২১; https://mzamin.com/article.php?mzamin=271452

করায় প্রতিবাদকারীদের ওপর দুর্বৃত্তরা হামলা চালিয়েছে। যৌন হয়রানির শিকার হয়ে নারীরা বিশেষ করে কিশোরীরা আত্মহত্যা করেছেন।

৭৬.জয়পুরহাট সদরে শাকিরা নামে এক নারীকে আবদুল হাকিম নামে এক ব্যক্তি উত্ত্যক্ত করলে শাকিরার বড় ভাই ময়নুল ইসলাম এর প্রতিবাদ করেন। এই কারণে ১৭ অক্টোবর আবদুল হাকিম শাকিরাদের বাড়িতে হামলা চালিয়ে ময়নুল ইসলামসহ তাঁর মা ও পরিবারের পাঁচজনকে কুপিয়ে আহত করে। ১৮ অক্টোবর ময়নুল চিকিৎসাধীন অবস্থায় মারা যান।[২১১]

### *যৌতুক সহিংসতা*

৭৭.**২০২১ সালে ১৯৭ জন নারী যৌতুক সহিংসতার শিকার হয়েছেন বলে অভিযোগ রয়েছে। এঁদের মধ্যে ৭২ জন নারীকে যৌতুকের কারণে হত্যা করা হয়েছে, ১১৮ জন বিভিন্নভাবে শারিরীক নিপীড়নের শিকার হয়েছেন এবং ০৭ জন আত্মহত্যা করেছেন। এই ভিক্টিমদের মধ্যে ০৪ জন বাল্যবিবাহের শিকার। বাল্যবিবাহের শিকার ০২ শিশুকে যৌতুকের কারণে হত্যা, ০১ জনকে শারিরীক নিপীড়ন করা হয় এবং অত্যাচার সহ্য করতে না পেরে ০১ জন শিশু আত্মহত্যা করেন।**

৭৮.যৌতুক নিরোধ আইন, ২০১৮ অনুযায়ী যৌতুক দেয়া ও নেয়া দণ্ডনীয় অপরাধ এবং নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ অনুযায়ী যৌতুক সহিংসতা একটি শাস্তিযোগ্য অপরাধ হওয়া সত্ত্বেও ২০২১ সালে যৌতুকের দাবিতে নারীদের ওপর সহিংসতা ব্যাপকভাবে বিদ্যমান ছিল। যৌতুক না পাওয়ার কারণে নারীদের পিটিয়ে, আগুনে পুড়িয়ে, শ্বাসরোধ করে ও কুপিয়ে হত্যা করার মতো ভয়াবহ ঘটনা ঘটেছে এই সময়ে। অনেক অন্তঃসত্ত্বা নারীও যৌতুকের কারণে হত্যার শিকার হয়েছেন। মেয়ের বিয়ের যৌতুকের টাকা জোগাড় করতে না পেরে বাবা আত্মহত্যা করেছেন এমন ঘটনাও ঘটেছে। আইনের শাসনের অভাবে অধিকাংশ ভুক্তিভোগী ন্যায় বিচার থেকে বঞ্চিত হয়েছেন।

৭৯.যৌতুক না দেয়ায় ১৭ ফেব্রুয়ারি সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়ায় গৃহবধূ লিমা খাতুনকে তাঁর স্বামী সবুজ আলী ও তার স্বজনরা এবং ১ মার্চ নোয়াখালীর সুবর্ণচরের চরক্লাক ইউনিয়নের চর উরিয়ায় গৃহবধূ রুনা বেগমকে তাঁর স্বাসী রাসেল পিটিয়ে হত্যা করে।

৮০.চট্টগ্রামের সীতাকুণ্ডে মেয়ের বিয়ের যৌতুকের টাকা জোগাড় করতে না পেরে জামাল নামে এক প্রতিবন্ধী রিকশাচালক ৯ এপ্রিল নিজ বাড়িতে আত্মহত্যা করেন।[২১২] ৮ জুলাই বগুড়ার শেরপুরে যৌতুকের দাবিকৃত ৫ লক্ষ টাকা দিতে না পারায় শ্বশুর আসাদুল ইসলামকে মেয়ের স্বামী সাব্বির ছুরিকাঘাত করে হত্যা করে।[২১৩]

৮১.২৩ জুলাই কুমিল্লা শহরে পিংকি আক্তার নামে ৮ মাসের অন্তঃসত্ত্বা এক গৃহবধূকে তাঁর স্বামী বিল্লাল হোসেন পিটিয়ে হত্যা করে।[২১৪]

৮২.১ অক্টোবর জামালপুর জেলার সরিষাবাড়ীতে যৌতুকের দাবিতে গৃহবধূ স্বর্ণা বেগমের শরীরে তাঁর স্বামী সেজনু মিয়া গরম তেল ঢেলে ঝলসে দিলে ৭ নভেম্বর স্বর্ণা বেগম মারা যান।[২১৫]

### *এসিড সহিংসতা*

৮৩.**২০২১ সালে ৩৮ জন এসিডদগ্ধ হয়েছেন। এঁদের মধ্যে ২৩ জন নারী, ০৭ জন মেয়ে শিশু, ০৬ জন পুরুষ এবং ২ জন বালক।**

৮৪.এসিড নিয়ন্ত্রণ আইন ২০০২ ও এসিড অপরাধ দমন আইন ২০০২ এর যথাযথ প্রয়োগ না হওয়ার কারণে ২০২১ সালে এসিড সহিংসতা অব্যাহত ছিল। এই সময়ে যাঁরা এসিড সহিংসতার শিকার হয়েছেন তাঁরা

---

[২১১] প্রথম আলো ১৯ অক্টোবর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/বোনকে-উত্ত্যক্ত-করতে-বাধা-দেওয়ায়-ভাইকে-কুপিয়ে-হত্যা-যুবক-গ্রেপ্তার

[২১২] যুগান্তর, ১০ এপ্রিল ২০২১; https://www.jugantor.com/country-news/410592

[২১৩] নয়াদিগন্ত, ৯ জুলাই ২০২১; https://www.dailynayadiganta.com/rajshahi/593794/

[২১৪] যুগান্তর, ২৫ জুলাই ২০২১; https://www.jugantor.com/todays-paper/news/446129/

[২১৫] যুগান্তর ৭ অক্টোবর ২০২১; https://www.jugantor.com/todays-paper/bangla-face/473316/

প্রায় সবাই নারী ও শিশু। এসিড অপরাধ দমন আইন, ২০০২ অনুযায়ী ৯০ কার্যদিবসের মধ্যে মামলার বিচারপ্রক্রিয়া শেষ করার কথা বলা হলেও মামলাগুলো বছরের পর বছর ঝুলে থাকে। ফলে ভিকটিমরা ন্যায় বিচার থেকে বঞ্চিত হন।[২১৬]

৮৫.৮ জানুয়ারি গাজীপুর জেলার কাপাসিয়ায় আফিয়া আক্তার মীম নামে ছয় মাস বয়সী এক শিশুর কানসহ শরীরের বিভিন্ন অংশে এসিড ঢেলে দেয় শামসুন্নাহার নামে এক নারী।[২১৭]

৮৬.২ অগাস্ট রাতে পটুয়াখালী সদরে সুমাইয়া আক্তার (১৬) নামে এক মাদ্রাসা ছাত্রী এবং তাঁর ছোট ভাই মোহাম্মদ আলী (১২) নিজ বাড়িতে ঘুমিয়ে থাকাবস্থায় দুর্বৃত্তরা ঘরের সিঁধ কেটে ঘরে ঢুকে সুমাইয়া আক্তার ও মোহাম্মদ আলীর ওপরে এসিড ছুঁড়ে মারে।[২১৮]

৮৭.৯ অক্টোবর মাদারীপুরে যৌতুক না দেয়ায় আয়েশা মীম নামে এক অন্তঃসত্ত্বা গৃহবধুকে তাঁর স্বামী সুমন ও শ্বশুড় সোবহান শেখ মারধর করে এবং পরে তাঁর ওপর অ্যাসিড ছুঁড়ে মারে।[২১৯]

## জ. ধর্মীয় সংখ্যালঘু ও ক্ষুদ্রজাতিগোষ্ঠির নাগরিকদের মানবাধিকার লংঘন

৮৮.২০২১ সালে ক্ষুদ্রজাতিগোষ্ঠির নাগরিককে হত্যা এবং ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ের নাগরিকদের বাড়িঘর, ব্যবসা প্রতিষ্ঠান ও উপাসনালয়ে হামলা ও লুটপাটের ঘটনা ঘটেছে। এই সময়ে হিন্দু সম্প্রদায়ের নাগরিকদের বাড়িঘর ও উপাসনালয় ভাংচুর এবং লুটপাট করেছে দুর্বৃত্তরা। অতীতের ঘটনাগুলোর বিচার না হওয়ায় এবং সেই ঘটনাগুলোকে রাজনীতিকীকরণের কারণে এই ধরনের ঘটনাগুলো ঘটেই চলেছে।

৮৯.সুনামগঞ্জ জেলার শাল্লা উপজেলার নোয়াগাঁও গ্রামের ঝুমন দাস নামে এক যুবক হেফাজতে ইসলাম এর কেন্দ্রীয় নেতা মাওলানা মামুনুল হককে নিয়ে কটূক্তি করে ফেসবুকে পোস্ট দিয়েছে এরকম অভিযোগ তুলে দিরাই উপজেলার সরমঙ্গল ইউনিয়নের ৯ নং ওয়ার্ড যুবলীগের সভাপতি ও ইউপি সদস্য শহিদুল ইসলাম স্বাধীন এবং পক্কন মিয়া ১৬ মার্চ মাইকে ঘোষণা দিয়ে এলাকাবাসীকে উত্তেজিত করে তোলে। এই অবস্থায় হিন্দু অধ্যুষিত নোয়াগাঁও গ্রামবাসী ঝুমন দাসকে পুলিশে সোপর্দ করে। কিন্তু ১৭ মার্চ যুবলীগ নেতা শহিদুল ইসলাম স্বাধীন এবং পক্কন মিয়ার নেতৃত্বে দুর্বৃত্তরা নোয়াগাঁও গ্রামে হিন্দু সম্প্রদায়ের নাগরিকদের বাড়িঘরে হামলা চালিয়ে তাঁদের বাড়িঘর, উপাসানালয় ও প্রতিমা ভাংচুর করে এবং লুটপাট চালায়।[২২০]



*সুনামগঞ্জের শাল্লা উপজেলায় হিন্দুদের বাড়িতে ভাংচুর ও লুটপাট। ছবি: যুগান্তর, ১৯ মার্চ ২০২১*

---

[২১৬] প্রথম আলো, ২৪ জানুয়ারি ২০১৯; https://www.prothomalo.com/bangladesh/article/1575905/

[২১৭] যুগান্তর, ১২ জানুয়ারি ২০২১; https://www.jugantor.com/country-news/383324/

[২১৮] প্রথম আলো, ৪ অগাস্ট ২০২১; https://www.prothomalo.com/bangladesh/দুর্বৃত্তের-ছোড়া-অ্যাসিডে-ঝলসে-গেল-ভাই-বোনের-শরীরঅনলাইনের-জন্য

[২১৯] প্রথম আলো ১০ অক্টোবর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/অন্তঃসত্ত্বাকে-অ্যাসিড-নিক্ষেপ-স্বামী-শ্বশুর-আটক

[২২০] যুগান্তর, ১৯ মার্চ ২০২১; https://www.jugantor.com/country-news/403576/

৯০. ১৮ জুন বান্দরবানের রোয়াংছড়ি এলাকায় ক্ষুদ্রজাতিগোষ্ঠি ত্রিপুরা সম্প্রদায়ের নাগরিক স্থানীয় মসজিদের ইমাম ওমর ফারুককে মসজিদে নামাজ আদায় করে ঘরে ফেরার পথে গুলি করে হত্যা করেছে দুর্বৃত্তরা। ২০১৪ সালে খ্রিস্টান থেকে ইসলাম ধর্ম গ্রহণ করে বেরণ চন্দ্র ত্রিপুরা নাম পরিবর্তন করে তিনি হন ওমর ফারুক।[২২১]

৯১. ১৩ অক্টোবর কুমিল্লা শহরে নানুয়া দীঘির উত্তর পাড়ে দর্পণ সংঘের উদ্যোগে আয়োজিত দূর্গাপূজা মণ্ডপে হনুমান মূর্তির পায়ের ওপরে পবিত্র কোরআন রাখা হয়।[২২২]এই ঘটনাকে কেন্দ্র করে সারা দেশে অনেকগুলো সহিংসতার ঘটনা ঘটে। দুর্বৃত্তরা বিভিন্ন জেলায় মন্দির, পূজামণ্ডপ ভাংচুরসহ সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের নাগরিকদের বাড়িঘরে হামলা ও অগ্নিসংযোগ এবং দোকান ভাংচুর ও লুটপাট করেছে বলে অভিযোগ রয়েছে।[২২৩] এই ঘটনাকে কেন্দ্র করে পুলিশের গুলিতে ৫ জন এবং সহিংস ঘটনায় ৩ জন নিহত হন।[২২৪] এই ঘটনায় ভুক্তভোগীরা আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের উদাসিনতার জন্য ঘটনাগুলো ঘটেছে বলে অভিযোগ করেছেন।[২২৫] এই ঘটনাগুলোর সঙ্গে যুক্ত থাকার অভিযোগে পুলিশ বিএনপি ও জামায়াতে ইসলামীর নেতা-কর্মী এবং হাজার হাজার ব্যক্তিকে অজ্ঞাতনামা আসামি করে মামলা দায়ের করে।[২২৬] ফলে বিরোধীদলের নেতা-কর্মী ও সাধারণ মানুষ হয়রানির শিকার হন। উদাহরণস্বরূপ, গত ১৩ অক্টোবর চট্টগ্রামের হাটহাজারি উপজেলার সরকারহাট এলাকার একটি পূজামণ্ডপে তোরণ ভাঙচুরের ঘটনা ঘটে। এই ঘটনায় পুলিশ যাঁদের বিরুদ্ধে মামলা দায়ের করে তাঁদের মধ্যে বিএনপি নেতা সৈয়দ ইকবাল, আকরাম উদ্দিন ও জোনায়েদ মেহেদী ঘটনার সময় চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে বন্দি ছিলেন।[২২৭]

## ঝ. বাংলাদেশ এবং এর প্রতিবেশী রাষ্ট্র

***বাংলাদেশের ওপর ভারতের আধিপত্য বিস্তার অব্যাহত***

৯২. **২০২১ সালে ভারতীয় সীমান্ত রক্ষীবাহিনী বিএসএফ ১৭ জন বাংলাদেশীকে হত্যা এবং ১২ জনকে আহত করেছে। এই নিহত ১৭ জন বাংলাদেশীর মধ্যে ১৫ জনকে গুলি করে, ১ জনকে নির্যাতন করে এবং ০১ জনকে পাথর ছুঁড়ে বিএসএফ হত্যা করেছে বলে অভিযোগ রয়েছে। এছাড়া বিএসএফ এর হাতে আহত ১২ জন বাংলাদেশীর মধ্যে ১০ জনকে গুলি করা হয়েছে এবং ০২ জনকে নির্যাতন করা হয়েছে।**

৯৩. বাংলাদেশের নির্বাচনী ব্যবস্থা ভেঙ্গে পড়াসহ দেশে যে কর্তৃত্ববাদী শাসন ব্যবস্থা কায়েম হয়েছে তার জন্য ভারত সরকার অনেকাংশে দায়ি বলে মনে করা হয়।[২২৮] ভারতীয় সমর্থনে প্রহসনমূলক নির্বাচনের মধ্যে দিয়ে ক্ষমতা কুক্ষিগত করে আওয়ামী লীগ সরকার ভারতকে বাংলাদেশের ওপর ব্যাপক আধিপত্য বিস্তার ও মানবাধিকার লঙ্ঘনের সুযোগ তৈরি করে দেয়।[২২৯] ভূ-রাজনৈতিক প্রেক্ষাপটে বঙ্গপোসাগর একটি

---

[২২১] মানবজমিন ২১ জুন ২০২১; https://mzamin.com/article.php?mzamin=279652

[২২২] নয়াদিগন্ত ১৪ অক্টোবর ২০২১; https://www.dailynayadiganta.com/first-page/615440/

[২২৩] প্রথম আলো ১৫ অক্টোবর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/**সারা-দেশে-গ্রেপ্তার-শতাধিককঠোর-অবস্থানে-সরকার**, ডেইলি স্টার ১৬ অক্টোবর ২০২১; https://www.thedailystar.net/news/bangladesh/crime-justice/news/violence-vandalism-several-districts-2199151

[২২৪] নিহত ব্যক্তিদের নাম আল আমিন (১৮), শামীম (১৯), ইয়াসিন হোসেন (১৫), বাবু (৩০), সাগর, যতন কুমার সাহা (৩৮), সুবল চন্দ্র সাহা (২০) এবং দিলীপ দাস (৬০)।

[২২৫] প্রথম আলো ২০ অক্টোবর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/**পুলিশের-অবহেলাকে-দুষছেন-ভুক্তভোগীরা**

[২২৬] প্রথম আলো ১৭ অক্টোবর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/**চার-মামলায়-আসামি-হাজারের-বেশি-আছেন-বিএনপি-জামায়াতের-নেতারা**

[২২৭] প্রথম আলো ২০ অক্টোবর ২০২১; https://www.prothomalo.com/politics/**৬-মাস-ধরে-কারাগারে-থাকা-বিএনপির-তিনজনও-আসামি**

[২২৮]২০১৪ সালের ৫ জানুয়ারির বিতর্কিত ও প্রতারনামূলক নির্বাচনের আগে বাংলাদেশের প্রায় সবকটি রাজনৈতিক দল নির্বাচনটি বয়কটের সিদ্ধান্ত নেয়। তখন তৎকালীন ভারত সরকারের পররাষ্ট্র সচিব সুজাতা সিং বাংলাদেশে আসেন এবং সেই সময় নির্বাচন বর্জনের সিদ্ধান্ত গ্রহণকারী জাতীয় পার্টিকে নির্বাচনে আনার জন্য চেষ্টা করে সফল হন। বিবিসি বাংলা, ১৬ নভেম্বর ২০১৮ https://www.bbc.com/bengali/news-46237664

[২২৯] সব মহলের প্রতিবাদের পরও ভারত রামপাল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ কাজ অব্যাহত রেখেছে। এই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের ফলে বাংলাদেশের সুন্দরবন এবং এর চারপাশের প্রাণ বৈচিত্র্য ধ্বংস হয়ে যাবে এবং বাংলাদেশকে এক ভয়াবহ মানবিক বিপর্যয় ও প্রাকৃতিক দুর্যোগের দিকে ঠেলে দিবে।

গুরুত্বপূর্ণ বিষয় হয়ে ওঠায় ২০২১ সালে ভারত বঙ্গোপসাগরে তার অধিপত্য বিস্তার করতে চেয়েছে। বঙ্গোপসাগরে মহীসোপানে[২৩০] বাংলাদেশের প্রাপ্য অংশকে নিজেদের অংশ দাবি করে ভারত সরকার ২০২১ সালের এপ্রিল মাসে জাতিসংঘকে একটি চিঠি দেয়। এই চিঠির জবাবে ১৩ সেপ্টেম্বর জাতিসংঘের মহাসচিবের কাছে পাঠানো চিঠিতে বাংলাদেশ বলেছে, ২০১৪ সালে আন্তর্জাতিক সালিশি আদালত যে রায় দিয়েছে, তা অনুসরন করেই মহীসোপানের দাবি নির্ধারণ করেছে বাংলাদেশ। আঞ্চলিক সমুদ্রের প্রশস্ততা পরিমাপ এবং বঙ্গোপসাগরের মহীসোপানের বাইরের সীমা নির্ধারণের জন্য সোজা বেসলাইন সম্পর্কিত কিছু ভৌগোলিক স্থানাঙ্ক নিয়ে ভারতের দাবির বিরুদ্ধে বাংলাদেশ জাতিসংঘে দুটি প্রতিবাদ দাখিল করেছে।[২৩১] ২০১৪ সালে আন্তর্জাতিক সালিশি আদালত দুই প্রতিবেশীর সীমানা নির্ধারণ করে রায় দেয়ার পর ভিত্তিরেখার বিষয়টি দ্বিপক্ষীয়ভাবে সুরাহার অনুরোধ জানায় বাংলাদেশ। কিন্তু বাংলাদেশের অনুরোধে সাড়া দেয়নি ভারত। এছাড়া ভারত নিজের সমুদ্রসীমা নির্ধারণের জন্য যে উপকূলীয় ভিত্তিরেখা বা বেসলাইন ব্যবহার করেছে, এর একটি অংশ বাংলাদেশের সমুদ্রসীমার ভেতরে পড়েছে। সাত বছর ধরে বাংলাদেশ বিষয়টি দ্বিপক্ষীয়ভাবে সমাধানের চেষ্টা করে ব্যর্থ হয়ে ভারতের অবস্থানের বিষয়টি জাতিসংঘের মহাসচিবকে অবহিত করে একটি কূটনৈতিক চিঠি পাঠায়।[২৩২]

৯৪. বঙ্গোপসাগরে আধিপত্য বিস্তারের পাশাপাশি চট্টগ্রামের মীরসরাইয়ে বাংলাদেশ-ভারত সীমান্তবর্তী এলাকায় বাংলাদেশের অভ্যন্তরে ওবায়দুল হক খন্দকার সড়কটি নো-ম্যান্সল্যান্ডে পড়েছে বলে দাবি করে এর সংস্কার কাজ বন্ধ করে দেয় ভারতীয় সীমান্ত রক্ষবিহিনী বিএসএফ। সংস্কার কাজ মাঝপথে বন্ধ হওয়ায় জরুরী খাদ্যশস্য পরিবহন, অসুস্থ রোগী পরিবহনসহ যাবতীয় স্বাভাবিক চলাচল বাধাগ্রস্ত হয়। এই বিষয়ে বাংলাদেশী সীমান্ত রক্ষী বাহিনী বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ও ভারতীয় সীমান্ত রক্ষীবাহিনী বিএসএফ এর মধ্যে কয়েকবার পতাকা বৈঠক হলেও এর কোন সুরাহা হয়নি।[২৩৩] সিলেট জেলার বিয়ানীবাজারের গজুকাটা সীমান্তের ১৩৫৭ নং পিলারের বাংলাদেশ অংশে প্রায় ২০০ বছরের পুরানো একটি মসজিদ পুনর্নির্মাণের উদ্যোগ নেয় এলাকাবাসী। কিন্তু বিএসএফ'র সদস্যরা এই পুনর্নির্মাণে বাধা দেয়। বিজিবির ৫২ ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ শাহ আলম সিদ্দিকী বিষয়টি নিশ্চিত করে বলেন, তারা মসজিদ পুনর্নির্মাণে বাধা দেয়ার পাশাপশি বিধি বহির্ভূতভাবে ১৫০ গজের ভেতরে নো ম্যানস ল্যান্ডে বাঙ্কার নির্মাণ করে অবস্থান নেয়।[২৩৪]

## *ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী কর্তৃক মানবাধিকার লংঘন*

৯৫. ভারতীয় কর্তৃপক্ষ সীমান্তে বাংলাদেশী নাগরিকদের হত্যা শূন্যে নামিয়ে আনার বিষয়ে বারবার প্রতিশ্রুতি দেয়ার পরও ২০২১ সালে সীমান্তে বিএসএফ কর্তৃক বাংলাদেশী নাগরিকদের হত্যা, নির্যাতন ও ধর্ষণের ঘটনা অব্যাহত ছিল। ৪ মার্চ বাংলাদেশ সফরকালে ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর সাংবাদিকদের বলেন, প্রকৃতপক্ষে সীমান্তে মৃত্যুর ঘটনা ভারতের অভ্যন্তরে ঘটে থাকে। এই মৃত্যুর কারণটা হচ্ছে অপরাধমূলক কর্মকাণ্ড। "নো ক্রাইম নো ডেথ অন দি বর্ডার" অর্থাৎ সীমান্তে কোনো অপরাধ নয়, কোনো হত্যাও নয় বলেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী।[২৩৫] এই বক্তব্যের মাধ্যমে ভারত সরকার তাদের "শ্যুট টু কিল পলিসি" আরো সুস্পষ্ট করে ব্যক্ত করেছে এবং সীমান্তে 'অপরাধমূলক কর্মকাণ্ডের' অজুহাতে বাংলাদেশী নাগরিকদের হত্যা করাকে বৈধতা দিয়েছে। কিন্তু অনেক ক্ষেত্রেই দেখা গেছে যে বিএসএস সদস্যরা আন্তর্জাতিক আইন অমান্য করে বাংলাদেশের অভ্যন্তরে ঢুকে বাংলাদেশের নাগরিকদের হত্যা-নির্যাতন-অপহরণ করেছে। ভারতের সঙ্গে বাংলাদেশের সীমান্ত চুক্তি এবং আন্তর্জাতিক আইন অনুযায়ী যদি কোন

---

[২৩০] পৃথিবীর মহাদেশগুলোর চর্তুদিকে স্থলভাগের যে অংশ অল্প অল্প ঢালু হয়ে সমুদ্রের পানির মধ্যে নেমে গেছে তাকে মহীসোপান বলে।

[২৩১] নিউ এজ, ১৮ সেপ্টেম্বর ২০২১; https://www.newagebd.net/article/149405/bangladesh-files-protests-at-un

[২৩২] প্রথম আলো, ১৭ সেপ্টেম্বর ২০২১; https://www.prothomalo.com/bangladesh/**ভারতের-সমুদ্ররেখা-নিয়ে-আপত্তি**

[২৩৩] যুগান্তর, ২৯ মে ২০২১; https://www.jugantor.com/country-news/425710/

[২৩৪] ডেইলি স্টার, ২৩ মার্চ ২০২১; https://www.thedailystar.net/bangla/node/212345

[২৩৫] দি হিন্দু, ৪ মার্চ ২০২১, https://www.thehindu.com/news/national/jaishankar-arrives-in-bangladesh-to-prepare-ground-for-pm-modis-visit/article33986980.ece

দেশের নাগরিক অননুমোদিতভাবে সীমান্ত অতিক্রম করে তবে তা অনুপ্রবেশ হিসেবে চিহ্নিত করে সেই মোতাবেক ঐ ব্যক্তিকে গ্রেফতার করে বেসামরিক কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করার কথা।[২৩৬] উল্লেখ্য, আজ পর্যন্ত বিএসএফ কর্তৃক কোন হত্যার এবং নির্যাতনের বিচার হয়নি ।

৯৬. ৭ অক্টোবর কুড়িগ্রামের ফুলবাড়ি সীমান্তে বাংলাদেশের অভ্যন্তরে ঢুকে ১৯২ বিএসএফ ব্যাটালিয়নের সদস্যরা বাংলাদেশী নাগরিক রফিকুল ইসলামের বাড়িতে হামলা করে[২৩৭] এবং ঠাকুরগাঁওয়ের বালিয়াডাঙ্গী উপজেলার রত্না সীমান্তে নটোয়াল ক্যাম্পের টহলরত বিএসএফ সদস্যরা বাংলাদেশের দিকে লক্ষ্য করে কোন কারণ ছাড়াই গুলি বর্ষণ করে।[২৩৮] ১৩ ডিসেম্বর লালমনিরহাট জেলার হাতিবান্ধা সীমান্তে বিএসএফএর ফুলবাড়ি ক্যাম্পের সদস্যরা বাংলাদেশের অভ্যন্তরে সিঙ্গিমারি গ্রামে অবৈধভাবে প্রবেশ করে আইনাল হকের বাড়িতে হামলা চালায়। এই সময় স্থানীয়রা তাদের ধাওয়া করলে তারা বোমা বিস্ফোরণ ঘটায়। এই ঘটনায় দুইজন নারী আহত হন।[২৩৯]

৯৭.বিএসএফ'র সদস্যরা ১৫ জানুয়ারি লালমনিরহাট জেলার পাটগ্রাম সীমান্তে আবুল কালাম,[২৪০] ১৫ ফেব্রুয়ারি জামালপুর জেলার বকশীগঞ্জ সীমান্তে শিপপু, ২০ মার্চ মৌলভীবাজারের জুড়ি সীমান্তে আবদুল মমিন বাপ্পা মিয়াকে গুলি করে হত্যা করে। ২৯ জুন লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলার শমসের নগর সীমান্তে রিফাত হোসেন (৩২), ১১ জুলাই সাতক্ষীরা জেলার কালিগঞ্জের বসন্তপুর সীমান্তে আবদুর রাজ্জাক (১৯), ২৯ অগাস্ট লালমনিরহাট জেলার বুড়িমারী মাইয়ামরাঘাট সীমান্তে ইউনুস আলী ও সাগর চন্দ্র নামে দুই বাংলাদেশী নাগরিককে, ৩ সেপ্টেম্বর কুড়িগ্রামের রৌমারীতে সহিবুর রহমান (৪০) নামে এক বাংলাদেশী জেলেকে, ২৭ অক্টোবর রাজশাহীর পবা সীমান্তে মোহাম্মদ মিঠুন (২৫) নামের এক মোটরসাইকেল চালককে, ৩ নভেম্বর সিলেটের কানাইঘাট সীমান্তে আসকর আলী (২৫) ও আরিফ হোসেন(২২) নামে দুই যুবককে, ১১ নভেম্বর লালমনিরহাটের বুড়িরহাট সীমান্তে ইদ্রিস আলী (৪০) ও আসাদুজ্জামান ভাসানী (৪৫) নামে দুই জন গরু ব্যবসায়ীকে, ১১ ডিসেম্বর ঝিনাইদহ জেলার মহেশপুর সীমান্তে মিকাইল হোসেন (৩০) নামে এক গরু ব্যবসায়ীকে, ২১ ডিসেম্বর চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ সীমান্তে ইব্রাহিম (২৪) নামে এক যুবককে, বিএসএফ সদস্যরা গুলি করে হত্যা করে।



*বিএসএফের গুলিতে নিহত সহিবুর রহমানের লাশ। ছবি: প্রথম আলো ৫ সেপ্টেম্বর ২০২১*

[২৩৬] নিউ এজ, ২৪ সেপ্টেম্বর ২০১৬; http://archive.newagebd.net/253126/bsf-kills-2-bangladeshis-borders/

[২৩৭] নয়াদিগন্ত ৮ অক্টোবর ২০২১; https://www.dailynayadiganta.com/rangpur/614235/

[২৩৮] নয়াদিগন্ত ১১ অক্টোবর ২০২১; https://www.dailynayadiganta.com/rangpur/614965/

[২৩৯] নিউএজ ১৪ ডিসেম্বর 2021, https://www.newagebd.net/article/157341/indian-bsf-enters-bangladesh-illegally-damage-village-house

[২৪০] প্রথম আলো ১৫ জানুয়ারি ২০২১,https://www.prothomalo.com/bangladesh/district/**বিএসএফের-গুলিতে-বাংলাদেশি-যুবক-নিহত**-5

৯৮.৫ এপ্রিল চাঁপাইনবাবগঞ্জের সীমান্ত এলাকা বকচরে উমর ফারুক নামে এক যুবককে বিএসএফের সদস্যরা পিটিয়ে হত্যা করে তাঁর লাশ নদীতে ফেলে দেয়।[২৪১]

৯৯.২৮ জুলাই দুই বাংলাদেশী নারী ভারতের পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা জেলার গাইঘাটার ঝাউডাঙ্গা সীমান্ত দিয়ে বাংলাদেশে ফেরার পথে বিএসএফ সদস্যরা তাঁদের আটক করে। আটকের পর এক নারীকে ক্যাম্পের দায়িত্বে থাকা বিএসএফ'র সাব-ইন্সপেক্টর রামেশ্বর কয়াল ধর্ষণ করে। ২৯ জুলাই গাইঘাটা থানায় এসে ওই নারী ধর্ষণের অভিযোগ দায়ের করেন।[২৪২]

## *রোহিঙ্গা জনগোষ্ঠির মানবাধিকার লংঘন*

১০০. ২০২১ সালে বাংলাদেশে অবস্থানকারী রোহিঙ্গা শরনার্থীদের প্রত্যাবসানের ব্যাপারে কোন অগ্রগতি হয়নি। ১৮ জানুয়ারি চীনের মধ্যস্ততায় রোহিঙ্গা সংকট নিয়ে বাংলাদেশ-মিয়ামার-চীনের মধ্যে ত্রিপক্ষিয় বৈঠক অনুষ্ঠিত হয়। ২৫ জানুয়ারি ২০২১ সুইজারল্যান্ডের জেনেভায় জাতিসংঘের মানবাধিকার কাউন্সিলের ইউনিভার্সাল পিরিয়ডিক রিভিউ (ইউপিআর) ব্যবস্থায় মিয়ানমারের মানবাধিকার পরিস্থিতির তৃতীয় পর্যালোচনায় রোহিঙ্গাদের নিরাপদ ও মর্যাদাপূর্ণ প্রত্যাবসন, জাতিগত বৈষম্যমূলক নাগরিকত্ব আইন সংশোধন, রাখাইন কমিশনের সুপারিশ বাস্তবায়ন এবং আন্তর্জাতিক আদালতের অন্তর্বর্তী নির্দেশনা প্রতিপালনের জন্য মিয়ানমারের প্রতি জোরালো আহ্বান জানায় আন্তর্জাতিক সম্প্রদায়।[২৪৩] কিন্তু ১ ফেব্রুয়ারি মিয়ানমারে সেনা অভ্যুত্থানের মাধ্যমে অং সান সুচির সরকারকে ক্ষমতাচ্যুত করা হলে [২৪৪] চলমান প্রত্যাবাসন প্রক্রিয়া বিষয়ক আলোচনা অকার্যকর হয়ে পড়ে। সেনা অভুত্থানের পর ৪ ফেব্রুয়ারি থেকে রাখাইনের মংডু শহরের নয়াপাড়া এলাকায় সেনাক্যাম্প স্থাপন করে মিয়ানমারে থাকা অবশিষ্ট রোহিঙ্গাদের দেশ ছাড়া করতে বিদেশী নাগরিক হিসেবে তাঁদের নাম তালিকাভুক্ত করে ন্যাশনাল ভেরিফিকেশন কার্ড (এনভিসি) নিতে চাপ সৃষ্টি করে মিয়ানমার সেনাবাহিনী। এই সময়ে রাখাইনের বুডিচং এলাকার রোহিঙ্গা মুসলিম যুবকদের ধরে নিয়ে যায় সেনাবাহিনী। তাঁরা এনভিসি কার্ড নিতে অস্বীকৃতি জানালে তাঁদের নির্যাতন ও হত্যা করা হয় বলে অভিযোগ করেছেন রোহিঙ্গারা।[২৪৫]

১০১. ২২ মার্চ কক্সবাজার জেলার উখিয়ার বালুখালীর রোহিঙ্গা শরণার্থী ক্যাম্পে আগুন লেগে ৬ শিশুসহ ১৫ জন রোহিঙ্গা শরণার্থী মারা যান। এছাড়া আরো ৫৬০ জন আহত এবং প্রায় ৪০০ জন রোহিঙ্গা তখন নিখোঁজ ছিলেন।[২৪৬] হিউম্যান রাইটস ওয়াচের ২৫ তারিখে প্রকাশিত এক প্রতিবেদনে বলা হয়েছে যে, রোহিঙ্গা শরণার্থী ক্যাম্পের চারিদিকে কাঁটাতারের বেড়া থাকার কারণে হাজার হাজার শরণার্থী আটকে পড়েন এবং অগ্নিকাণ্ডের পর কাঁটাতারের বেড়ার কারণে তাঁরা দ্রুত সেখান থেকে বের হতে পারেননি।[২৪৭]

---

[২৪১] যুগান্তর, ৬ এপ্রিল ২০২১; https://www.jugantor.com/todays-paper/news/409077/

[২৪২] মানবজমিন ৩০ জুলাই ২০২১; https://mzamin.com/article.php?mzamin=285838&cat=44/, ঢাকা ট্রিবিউন, ৩০ জুলাই ২০২১; https://www.dhakatribune.com/world/south-asia/2021/07/30/bangladeshi-woman-raped-by-bsf-member-in-india

[২৪৩] প্রথম আলো, ২৭ জানুয়ারি ২০২১; https://epaper.prothomalo.com/?mod=1&pgnum=16&edcode=71&pagedate=2021-1-27

[২৪৪] প্রথম আলো, ২ ফেব্রুয়ারি ২০২১; https://epaper.prothomalo.com/?pagedate=2021-2-2&edcode=71&subcode=71&mod=1&pgnum=1&type=a

[২৪৫] নয়াদিগন্ত, ৬ ফেব্রুয়ারি ২০২১; https://www.dailynayadiganta.com/chattagram/560770/

[২৪৬] আল-জাজিরা, ২৩ মার্চ ২০২১; https://www.aljazeera.com/news/2021/3/23/bangladesh-probes-deadly-fire-at-rohingya-refugee-camp

[২৪৭] হিউম্যান রাইটস ওয়াচ, ২৫ মার্চ ২০২১; https://www.hrw.org/news/2021/03/25/bangladesh-refugee-camp-fencing-cost-lives-blaze



*কক্সবাজারের উখিয়ার বালুখালী ৮ নম্বর রোহিঙ্গা শরণার্থী শিবিরে আগুন। ছবি: প্রথম আলো, ২২ মার্চ ২০২১*

১০২. ২০২১ সালেও রাখাইনে রোহিঙ্গাদের ওপর নিপীড়ন-নির্যাতন অব্যাহত থাকায় তাঁরা দেশত্যাগ করে বাংলাদেশে প্রবেশ করেন। মিয়ানমারের কারাগারে আটক থাকার পর মুক্তি পাওয়া ছয় রোহিঙ্গা শরণার্থী ২৯ এপ্রিল মিয়ানমারেরর আকিয়াবের মংডু শহরের সীমান্ত পয়েন্ট দিয়ে কক্সবাজারের টেকনাফ উপজেলার হ্নীলা ইউনিয়নের জাদিমোরা শালবাগান এলাকায় প্রবেশ করেন। পরে তাঁরা রোহিঙ্গা শিবিরে থাকা তাঁদের পরিবারের কাছে আশ্রয় নেন।[২৪৮] ১২ জুন কক্সবাজার জেলার টেকনাফের নাফ নদীতে ভাসমান অবস্থায় এক নারী ও দুই শিশুর (বয়স ৭ ও ৩) লাশ উদ্ধার করা হয়। পুলিশের মতে, মৃত এই নারী রোহিঙ্গা এবং শিশু দুটি তাঁর মেয়ে। মিয়ানমার থেকে বাংলাদেশে আসার পথে নৌকা ডুবে তাঁদের মৃত্যু হয়েছে।[২৪৯]

১০৩. জাতিসংঘ ও আন্তর্জাতিক মানবাধিকার সংগঠনগুলোর আপত্তি থাকা সত্ত্বেও বাংলাদেশ সরকার ২০২০ সালের ৪ ডিসেম্বর কক্সবাজারের বিভিন্ন ক্যাম্প থেকে ভাসানচরে রোহিঙ্গা শরণার্থীদের স্থানান্তর শুরু করে তা অব্যাহত রাখে ।[২৫০]

১০৪. ৩১ মে জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর'এর কার্যক্রম পরিচালনা বিষয়ক সহকারী হাইকমিশনার রাউফ মাজাও এবং সুরক্ষা বিষয়ক সহকারী হাইকমিশনার গিলিয়ান ট্রিগসসহ একটি প্রতিনিধিদল ভাসানচর পরিদর্শনে যান। এই সময়ে কয়েক হাজার রোহিঙ্গা শরনার্থী তাঁরা কষ্টে আছেন এবং কক্সবাজার ক্যাম্পে ফিরতে চান জানিয়ে বিক্ষোভ করেন।[২৫১] তখন পুলিশ তাঁদের ওপর লাঠিচার্জ করলে বেশ কয়েকজন রোহিঙ্গা শরনার্থী আহত হন।[২৫২] ভাসানচরে বাস করা কয়েকজন রোহিঙ্গা শরণার্থী নাম প্রকাশ না করার শর্তে বিবিসিকে অভিযোগ করেন যে, রোহিঙ্গাদের অনেকেই আর ভাসানচরে থাকতে চান না। রোহিঙ্গারা আরো অভিযোগ করেন, সেখানে নিয়ে যাওয়ার আগে তাঁদের যেসব প্রতিশ্রুতি দেয়া হয়েছিল, সেগুলোর অনেকগুলোই পূরন করা হয়নি। এই অবস্থায় ভাসানচর থেকে জীবনের ঝুঁকি নিয়ে রোহিঙ্গা শরণার্থীদের পালিয়ে যাওয়ার ঘটনা ঘটেছে।[২৫৩]

---

[২৪৮] প্রথম আলো, ৩০ এপ্রিল ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/**মিয়ানমার-থেকে-৬-রোহিঙ্গার-টেকনাফে-অনুপ্রবেশ**

[২৪৯] প্রথম আলো, ১৩ জুন ২০২১; https://epaper.prothomalo.com/?mod=1&pgnum=16&edcode=71&pagedate=2021-6-13

[২৫০] প্রথম আলো, ১৬ এপ্রিল ২০২১; https://www.prothomalo.com/bangladesh/**ভাসানচর-ঘুরে-দেখেনমনীয়-জাতিসংঘ**

[২৫১] বাংলা ট্রিবিউন, ৩১ মে ২০২১; https://www.banglatribune.com/683183/

[২৫২] আল জাজিরা, ১ জুন ২০২১; https://www.aljazeera.com/news/2021/6/1/rohingya-protest-against-living-conditions-on-bangladesh-island

[২৫৩] বিবিসি, ৩১ মে ২০২১; https://www.bbc.com/bengali/news-57309085

১০৫. ১৩ অগাস্ট নোয়াখালীর হাতিয়ার ভাসানচর থেকে পালানোর সময় ৪১ জন রোহিঙ্গা শরণার্থীকে বহনকারী ইঞ্জিনচালিত একটি মাছ ধরার ট্রলার চট্টগ্রামের সন্দ্বীপের সীমানায় বঙ্গোপসাগরে ডুবে যায়। এই ঘটনায় ১৪ জন রোহিঙ্গা শরণার্থীকে উদ্ধার করেছেন সাগরে মাছ ধরতে যাওয়া জেলেরা। নিখোঁজ রয়েছেন আরো ২৭ জন রোহিঙ্গা শরণার্থী। এঁদের মধ্যে নারী ও শিশুর সংখ্যা বেশি বলে জানা গেছে।[২৫৪] এদিকে হিউম্যান রাইটস ওয়াচ এক প্রতিবেদনে জানিয়েছে যে, বাংলাদেশ কর্তৃপক্ষ অনেক রোহিঙ্গা শরণার্থীকে সম্পূর্ণভাবে অবহিত করা বা তাঁদের সম্মতি ছাড়াই ভাসানচরে স্থানান্তরিত করেছে এবং তাঁদের মূল ভূখণ্ডে ফিরে আসতে বাধা দিয়েছে। দ্বীপের শরণার্থীরা অপর্যাপ্ত স্বাস্থ্যসেবা এবং শিক্ষা, চলাচলে বিধিনিষেধ, খাদ্য সংকট, জীবিকার সুযোগের অভাব এবং আইন প্রয়োগকারী সংস্থার অপব্যবহারের কথা জানিয়েছেন।[২৫৫]

১০৬. ২৯ সেপ্টেম্বর কক্সবাজার জেলার উখিয়ার লাম্বাশিয়ায় মানবাধিকার কর্মী এবং রোহিঙ্গা শিবিরে আরাকান রোহিঙ্গা সোসাইটি ফর পিস অ্যান্ড হিউম্যান রাইটস্ (এআরএসপিএইচ) এর চেয়ারম্যান মহিবুল্লাহকে গুলি করে হত্যা করে একদল দুর্বৃত্ত। মহিবুল্লাহ রোহিঙ্গা জনগোষ্ঠির ওপর মিয়ানমার সেনাবাহিনীর নৃশংতার ওপর ডকুমেন্ট তৈরি, নৃশংস ঘটনার বিচার ও জবাবদিহিতা প্রতিষ্ঠা, বাংলাদেশে রোহিঙ্গা শরণার্থীদের অধিকার আদায় এবং মিয়ানমার সরকারের কাছে রোহিঙ্গাদের নাগরিকত্ব প্রদান, নিরাপত্তা সুনিশ্চিত করা, রাখাইনে (আরাকানে) ফেলে আসা জন্মভিটাতে প্রত্যাবাসনসহ ৭ দফা দাবি জানিয়ে আসছিলেন। তাঁর এই কর্মকাণ্ডের জন্য তাঁকে কয়েকবার বাংলাদেশ কর্তৃপক্ষ হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করে। অতীতে বিভিন্ন মহল থেকে কয়েকবার তাঁকে হত্যার হুমকিও দেয়া হয় বলে অভিযোগ রয়েছে।[২৫৬]

১০৭. ২৬ নভেম্বর আর্জেন্টিনার বুয়েনস আইরেসের ফেডারেল ক্রিমিনাল কোর্টের দ্বিতীয় চেম্বার আদালত 'সর্বজনীন এখতিয়ার' নীতির আওতায় মিয়ামারের রোহিঙ্গা গণহত্যার বিচার শুরুর সিদ্ধান্ত নিলে ১৬ ডিসেম্বর মামলার কার্যক্রম শুরু হয়। এই দিন সাক্ষ্য দেন যুক্তরাজ্যভিত্তিক রোহিঙ্গাদের সংগঠন বার্মিজ রোহিঙ্গা অর্গানাইজেশন ইউকের প্রেসিডেন্ট তুন খিন।[২৫৭]



*রোহিঙ্গা নেতা মুহিবুল্লাহ (মাঝে) আততায়ীদের গুলিতে নিহত। ছবি: সংগৃহীত*

[২৫৪] প্রথম আলো, ১৪ অগাস্ট ২০২১; https://www.prothomalo.com/bangladesh/district/ভাসানচর-থেকে-পালানোর-চেষ্টা-ট্রলারডুবিতে-২৭-রোহিঙ্গা-নিখোঁজ

[২৫৫] হিউম্যান রাইটস ওয়াচ, ৭ জুন ২০২১; https://www.hrw.org/news/2021/06/07/bangladesh-rohingya-refugees-island-fear-monsoon

[২৫৬] Aljazeera, 30 September 2021; https://www.aljazeera.com/news/2021/9/29/top-rohingya-leader-in-bangladesh-shot-dead

[২৫৭] যুগান্তর ১৮ ডিসেম্বর ২০২১; https://www.jugantor.com/todays-paper/last-page/498790/

## ঞ. মানবাধিকার কর্মকাণ্ডে বাধা

১০৮. মানবাধিকার সংগ্রামে সোচ্চার থাকার কারণে *অধিকার* এর ওপর ক্ষমতাসীনদের যে নিপীড়ন শুরু হয়েছিল তা ২০২১ সালেও অব্যাহত ছিল। ২০১৩ সালে *অধিকার* এর সেক্রেটারি আদিলুর রহমান খান এবং পরিচালক নাসির উদ্দিন এলান এর বিরুদ্ধে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬ (সংশোধিত ২০০৯) এ দায়ের করা মামলার কার্যক্রম শুরু করেছে সাইবার ট্রাইব্যুনাল। ১৪ ফেব্রুয়ারি ২০২১ সুপ্রিমকোর্টের আপিল বিভাগ *অধিকার* এর সেক্রেটারি এবং পরিচালকের বিরুদ্ধে দায়ের করা মামলাটি বাতিল করার আবেদন নাকচ করে দিয়ে মামলাটি সাইবার ট্রাইব্যুনালে সচল করার ব্যাপারে আদেশ দেয়। পরবর্তীতে মামলাটি বাতিল করার আবেদন নাকচ করার বিষয়টি পুনর্বিবেচনার আবেদন জানিয়ে আপিল বিভাগে রিভিউ এর দরখাস্ত দাখিল করা হয়। ১২ সেপ্টেম্বর ঢাকার সাইবার ট্রাইব্যুনালে এই মামলার প্রথম শুনানি হয়। এই দিন *অধিকার* এর সেক্রেটারি এবং পরিচালক ঢাকার সাইবার ট্রাইব্যুনালে হাজির হলে তাঁদের আইনজীবী আপিল বিভাগে রিভিউ এর দরখাস্ত দাখিল করার কথা আদালতকে অবহিত করেন এবং রিভিউ শুনানি শেষে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য আদালতের কাছে আরজি জানান (রিভিউ পিটিশন নাম্বার ৮/২০২১ তাং ৪/৪/২০২১)। কিন্তু আদালত এই আরজি মঞ্জুর না করে ৫ অক্টোবর মামলা নং-১/২০১৩ এ সাক্ষ্য গ্রহণের দিন ধার্য করে। এরপর যথারিতি আদালত সাক্ষ্য গ্রহণ অব্যাহত রাখে এবং ৯ নভেম্বর ও ২৪ নভেম্বর সাক্ষ্য গ্রহণ করে। এরপর ১৫ ডিসেম্বর সরকারি সাক্ষি না আসায় ২০ জানুয়ারি ২০২২ সাক্ষ্য গ্রহণের জন্য পরবর্তী তারিখ নির্ধারিত হয়।

১০৯. *অধিকার* সংস্থার নিবন্ধন এখনও নবায়ন হয়নি। ২০১৪ সালে *অধিকার* সংস্থার নিবন্ধন নবায়নের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীনস্থ এনজিও বিষয়ক ব্যুরোতে আবেদন করেছে। ২০১৯ সালের ১৩ মে *অধিকার* সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে একটি রিট পিটিশন (নং. ৫৪০২/২০১৯) দাখিল করলে ২৫ সেপ্টেম্বর ২০১৪ সালে দাখিলকৃত অধিকার এর নিবন্ধন নবায়ন আবেদন বিষয়ে এনজিও বিষয়ক ব্যুরোর নিষ্ক্রিয়তা কেন আইনবর্হিভূত বলে গণ্য করা হবে না এবং কেন ২০১৫ সাল থেকে *অধিকার* এর নিবন্ধন নবায়নের ক্ষেত্রে এনজিও বিষয়ক ব্যুরোকে আইন অনুযায়ী নির্দেশনা দেয়া হবে না মর্মে আদালত এনজিও বিষয়ক ব্যুরোর প্রতি একটি রুল জারি করে। এই রুলটির ব্যাপারে দুই সপ্তাহের মধ্যে এনজিও বিষয়ক ব্যুরোকে জবাব দিতে বলা হলেও ব্যুরো এখনও *অধিকার* এর নিবন্ধন নবায়নের বিষয়ে কোন পদক্ষেপ নেয়নি।

১১০. *অধিকার* এর সঙ্গে সংশ্লিষ্ট মানবাধিকারকর্মীরা মানবাধিকার লংঘনের বিষয়ে সোচ্চার থাকার কারণে নজরদারির মধ্যে রয়েছেন। উল্লেখ্য, ২৭ মে লক্ষ্মীপুর জেলায় *অধিকার* এর সঙ্গে সংশ্লিষ্ট মানবাধিকার কর্মী ও গুম হওয়া স্বজনদের সংগঠন 'মায়ের ডাক' ভিকটিম পরিবারগুলোকে সঙ্গে নিয়ে মানববন্ধব করলে পুলিশ ব্যানার ছিনিয়ে নেয় এবং সমাবেশ করতে বাধা দেয়।[২৫৮] ৯ ডিসেম্বর রাজশাহীর পুলিশ আন্তজার্তিক মানবাধিকার দিবস উপলক্ষে রাজশাহীতে *অধিকার এর* সঙ্গে সংশ্লিষ্ট মানবাধিকার কর্মী এবং ভিকটিম পরিবারের সদস্যদের অয়োজিত সমাবেশের জন্য প্রস্তুতকৃত ব্যানার এবং ফেস্টুন জোরপূর্বক নিয়ে যায়। পরবর্তীতে সংবাদ কর্মীদের চাপে সমাবেশের পরিবর্তে শর্তসাপেক্ষে ঘরোয়া অনুষ্ঠানের অনুমতি দেয়।[২৫৯] সরকারের বিভিন্ন প্রতিবন্ধকতা ও মতপ্রকাশে বাধার কারণে *অধিকার* তার প্রতিবেদন প্রকাশের ক্ষেত্রেও সেল্ফসেন্সরশিপ করতে বাধ্য হয়েছে।

[২৫৮] অধিকার এর সঙ্গে সংশ্লিষ্ট লক্ষ্মীপরের মানবাধিকার কর্মীর পাঠানো প্রতিবেদন।

[২৫৯] অধিকার এর সঙ্গে সংশ্লিষ্ট রাজশাহীর মানবাধিকার কর্মীর পাঠানো প্রতিবেদন।

## সুপারিশসমূহঃ

১. অবিলম্বে একটি অন্তর্বর্তীকালীন সরকারের অধীনে অবাধ, সুষ্ঠু এবং অংশগ্রহণমূলক নির্বাচনের মাধ্যমে জবাবদিহিতামূলক সরকার গঠন করে গণতন্ত্র প্রতিষ্ঠা এবং অকার্যকর প্রতিষ্ঠানগুলোকে কার্যকর করে মানবাধিকার লঙ্ঘন রোধে উদ্যোগ নিতে হবে।

২. জাতিসংঘ মানবাধিকার কাউন্সিল এবং দি অফিস অব দি হাইকমিশনার ফর হিউম্যান রাইটস (ওএইচসিএইচআর) কে অবশ্যই বাংলাদেশের ওপর একটি নতুন ম্যান্ডেট গ্রহণ করতে হবে যাতে মানবাধিকার লঙ্ঘনের প্রমাণ সংগ্রহ করা যায়।

৩. সাংবিধানিক ও রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের ওপর সরকারের হস্তক্ষেপ বন্ধ করতে হবে। রাজনৈতিক দুর্বৃত্তায়ন ও সহিংসতা বন্ধ করতে হবে। স্বাধীন বিচার বিভাগ ও বিচার ব্যবস্থার আওতায় আইনের শাসন পুনঃস্থাপন করতে হবে।

৪. বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, নির্যাতন এবং অমানবিক ঘটনাগুলোর সঙ্গে জড়িত আইন প্রয়োগকারী সংস্থাগুলোর সংশ্লিষ্ট সদস্যদের বিচারের সম্মুখীন করতে হবে। গুম হওয়া ব্যক্তিদের তাঁদের স্বজনদের কাছে ফেরত দিতে হবে।

৫. অবিলম্বে গুম হওয়ার বিরুদ্ধে জাতিসংঘের সাধারণ পরিষদে গৃহীত সনদ 'ইন্টারন্যাশনাল কনভেনশন ফর দি প্রোটেকশন অফ অল পারসনস্ ফ্রম এনফোর্সড ডিসএপিয়ারেনস্' অনুমোদন করতে হবে এবং গুমের বিরুদ্ধে অভ্যন্তরীণ আইন তৈরী করতে হবে। সরকারকে নির্যাতনবিরোধী জাতিসংঘ সনদের অপসোনাল প্রোটোকল অনুমোদন করতে হবে।

৬. নির্যাতন ও হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন ২০১৩ বাস্তবায়ন করতে হবে এবং রিমান্ডের নামে নির্যাতন বন্ধের জন্য ব্লাস্ট বনাম বাংলাদেশ মামলায় হাইকোর্ট ও আপিল বিভাগের নির্দেশনা মেনে চলতে হবে।

৭. আইন প্রয়োগকারী সংস্থার যেসব সদস্য ফৌজদারি অপরাধের সঙ্গে যুক্ত হয় বা হয়েছে তাদের বিরুদ্ধে কেবলমাত্র সাময়িক বরখাস্ত, পদাবনতি বা ক্লোজ করার মত বিভাগীয় ব্যবস্থার মধ্যেই শাস্তি সীমাবদ্ধ করলে চলবে না। ফৌজদারি অপরাধের সঙ্গে যুক্ত আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের ফৌজদারি আইনে শাস্তির আওতায় আনতে হবে।

৮. কারা কর্মকর্তাদের অনিয়ম-অবহেলা-দুর্নীতির অভিযোগ তদন্ত করে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং কারাবন্দিদের ওপর নির্যাতন-নিপীড়নসহ সকল মানবাধিকার লঙ্ঘন বন্ধ করতে হবে।

৯. দমনমূলক অসাংবিধানিক কর্মকাণ্ড থেকে সরকারকে বিরত থাকতে হবে। সভা-সমাবেশের অধিকার ফিরিয়ে দিতে হবে। অজ্ঞাতনামা ব্যক্তিদের নামে মামলা দেয়া বন্ধ করতে হবে। বিরোধীদলীয় নেতাকর্মী ও ভিন্নমতাবলম্বীদের হয়রানি ও গ্রেফতার বন্ধ করতে হবে। অবিলম্বে রাজনৈতিক বন্দিদের মুক্তি দিতে হবে।

১০. মতপ্রকাশ ও গণমাধ্যমের স্বাধীনতার ওপর সরকারের হস্তক্ষেপ বন্ধ করতে হবে। সাংবাদিকসহ সমস্ত মানবাধিকার কর্মীর বিরুদ্ধে দায়ের করা সবগুলো মামলা প্রত্যাহার করতে হবে এবং তাঁদের ওপর হামলার ঘটনাগুলোর সুষ্ঠু তদন্ত সাপেক্ষে দোষী ব্যক্তিদের বিচারের সম্মুখীন করতে হবে। প্রিন্ট এবং ইলেকট্রনিকস মিডিয়ার ওপর সরকার কর্তৃক আরোপিত নিষেধাজ্ঞা প্রত্যাহার করতে হবে।

১১. বিশেষ ক্ষমতা আইন ১৯৭৪, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬, সন্ত্রাস দমন আইন ২০০৯ ও ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ সহ সমস্ত নির্বতনমূলক আইন অবিলম্বে বাতিল করতে হবে। এইসব আইনের অধীনে দায়ের করা মামলাগুলো তুলে নিতে হবে এবং গ্রেফতারকৃতদের মুক্তি দিতে হবে।

১২. শ্রমিকদের বেতন-ভাতা সময় মতো পরিশোধ করতে হবে। তৈরি পোশাক শিল্পকারখানাসহ সমস্ত কারখানায় ট্রেড ইউনিয়ন করার অধিকার নিশ্চিত করাসহ আইএলও কনভেশন অনুযায়ী শ্রমিকদের অধিকার বাস্তবায়ন করতে হবে। শিশুদেরকে ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত করা থেকে বিরত রাখতে হবে এবং সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুযায়ী সমস্ত শিল্প কারাখানায় যৌন হয়রানি প্রতিরোধ

কমিটি গঠন করতে হবে। যে সমস্ত নারী শ্রমিক তাঁদের শিশু সন্তান নিয়ে কারাখানাতে যান তাঁদের জন্য বিশেষ ব্যবস্থা করতে হবে।

১৩. অভিবাসী শ্রমিকদের বিশেষ করে নারী শ্রমিকদের সুরক্ষা দিতে হবে এবং মানবপাচারের সঙ্গে যুক্ত ব্যক্তিদের আইনের আওতায় আনতে হবে।

১৪. নারী ও শিশুদের প্রতি সহিংসতা বন্ধে দ্রুততার সঙ্গে অপরাধীদের বিচার করে শাস্তি দিতে হবে। ধর্ষণকারীসহ নারীদের ওপর সহিংসতাকারীদের বিষয়ে সালিশ করা বন্ধ করতে হবে এবং নারীর বিচার প্রাপ্তির জন্য পুলিশকে সঠিকভাবে তদন্ত করে অভিযুক্তদের গ্রেফতার করে বিচারের সম্মুখিন করতে হবে। নারী ও শিশু নির্যাতন দমন আইনের ১০ ধারা যৌন নির্যাতন এবং যৌন হয়রানীর বিষয়ে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের BNWLA and others vs Bangladesh এ দেয়া রায় অনুযায়ী সংশোধন করতে হবে।

১৫. সমাজের অন্যান্য নাগরিকদের তুলনায় যেসব নাগরিক তাঁদের ভাষা, জাতিগত, ধর্ম বিশ্বাস বা অন্য যে কোন কারণে সংখ্যালঘু, তাঁদের জানমালের সুরক্ষা দিতে হবে এবং তাঁদের পূর্ণ অধিকার নিশ্চিত করার জন্য রাষ্ট্র ও সরকারকে বিশেষ ব্যবস্থা নিতে হবে।

১৬. সীমান্তে বাংলাদেশী নাগরিকদের ভারতীয় বিএসএফ কর্তৃক হত্যা, নির্যাতনসহ সব ধরণের মানবাধিকার লঙ্ঘন বন্ধ করতে হবে এবং ভিকটিমদের ক্ষতিপূরণ দিতে হবে। ভারতকে দুই দেশের মধ্যে সীমান্ত সংক্রান্ত চুক্তি এবং সমঝোতা স্মারক মেনে চলতে হবে। বাংলাদেশের ওপর ভারতের আগ্রাসী আচরণ বন্ধ করতে হবে।

১৭. রোহিঙ্গা জনগোষ্ঠীর পূর্ণ রাজনৈতিক ও নাগরিক অধিকার প্রতিষ্ঠা করে তাঁদের প্রত্যাবাসনের ব্যবস্থা করতে হবে। রোহিঙ্গাদের ওপর গণহত্যার দায়ে অভিযুক্ত মিয়ানমার সেনাবাহিনী, চরমপন্থী বৌদ্ধসহ অন্যান্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ আদালতে চলমান বিচার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে তাদের শাস্তি নিশ্চিত করতে হবে।

১৮. মানবাধিকার সংগঠন ও মানবাধিকার কর্মীদের ওপর নিপীড়ন ও হয়রানি বন্ধ করতে হবে। *অধিকার* এর সেক্রেটারি এডভোকেট আদিলুর রহমান খান এবং পরিচালক এএসএম নাসির উদ্দিন এলান এর বিরুদ্ধে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬ (সংশোধিত ২০০৯) এ দায়ের করা মামলা প্রত্যাহার করতে হবে। *অধিকার* এর নিবন্ধন নবায়ন করতে হবে।